এবং বিবিধ পদার্থের পরস্পর তুলনা—এ সমস্ত মানসিক ব্যাপার হর্ষজনক, এবং এ ব্যাপারে ক্ষণিক সুখ বোধ ব্যতিরিক্ত মনও উন্নতি পাইয়া অধম ক্রিয়া হেয় করে, আর অন্তঃকরণের ভাব শুদ্ধ ও পরিষ্কার হয়, এবং রাগাদির অত্যাচার দমনার্থে বিবেক শক্তি তেজস্বিনী হয়।

দর্শন শাস্ত্রের মুল সূত্র অনেকের পক্ষে প্রথমতঃ বিরক্তি জনক বিষয়ের ন্যায় প্রতীত হয় ইহা সত্য বটে কেননা তাহা হৃদয়ঙ্গম করা নিতান্ত দুষ্কর না হইলেও সামান্য বিষয়াপেক্ষা যৎকিঞ্চিৎ অধিক বুদ্ধি চেষ্টার অপেক্ষা করে। দর্শন বিদ্যার অতি মহা২ শাখার প্রয়োগ অতি ব্যাপক হওয়াতেই তাহার অনুশীলন দুষ্কর এবং তন্নিমিত্তেই বোধ জন্মিলেও বহু আমোদ জন্মে না—কেননা এমত ব্যাপক লক্ষণে বিশেষ ব্যষ্টি প্রকরণের অভাব হেতুক কোন পদার্থের মানসিক প্রত্যক্ষ হয় না—আর আমিও এই সকল বিষয়ের আলোচনাতে মনের কল্পনা সহজ করণার্থে সম্প্রতি কোন সাবয়ব দৃষ্টান্তের উদ্দেশ করিব না, এস্থলে বাহ্যেন্দ্রিয়ের সাহায্য না লইয়া কেবল বিবেক শক্তিকেই সত্যের মীমাংসা করিতে অনুরোধ করিব কিন্তু এই কারণে বিবেচনা না করিয়া পূর্ব্বেই নিশ্চয় করিওনা যে দর্শন শাস্ত্রে নিষ্পন্ন সত্য যথার্থ অমূল্য ধন নহে—এ বিদ্যার মূল সূত্রের ব্যাখ্যা যদি ধৈর্য্য পূর্ব্বক অবধান কর আর যদি বিশ্বাস কর যে আমরা অনর্থক ও নিতান্ত নিষ্প্রয়োজন কথার উল্লেখ করিব না এবং যাহাতে কোন মহার্থক উপদেশ নাই এমত বচনেরও প্রস্তাব করিব না তবে ইহার মাহাত্ম্য শীঘ্র বুঝিয়া তাহা হৃদয়ঙ্গম করিতে আপনারাই যত্নশীল হইবা তখন দেখিতে পাইবা যে পদার্থ বিদ্যার অভিপ্রায় ও প্রয়োজন মাত্র বিবেচনাতে বিষয়ের যৎকিঞ্চিৎ উপদেশ বিস্তার হইয়া থাকে, পরে কোন২ অঙ্গের নির্দশন পরীক্ষা করিয়া সমস্ত বিষয় শিক্ষাতে

ly engaged in seeing what its end and purpose is ; you will be enabled to calculate for yourselves, how far it is worth the trouble of acquiring, by examining samples of it ; you will, as it were, taste a little, to try whether or not you relish it, and ought to seek after more ; you will enable yourselves to go on, and enlarge your stock of it ; and after having first mastered a very little, you will proceed so far as to look back with wonder at the distance you have reached beyond your earliest acquirements.

The Sciences may be divided into three great classes: those which relate to *Number and Quantity*—those which relate to *Matter*—and those which relate to *Mind.* The first are called the *Mathematics,* and teach the properties of numbers and of figures ; the second are called *Natural Philosophy*, and teach the properties of the various bodies which we are acquainted with by means of our senses ; the third are called *Intellectual* or *Moral Philosophy,* and teach the nature of the mind, of the existence of which we have the most perfect evidence in our own reflections ; or, in other words, they teach the moral nature of man, both as an individual and as a member of society. Connected with all the sciences, and subservient to them, though not one of their number, is *History*, or the record of facts relating to all kinds of knowledge.

Mathematical Science.—The two great branches of the *Mathematics*, or the two mathematical sciences, are *Arithmetic,* the science of number, from the Greek word signifying *number ;* and *Geometry*, the science of

পরিশ্রম করা কি পর্য্যন্ত সার্থক তাহা আপনারাই গণনা করিতে পারিবা—ইহার অল্পাংশের আস্বাদ পাইলে মিষ্টরস কিনা এবং আরো অধিকাংশ অনুসন্ধান কর্ত্তব্য কিনা তাহা পরীক্ষা করিতে পারিবা—এই রূপে উত্তরোত্তর ব্যুৎপন্ন হইয়া বিদ্যার রাশি বৃদ্ধি করিতে পারিবা এবং প্রথমতঃ যৎকিঞ্চিৎ অবগত হইয়া পরে এত দূর পর্য্যন্ত বোধগম্য করিতে পারিবা যে তখন তোমাদের আদ্য অবস্থার জ্ঞান মনে করিলে চমৎকার বোধ হইবে।

পদার্থ বিদ্যা তিন প্রধান শ্রেণীতে বিভক্ত হইতে পারে—প্রথমতঃ সংখ্যাও রাশি সম্বন্ধীয়, দ্বিতীয়তঃ পদার্থ সম্বন্ধীয়, তৃতীয়তঃ মানসিক ব্যাপার সম্বন্ধীয়—প্রথমোক্ত শ্রেণীর নাম ইংরাজিতে মাথেমেটিক্স কহে অর্থাৎ গণিত শাস্ত্র, ইহাতে অঙ্ক এবং ক্ষেত্রের গুণ শিখায়,—দ্বিতীয়ের নাম ইংরাজিতে ন্যাচুরল ফিলসফি অর্থাৎ স্বাভাবিক বস্তুতত্ত্ব, ইহাতে ইন্দ্রিয় গ্রাহ্য যাবতীয় বস্তুর গুণ শিখায়—তৃতীয়ের নাম মানসিক তত্ত্ব কিম্বা নীতি বিদ্যা, ইহাতে আপনাদের বিবেচনাতেই সম্পূর্ণ প্রমেয় যে মন তাহার স্বভাব প্রকাশ করে এবং আপনাদের ও সাধারণ সমাজের সম্বন্ধে মনুষ্যের ধর্ম্মাধর্ম্ম কি তাহা অবগত করায়, এই২ বিদ্যার সংযুক্ত আর এক উপকারিণী শাখা আছে—তাহা স্বতন্ত্ররূপে গণ্য নহে তাহার নাম পুরাবৃত্ত অর্থাৎ সকল প্রকার বিদ্যা সম্বন্ধীয় ঘটনার বিবরণ।

অথ মাথেমেটিক বিদ্যা।—মাথেমেটিক বিদ্যার দুই মহতী শাখা. উভয়ই পৃথক২ মাথেমেটিক বিদ্যা বাচ্য হইতে পারে, প্রথমতঃ গণিত অর্থাৎ অঙ্ক গণনা ইহাকে ইংরাজিতে আরিথ্-

figure, from the Greek words signifying *measure of the earth*,—land-measuring having first turned men's attention to it.

When we say that 2 and 2 make 4, we state an arithmetical proposition, very simple indeed, but connected with many others of a more difficult and complicated kind. Thus, it is another proposition, somewhat less simple, but still very obvious, that 5 multiplied by 10, and divided by 2 is equal to, or makes the same number with, 100 divided by 4—both results being equal to 25. So, to find how many farthings there are in 1000*l.*, and how many minutes in a year, are questions of arithmetic which we learn to work by being taught the principles of the science one after another, or, as they are commonly called, the *rules* of addition, subtraction, multiplication, and division. Arithmetic may be said to be the most simple, though among the most useful of the sciences; but it teaches only the properties of particular and known numbers, and it only enables us to add, subtract, multiply, and divide those numbers. But suppose we wish to add, subtract, multiply, or divide numbers which we have not yet ascertained, and in all respects to deal with them as if they were known, for the purpose of arriving at certain conclusions respecting them, and, among other things, of discovering what they are; or, suppose we would examine properties belonging to all numbers;

টিক কহে, দ্বিতীয়তঃ ক্ষেত্র তত্ত্ব অর্থাৎ ক্ষেত্রের পরিমাণাদি বিদ্যা. ইহাকে ইংরাজিতে জিওমেট্রি কহে দুই গ্রীক শব্দ হইতে ইহার উৎপত্তি বাক্যার্থ ভূমি পরিমাণ।

দ্বিসংখ্যক অঙ্কের যোগে চারি হয় এই সামান্য কথাতেও গণিতের উল্লেখ আছে এ কথা অতি সহজ বটে কিন্তু ইহার সহিত অনেক প্রকারে মিশ্রিত এবং কঠিন বহু বিধ কথার সংযোগ আছে—যথা পাঁচকে দশ গুণ করিয়া পরে দুই দিয়া হরণ করিলে এক শতকে চারি দ্বারা বিভাগের তুল্য ফল প্রাপ্তি হয় কেননা উভয় পক্ষেই লব্ধি ২৫, একথা পূর্ব্বাপেক্ষা কিঞ্চিৎ কঠিন তথাপি অতি স্পষ্ট। তদ্রূপ ১০০০ তঙ্কাতে কত পয়সা অথবা একবৎসরে কত পল ইহাও গণিতের প্রশ্ন। এ বিদ্যার মূল অর্থাৎ সঙ্কলন ব্যবকলন হরণ পূরণের দ্বারা ক্রমে২ শিখিলে আমরা এবম্বিধ প্রশ্ন সাধিতে পারি— পদার্থ বিদ্যার মধ্যে গণিত প্রকরণ অতি সহজ হইলেও ইহার প্রয়োজন অতি ব্যাপক। কিন্তু ইহাতে কেবল দৃষ্ট অর্থাৎ বিশেষ২ বিদিত অঙ্কের গুণ জানা যায় এবং ইহার দ্বারা আমরা ঐ অঙ্কের যোগ বিয়োগ হরণ পূরণ করিতে সক্ষম হই, পরন্তু অদৃশ্য অর্থাৎ অনিশ্চিত ও অবিদিত অঙ্কের যোগ বিয়োগাদি করিতে যদি চাহি এবং তদ্বিষয়ক কোন সিদ্ধির নিমিত্তে অর্থাৎ তাহাদের নিরূপণ ও নির্ণয়ার্থে যদি দৃষ্ট ও বিদিত অঙ্কের ন্যায় তাহাদের সমস্ত ব্যাপারে নিযুক্ত হইতে ইচ্ছা করি—অথবা যদি অঙ্ক মাত্রের সাধারণ গুণ পরীক্ষা করিতে চাহি—তবে এই২ কার্য্য গণিতের বিশেষ প্রকরণ দ্বারা সাধিতে হইবে, তাহার নাম ব্যাপক গণিত অর্থাৎ

this must be performed by a peculiar kind of arithmetic, called *Universal* arithmetic, or *Algebra**. The common arithmetic, you will presently perceive, carries the seeds of this most important science in its bosom. Thus, suppose we inquire what is the number which multiplied by 5 makes 10? This is found if we divide 10 by 5—it is 2: but suppose that, before finding this number 2, and before knowing what it is, we would add it, whatever it may turn out, to some other number; this can only be done by putting some mark, such as a letter of the alphabet, to stand for the unknown number, and adding that letter as if it were a known number. Thus, suppose we want to find two numbers which, added together, make 9, and multiplied by one another, make 20. There are many which, added together, make 9; as 1 and 8; 2 and 7; 3 and 6; and so on. We have, therefore, occasion to use the second condition, that multiplied by one another they should make 20, and to work upon this condition before we have discovered the particular numbers. We must, therefore, suppose the numbers to be found, and put letters for them, and, by reasoning upon those letters, according to both the two conditions of adding and multiplying, we find what they must each of them be in figures, in order to fulfil or answer the conditions. Algebra teaches the rules for conducting this

* Algebra, from the Arabic words signifying the *reduction of fractions*; the Arabs having brought the knowledge of it into Europe.

বীজ গণিত, ইংরাজিতে ইহাকে আল্‌জিব্রা* কহে। কিঞ্চিৎ বিবেচনা করিলে বোধগম্য হইবে যে সামান্য গণিতের মধ্যেই এই ব্যাপক বিদ্যার বীজ আছে—যথা যদি জিজ্ঞাসা করা যায় কোন্‌ অঙ্ককে পাঁচ দিয়া গুণ করিলে দশ হয়? তবে দশকে পাঁচ দিয়া হরণ করিলে ইহার উত্তর পাওয়া যায় বটে অর্থাৎ ২—কিন্তু এই অঙ্ক (দুই) পাইবার পূর্ব্বে এবং ইহার নির্দ্দেশ হইবার অগ্রে ইহাকে যাবৎ তাবৎ জ্ঞান করিয়া যদি অন্য কোন অঙ্কেতে যোগ করিতে হয় তবে এ কার্য্য সাধিবার জন্য কোন অক্ষর কিম্বা চিহ্নকে ঐ অদৃশ্য অঙ্কের প্রতিনিধি স্বরূপ লিখিয়া দৃষ্ট অঙ্কের ন্যায় যোগ করিতে হইবে—তাহার উদাহরণ শুন—পরস্পর যোগ করিলে ৯ হয় এবং গুণ করিলে ২০ হয় এমত অঙ্ক দ্বয় কি? এ প্রশ্নে পরস্পর যোগ করিলে ৯ হয় এমত অনেক অঙ্কদ্বয় আছে যথা ১ এবং ৮, ২ এবং ৭, ৩ এবং ৬ ইত্যাদি অতএব পরস্পর গুণ করিলে যে ২০ হয় প্রশ্নের এই দ্বিতীয় কোটি অবলম্বন করিতে হইবে এবং এই কোট্যনুসারে গণনা না করিলে ইষ্ট অর্থাৎ জিজ্ঞাসিত অঙ্কদ্বয় পাওয়া যাইবে না—তন্নিমিত্তে এই অঙ্ক-দ্বয়কে প্রাপ্ত বোধ করিয়া তাহার পরিবর্ত্তে কোন অক্ষর লিখিতে হইবেক এবং পরস্পর যোগ ও গুণ এই কোটিদ্বয়া-নুসারে ঐ অক্ষরদ্বয় লইয়া বিচার করিলে তাহারা কি২ অঙ্ক হইবে তাহা নিশ্চয় করা যায়, এই রূপ বিচার পূর্ব্বক ফল সাধনের বিহিত ধারা বীজ গণিতে ব্যক্ত হয়, এই বিদ্যাতে দৃষ্ট অঙ্কের সহিত অদৃশ্য অঙ্কের কোন প্রকার সম্বন্ধমাত্র

---

* আল্‌জিব্রা শব্দ আরবি ভাষা হইতে উৎপন্ন ইহার অর্থ ভিন্নাঙ্কের রূপান্তর—আরবি লোকেরা এ বিদ্যা ইউরোপে আনে।

reasoning, and obtaining this result successfully; and by means of it we are enabled to find out numbers which are unknown, and of which we only know that they stand in certain relations to known numbers, or to one another. The instance now taken is an easy one; and you could, by considering the question a little, answer it readily enough; that is, by trying different numbers, and seeing which suited the conditions; for you plainly see that 5 and 4 are the two numbers sought; but you see this by no certain or general rule applicable to all cases, and therefore you could never work more difficult questions in the same way; and even questions of a moderate degree of difficulty would take an endless number of trials or guesses to answer. Thus a shepherd sold his flock for 80*l.*; and if he had sold four sheep more for the same money, he would have received one pound less for each sheep. To find out from this, how many the flock consisted of, is a very easy question in algebra, but would require a vast many guesses, and a long time to hit upon by common arithmetic*: And questions infinitely more difficult can easily be solved by the rules of algebra. In like manner, by arithmetic you can tell the properties of particular numbers; as, for instance, that the number 348 is divided by 3 exactly, so as to leave nothing over: but algebra teaches us that it is only one of an infinite variety of numbers, all divisible by 3, and any one of which you can tell the moment you see it: for

* It is 16.

জানিয়াই অথবা কএক অদৃশ্য অঙ্কের পরস্পর সম্পর্ক বুঝিয়াই গণনা দ্বারা তাহাদের নির্ধারণ করা যায়। উপরি ভাগে যে উদাহরণ উদ্দিস্ট হইয়াছে তাহা সহজ—কিঞ্চিৎ বিবেচনা করিলে এ প্রশ্নের সাধন অনায়াসে হইবে, কতিপয় অঙ্ক লইয়া প্রশ্নের কোটিদ্বয়ানুসারে পরীক্ষা করিলে অভীষ্ট অঙ্ক শীঘ্র জানা যাইবে অর্থাৎ এ স্থলে জিজ্ঞাসিত ৫ এবং ৪ অক্লেশে বোধ গম্য হইবে—কিন্তু এ জ্ঞান সামান্য এবং নিশ্চিত ও সর্ব্বত্র ব্যাপক সূত্রাধীন না হওয়াতে কোন কঠিনতর প্রশ্ন হইলে এ প্রকারে সাধা যায় না অত্যন্ত কঠিন প্রশ্ন না হইলেও অনুভব ও আশঙ্কা দ্বারা একে২ পরীক্ষা করিয়া উত্তর দিলে অসংখ্য পরীক্ষা ও কল্পনা করিতে হইবে তাহার এক উদাহরণ এই— কোন রাখাল এক পাল মেষ ৮০০ টাকায় বিক্রয় করিল যদি ঐ টাকায় আর চারিটা মেষ অধিক দিত তবে একে২ মেষের মূল্য ১০ টাকা করিয়া ন্যূন হইত ইহাতে তাহার পালের মেষ সংখ্যা কত*? বীজ গণিতে এ প্রশ্ন অতি সহজ কিন্তু সামান্য গণিতদ্বারা সাধিতে হইলে ইহার যথার্থ উত্তরের জন্য অনেকানেক কল্পনা ও পরীক্ষা করিতে হইবে যাহাতে অনেক কাল ব্যয়ের আবশ্যক পরন্তু বীজ গণিতে এতদপেক্ষা অসংখ্য প্রকারে কঠিনতর প্রশ্নও সহজে প্রতিপাদ্য হয়। সামান্য গণিত দ্বারা কোন২ বিশেষ অঙ্কের কার্য্য করা যায় বটে যথা ৩৪৮ ৩ দিয়া হৃত হইলে লব্ধি শুদ্ধ হয় কিছু অবশিষ্ট থাকে না কিন্তু বীজ গণিতে অবগতি হইবে যে ৩৪৮ ন্যায় অসংখ্য প্রকার অঙ্ক আছে সকলেই ৩ দ্বারা হৃত হইলে অবশিষ্ট কিছু থাকে না আর দর্শন মাত্রে সে প্রকার অঙ্কের পরিচয় হয় কেননা তাহার এক বিচিত্র লক্ষণ এই যে যে২ অক্ষরের পাতে

---

* উত্তর ১৬

they all have the remarkable property, that if you add together the figures they consist of, the sum total is divisible by 3. You can easily perceive this in any one case, as in the number mentioned, for 3 added to 4 and that to 8 make 15, which is plainly divisible by 3; and if you divide 348 by 3, you find the quotient to be 116, with nothing over. But this does not at all prove that any other number, the sum of whose figures is divisible by 3, will itself also be found divisible by 3, as 741; for you must actually perform the division here, and in every other case, before you can know that it leaves nothing over. Algebra, on the contrary, both enables you to discover such general properties, and to prove them in all their generality.

By means of this science, and its various applications, the most extraordinary calculations may be performed. We shall give, as an example, the method of *Logarithms*, which proceeds upon this principle. Take a set of numbers going on by equal differences; that is to say, the third being as much greater than the second, as the second is greater than the first, and the common difference being the number you begin with; thus, 1, 2, 3, 4, 5, 6, and so on, in which the common difference is 1: then take another set of numbers, such that each is equal to twice or three times the one before it, or any number of times the one before it, but the common multiplier being the number you begin with: thus, 2, 4, 8, 16, 32, 64, 128; write this second set of numbers under the first,

সে অঙ্ক লিখিত হয় তাহা একত্র যোগ করিলে ৩ দ্বারা নিরবশেষে ভাগ হইতে পারে. উদাহরণ দেখিলে এ লক্ষণ সহজে বোধগম্য হইবে যথা পূর্ব্বোক্ত ৩৪৮ ইহার তিন অক্ষর একত্র করিলে ৩, ৪, এবং ৮ যোগে ১৫ হয় ইহা ৩ দ্বারা শুদ্ধ রূপে ভাজ্য স্পষ্ট দেখা যাইতেছে এবং ৩৪৮ সংখ্যাও ৩ দ্বারা ভক্ত হইলে লব্ধি ১১৬, অবশিষ্ট কিছু থাকিবে না, কিন্তু কোন২ বিশেষ উদাহরণে উক্ত লক্ষণের সঙ্গতি দেখিয়া তাহাতেই সামান্য রূপে নির্ণয় করা যায় না যে যে২ অক্ষরের পাতে কোন সংখ্যা হয় তাহারা একত্র যোগে যদি ৩ দ্বারা নিরবশেষে ভাজ্য হয় তবে সে সংখ্যাও ৭৪১ ন্যায় ৩ দ্বারা শুদ্ধ ভাজ্য হইবে, কেননা ভাগ হার না করিলে নিশ্চয় হইতে পারেনা যে অবশিষ্ট কিছু নাই, কিন্তু বীজ গণিতের রীতি দ্বারা সাধন করিলে এই ২ সামান্য গুণ সপ্রমাণ উপপন্ন হইতে পারে।

এই বিদ্যার নানা প্রকার প্রয়োগ দ্বারা অতি আশ্চর্য্য২ গণনা হইতে পারে, লগারিথম নামক এক চমৎকার গণনা এই বিদ্যার সূত্রেতে সাধ্য হয়, তাহার উদাহরণ উল্লেখ করি—কএক সমানান্তর অঙ্ক শ্রেণী বদ্ধ করিয়া লিখ, অর্থাৎ কএক অঙ্ককে এমত করিয়া শ্রেণীবদ্ধ কর যে দ্বিতীয় অঙ্ক প্রথম হইতে যতোধিক অতিরিক্ত তৃতীয়ও যেন দ্বিতীয় হইতে ততোধিক অতিরিক্ত হয়—আর ইহাদের সামান্য অন্তর অর্থাৎ যে সংখ্যানুসারে প্রথম হইতে দ্বিতীয় ও দ্বিতীয় হইতে তৃতীয় অতিরিক্ত হইবে সেই সংখ্যক অঙ্ককে আদ্য অঙ্ক কর, যথা ১, ২, ৩, ৪, ৫, ৬, ইত্যাদি, ইহাদের সামান্য অন্তর ১। পরে আর কএক অঙ্কের এমত এক শ্রেণী ক্রমশঃ লিখ যে প্রত্যেক অঙ্ক যেন তাহার অব্যবহিত পূর্ব্ব অঙ্কের দ্বিগুণ অথবা ত্রিগুণ অথবা অন্য কোন সংখ্যক গুণ হয় আর এই সামান্য গুণকের সংখ্যা যেন আদ্য অঙ্ক হয় যথা ২, ৪, ৮, ১৬, ৩২, ৬৪, ১২৮

or side by side, so that the numbers shall stand opposite to one another, thus,

1	2	3	4	5	6	7
2	4	8	16	32	64	128

you will find, that if you add together any two of the upper or first set, and go to the number opposite their sum, in the lower or second set, you will have in this last set the number arising from multiplying together the numbers of the lower set corresponding or opposite to the numbers added together. Thus, add 2 to 4, you have 6 in the upper set, opposite to which in the lower set is 64, and multiplying the numbers 4 and 16 opposite to 2 and 4, the product is 64. In like manner, if you subtract one of the upper numbers from another, and opposite to their difference in the upper line, you look to the lower number, it is the quotient found from dividing one of the lower numbers by the other opposite the subtracted ones. Thus, take 4 from 6 and 2 remains, opposite to which you have in the lower line 4; and if you divide 64, the number opposite to 6, by 16, the number opposite to 4, the quotient is 4. The upper set, are called the *logarithms* of the lower set, which are called *natural numbers;* and tables may, with a little trouble, be constructed, giving the logarithms of all numbers from 1 to 10,000 and more: so that, instead of multiplying or dividing one number by another, you have only to add or subtract their logarithms, and then you at once find the product or the

ইত্যাদি। এই দ্বিতীয়োক্ত শ্রেণী প্রথমোক্তের নীচে অথবা পার্শ্বে লিখ যেন শ্রেণী মধ্যস্থ অঙ্ক সমূহ প্রত্যেকে পরস্পর সম্মুখস্থ হয় যথা

১	২	৩	৪	৫	৬	৭
২	৪	৮	১৬	৩২	৬৪	১২৮

এক্ষণে যদি উপরিস্থ অর্থাৎ প্রথম শ্রেণীর কোন দুই অঙ্ককে একত্র যোগ কর অর্থাৎ ঠিক দেও আর এই ঠিক দিয়া যত পাও সেই অঙ্কের তলে যে অঙ্ক আছে তাহাতে যদি নিরীক্ষণ কর তবে দেখিবা যে প্রথম শ্রেণীর যে দুই অঙ্ক ঠিক দিয়াছ তাহাদের তলস্থ দ্বিতীয় শ্রেণীর দুই অঙ্ককে পরস্পর গুণ করিলে ঐ নিরীক্ষিত অঙ্ক ফল পাইবা—যথা প্রথম শ্রেণীর মধ্যে যদি ২ এবং ৪ একত্র ঠিক দেও তবে ৬ পাইবা এই অঙ্কের তলে অথবা সম্মুখে দ্বিতীয় শ্রেণীতে ৬৪ আছে আর যে দুই অঙ্ক ঠিক দিলা (অর্থাৎ ২ এবং ৪) তাহাদের তলস্থ অথবা সম্মুখস্থ দ্বিতীয় শ্রেণীর অঙ্ক দ্বয় ৪ এবং ১৬ দেখিবা, এই দুই অঙ্ককে পরস্পর গুণ করিলে ৬৪ ফল পাইবা। তদ্রূপ যদি প্রথম শ্রেণীর কোন অঙ্ক অন্য অঙ্ক হইতে ব্যবকলন কর অর্থাৎ বাকি কাট এবং তাহাতে অবশিষ্ট যাহা পাইবা তাহার তলস্থ বা সম্মুখস্থ দ্বিতীয় শ্রেণীর অঙ্কে যদি দৃষ্টি কর তবে দেখিবা যে বাকি কাটিবার উক্ত দুই অঙ্কের তলস্থ অঙ্ক দ্বয়ের একটিকে অন্য দ্বারা ভাগ করিলে ঐ দ্বিতীয় শ্রেণীর দৃষ্ট অঙ্ক লব্ধি হয় যথা, যদি ৬ হইতে ৪ বাকি কাট তবে অবশিষ্ট ২ থাকিবে ইহার তলে দ্বিতীয় শ্রেণীতে ৪ দেখিবা অতএব ৬ সম্মুখস্থ অঙ্ক অর্থাৎ ৬৪ ইহাকে যদি ৪ সম্মুখস্থ অঙ্ক অর্থাৎ ১৬ দ্বারা ভাগ কর তবে ৪ লব্ধি পাইবা, এই প্রকারে প্রথম শ্রেণীস্থ অঙ্ককে দ্বিতীয় শ্রেণীস্থ অঙ্কের লগারিথম বলা যায় এবং দ্বিতীয় শ্রেণীকে স্বাভাবিক অঙ্ক কহা যায়। আর কিঞ্চিৎ পরিশ্রম করিলে ১ অবধি ১০০০০ অথবা তাহার অধিক পর্য্যন্ত সকল অঙ্কের লগারিথম এই রূপে গণনা করিয়া শ্রেণী বন্ধন পূর্ব্বক লেখা যাইতে পারে অতএব যখন কোন২ অঙ্কের

quotient in the tables. These are made applicable to numbers far higher than any actually in them, by a very simple process; so that you may at once perceive the prodigious saving of time and labour which is thus made. If you had, for instance, to multiply 7,543,283 by itself, and that product again by the original number, you would have to multiply a number of 7 places of figures by an equally large number, and then a number of 14 places of figures by one of 7 places till at last you had a product of 21 places of figures—a very tedious operation; but, working by logarithms, you would only have to take three times the logarithm of the original number, and that gives the logarithm of the last product of 21 places of figures, without any further multiplication. So much for the time and trouble saved, which is still greater in questions of division; but by means of logarithms many questions can be worked, and of the most important kind, which no time or labour would otherwise enable us to resolve.

Geometry teaches the properties of figure, or particular portions of space, and distances of points from each other. Thus, when you see a triangle, or three-sided figure, one of whose sides is perpendicular to another side, you find, by means of geometrical reasoning respecting this kind of triangle, that if squares be drawn on its three sides, the large square upon the slanting side, opposite the two perpendiculars, is exactly equal to the two smaller squares upon the perpendiculars, taken together; and this is absolutely

হরণ পূরণ করিতে হয় তখন বহু পরিশ্রম পূর্ব্বক তাহা না করিয়া যদি ঐ শ্রেণীতে তাহাদের লগারিথম দৃষ্টি করিয়া ঠিক দেও কিম্বা বাকি কাট তবে তাহাদের যোগ বিয়োগে যাহা পাও তাহার সম্মুখস্থ পংক্তি দৃষ্টি করিলে একেবারে উদ্দিষ্ট ফল বা লব্ধি পাইবা—ঐ প্রকার শ্রেণীতে যে২ অঙ্ক আছে তাহার অত্যূর্দ্ধ সংখ্যা পর্য্যন্তেও সহজে এ সঙ্কেতের প্রয়োগ হইতে পারে—অতএব ইহাতে কিপর্য্যন্ত পরিশ্রম ও কাল ব্যয়ের লাঘব হয় তাহা বিবেচনা করিলেই বুঝিবা—তাহার সাক্ষি দেখ যদি ৭৫৪৩২৮৩ এমত এক অঙ্ককে ইহার আপনার দ্বারা গুণ করিতে হয় এবং প্রাপ্ত ফলকেও ঐ আদ্য অঙ্ক দ্বারা পুনশ্চ যদি গুণ করিতে হয় তবে প্রথমতঃ ৭অক্ষরের এক অঙ্ককে তৎস্বরূপ অঙ্কদ্বারা গুণ করিতে হইবে পরে ইহার ফলকে অর্থাৎ ১৪ অক্ষরের এক অঙ্ককে পুনশ্চ ৭ অক্ষরের এক অঙ্কদ্বারা গুণ করিতে হইবে অবশেষে ২১ অক্ষরের এক অঙ্ক ফল পাইবা—এই রূপ গুণ কর্ম্মেতে কেমত ক্লেশ ও পরিশ্রম তাহা বিবেচনা করিয়া দেখ—কিন্তু লগারিথম নামক গণনা দ্বারা প্রথম অঙ্কের লগারিথম লইয়া তিন গুণ করিলে ঐ ২১ অক্ষর যুক্ত ফলের লগারিথম একেবারে পাইবা তাহাতে আর গুণ করিতে হইবে না—দেখ ইহাতে কত পরিশ্রম ও কাল ব্যয় হইতে রক্ষা পাইবা—ভাগহারে এই রক্ষা আরো অধিক জানিবা।—লগারিথম দ্বারা এতদ্ব্যতীত আরো অনেক গুরুতর প্রশ্ন সাধা যায় তাহা অন্য কোন প্রকারে বহু পরিশ্রম ও কালক্ষেপ করিলেও কখনও সাধ্য হয় না।

গণিত শাস্ত্রের আর এক শাখার নাম ক্ষেত্রতত্ত্ব ইহাতে ক্ষেত্রের অর্থাৎ দিগ্‌দেশীয় রাশির নানা গুণ ও ধর্ম্ম জানা যায় এবং এক বিন্দুর অন্য বিন্দু হইতে যে দূরতা তাহাও নির্ণয় হয় যথা যদি এমত এক ত্রিভুজ অর্থাৎ ত্রিকোণ ক্ষেত্র দেখ যাহার কোন দুই বাহু পরস্পর ঠিক লম্বভাবে থাকে তবে এ প্রকার ত্রিভুজ সম্বন্ধীয় ক্ষেত্র ব্যবহারে নির্ণয় করিতে পারিবা

true, whatever be the size of the triangle, or the proportions of its sides to each other. Therefore, you can always find the length of any one of the three sides by knowing the lengths of the other two. Suppose one perpendicular side to be 3 feet long, the other 4, and you want to know the length of the third side opposite to the perpendicular; you have only to find a number such, that if, multiplied by itself, it shall be equal to 3 times 3, together with 4 times 4, that is 25*. (This number is 5.)

Now only observe the great advantage of knowing this property of the triangle, or of perpendicular lines. If you want to measure a line passing over ground which you cannot reach—to know, for instance, the length of one side covered with water of a field, or the distance of one point on a lake or bay from another point on the opposite side—you can easily find it by measuring two lines perpendicular to one another on the dry land, and running through the two points; for the line wished to be measured, and which runs through the water, is the third side of a perpendicular-sided triangle, the other two sides of which are ascertained. But there are other properties of triangles,

* It is a property of numbers, that every number whatever, whose last place is either 5 or 0, is, when multiplied into itself, equal to two others which are square numbers, and divisible by 3 and 4 respectively:—thus, $45 \times 45 = 2025 = 729 + 1296$, the squares of 27 and 36; and $60 \times 60 = 3600 = 1296 + 2304$, the squares of 36 and 48.

যে যদি তাহার তিন বাহুর উপর সম চতুর্ভুজ আঁকা যায় তবে লম্ব দ্বয়ের উপরিস্থ ক্ষুদ্র সমচতুর্ভুজ দ্বয় একত্র যোগ করিলে সম্মুখ-বর্ত্তি কর্ণস্বরূপ বাহুর উপরিস্থ বৃহৎ সম চতুর্ভুজের তুল্য হইবে এবং ঐ ত্রিভুজ যত বৃহৎ হউক এবং ইহার বাহুত্রয়ের মধ্যে যে প্রকার তারতম্য থাকুক ঐ রূপ তুল্যতায় কখন ব্যাঘাত হইবে না অতএব এবম্ভূত ত্রিভুজের দুই বাহুর দীর্ঘতা জানিলে অবশিষ্ট বাহুর দীর্ঘতা সহজে নির্ণয় হইতে পারে, যদিস্যাৎ এক লম্ব ৩ হাত অন্য লম্ব ৪ হাত দীর্ঘ হয় তবে তাহার সম্মুখস্থ তৃতীয় বাহুর দীর্ঘতা জানিতে হইলে কেবল এমত এক অঙ্ক স্থির করিতে হইবে যাহা আপনারদ্বারা গুণ হইলে তিন ত্রিত্বে ৯ ও চতুশ্চতুর্গুণে ১৬ এ উভয়ের যোগ তুল্য হইবে—অর্থাৎ কেবল এমত এক অঙ্ক অভীষ্ট যাহাকে আপনাআপনি গুণ করিলে ২৫* হইবে. (ঐ অঙ্ক ৫)।

ত্রিভুজের কিম্বা লম্ব রেখার এই গুণ জানাতেই কেমত উপকার তাহা বিবেচনা কর, যদি অগম্য ক্ষেত্রের উপর কল্পিত কোন রেখার পরিমাণ জানিতে চাহ—অর্থাৎ যদি কোন ক্ষেত্রের এক পার্শ্ব জলেতে মগ্ন হইলে তাহার দৈর্ঘ্য জানিতে বাঞ্ছা কর কিম্বা কোন হ্রদের এক কূলস্থ বিন্দু হইতে অপর কূলস্থ কোন বিন্দুর দূরতা জানিতে স্পৃহা কর তবে পরস্পর লম্বভাবে থাকে এমত দুই রেখা ঐ বিন্দুদ্বয়ের মধ্য দিয়া শুষ্ক ভূমির উপর টানিয়া পরিমাণ করিলে জানিতে পারিবা কেননা যে রেখার

* অঙ্কের আর এক গুণ এই যে যত সংখ্যক অঙ্ক হউক শেষাক্ষর যদি ৫ কিম্বা ০ হয় তবে আপনার দ্বারা গুণ হইলে দুই বর্গাঙ্কের যোগতুল্য হয় এবং সে বর্গদ্বয় ক্রমশঃ ৩ এবং ৪ দ্বারা ভাজ্য যথা ৪৫×৪৫=২০২৫=৭২৯+১২৯৬ ইহারা ২৭ এবং ৩৬ বর্গ। পুনশ্চ ৬০×৬০=৩৬০০=১২৯৬+২৩০৪ ইহারা ৩৬ এবং ৪৮ বর্গ।

which enable us to know the length of two sides of any triangle, whether it has perpendicular sides or not, by measuring one side, and also measuring the inclinations of the other two sides to this side, or what is called the two *angles* made by those sides with the measured side. Therefore you can easily find the perpendicular line drawn, or supposed to be drawn, from the top of a mountain through it to the bottom, that is the height of the mountain; for you can measure a line on level ground, and also the inclination of two lines, supposing them drawn in the air, and reaching from the two ends of the measured line to the mountain's top; and having thus found the length of the one of those lines next the mountain, and its inclination to the ground, you can at once find the perpendicular, though you cannot possibly get near it. In the same way, by measuring lines and angles on the ground, and near, you can find the length of lines at a great distance, and which you cannot approach: for instance, the length and breadth of a field on the opposite side of a lake or sea: the distance of two islands, or the space between the tops of two mountains.

Again, there are *curve-lined* figures as well as straight, and geometry teaches the properties of these also. The best known of all the curves is the *circle*, or a figure made by drawing a string round one end which is fixed, and marking where its other end traces, so that every part of the circle is equally distant from the fixed point or centre. From this fundamental property, an infinite variety of others follow by steps

পরিমাণ অভীষ্ট তাহা এই রূপে এক জাত্য অর্থাৎ সমকোণি ত্রিভুজের কর্ণ হইবে সুতরাং দুই বাহু অর্থাৎ ভুজকোটি নিশ্চয় হইলে তৃতীয় বাহু সহজে নিশ্চয় হইবে। অধিকন্তু ত্রিভুজ ক্ষেত্রের অন্যান্য গুণ আছে যদ্দ্বারা জাত্য না হইলেও এক বাহুর দৈর্ঘ্য নিশ্চয় করিয়া এবং তাঁহার সহিত অন্য বাহুদ্বয়ের সংযোগে উৎপন্ন কোণ দ্বয়ের পরিমাণ স্থির করিয়া ঐ বাহু দ্বয়ের পরিমাণ গণনা করা যায়, এই প্রকারে কোন পর্ব্বতের শিখর হইতে তল পর্য্যন্ত লম্ব কল্পনা করিলে তাহার পরিমাণ অর্থাৎ ঐ পর্ব্বতের উন্নতি নির্ণয় করা যায় কেননা পর্ব্বতের নিকটে কিম্বা দূরে সরল ভূমির উপর স্বেচ্ছানুসারে এক রেখা নির্দ্দেশ করিয়া তাহার পরিমাণ করিতে পার এবং এই রেখার প্রান্ত বিন্দুদ্বয় হইতে শূন্য দিয়া পর্ব্বতের শিখর পর্য্যন্ত দুই রেখা কল্পনা করিলে যে কোণ দ্বয় উৎপন্ন হইবে তাহারও পরিমাণ যন্ত্র দ্বারা নির্ণয় হইতে পারে—তাহাতে ঐ কল্পিত রেখা দ্বয়ের মধ্যে পর্ব্বতের নিকটতর রেখার পরিমাণ প্রথমতঃ নিশ্চিত হইলে এবং ভূমির উপর তৎসংযোগোৎপন্ন কোণের নির্ণয় হইলে পরে পর্ব্বতের শিখর হইতে তল পর্য্যন্ত লম্বের দৈর্ঘ্য স্থির হইবে এবং পর্ব্বত অগম্য হইলেও এই রূপে তাহার উন্নতি গণনা হইতে পারে। এই প্রকারে ভূমির উপর দৃষ্ট রেখা ও কোণের পরিমাণ করিয়া দূরস্থ অদৃষ্ট এবং অগম্য রেখার পরিমাণ গণনা করা যায়, তাহার উদাহরণ—হ্রদের কিম্বা সমুদ্রের পারস্থ ক্ষেত্রের দৈর্ঘ্য ও বিস্তার এবং দুই উপ-দ্বীপের পরস্পর দূরতা অথবা দুই পর্ব্বত শিখরের মধ্যস্থ ভূমি পরিমাণ সকলি এই রূপে জানা যায়।

অপিচ যাদৃশ সরল রেখার লক্ষণ আছে তাদৃশ কুটিল রেখারও সূত্র আছে এবং ক্ষেত্র বিদ্যাতে ইহার গুণও প্রকাশ করে। বক্রাকৃতি রেখার মধ্যে বৃত্ত সর্ব্বতোভাবে প্রসিদ্ধ, সূত্র লইয়া একাগ্র স্থির রাখিয়া অন্য অগ্র ঘুরাইলে চিহ্নিত স্থলে বৃত্ত রেখা জন্মে এবং এই রেখার সর্ব্বাংশ ঐ স্থির অর্থাৎ মধ্য বিন্দু হইতে সমদূর। বৃত্তের এই মূল লক্ষণ হইতে নানা

of reasoning more or less numerous, but all necessarily arising one out of another. To give an instance; it is proved by geometrical reasoning, that if from the two ends of any diameter of the circle you draw two lines to meet in any one point of the circle whatever, these lines are perpendicular to each other.

Another property, and a most useful one, is, that the sizes, or areas, of all circles whatever, from the greatest to the smallest, from the sun to a watch-dial-plate, are in exact proportion to the squares of their instances from the centre—that is, the squares of the strings they are drawn with; so that if you draw a circle with a string 5 feet long, and another with a string 10 feet long, the large circle is four times the size of the small one, as far as the space or area inclosed is concerned; the square of 10 or 100 being four times the square of 5 or 25. But it is also true, that the lengths of the circumferences themselves, the number of feet over which the ends of the strings move, are in proportion to the lengths of the strings; so that the curve of the larger circle is only twice the length of the curve of the lesser.

But the circle is only one of an infinite variety of curves, all having a regular formation and fixed properties. The *oval* or *ellipse* is, perhaps, next to the circle, the most familiar to us, although we more frequently see another curve, the line formed by the motion of bodies thrown forward. When you drop a stone, or throw it straight up, it goes in a straight line; when you throw it forward, it goes in a curve

প্রকার ন্যায় দ্বারা অসংখ্য গুণ সিদ্ধ হয় সে সমস্ত গুণ পরস্পর হেতু সাধ্য ভাবে থাকে, তাহার এক উদাহরণ শুন—যদি কোন বৃত্তের অন্তরে ব্যাসের দুই প্রান্ত দিয়া দুই রেখা পরিধির কোন বিন্দুতে সংলগ্ন করা যায় তবে সে দুই রেখা পরস্পর লম্বভাবে থাকিবে ইহা ক্ষেত্র বিদ্যার ন্যায়েতে সিদ্ধ হইয়াছে।

বৃত্তের আর এক ধর্ম্ম এই যে অতি বৃহৎ হউক কিম্বা অতি ক্ষুদ্র হউক প্রকাণ্ড সূর্য্য মণ্ডল স্বরূপ হউক কিম্বা এক সামান্য ঘটিকা চক্র স্বরূপ হউক পরস্পর তুলনা করিতে হইলে আপন২ ব্যাসার্দ্ধের বর্গানুসারে অন্তরস্থ ক্ষেত্র ফলের নিষ্পত্তি হইবে অর্থাৎ যে২ সূত্র ঘুরাইয়া বৃত্ত অঙ্কিত হইয়াছে তত্তৎ বর্গের নিষ্পত্তির ন্যায় অন্তর ক্ষেত্রফলের নিষ্পত্তি জানিবা। অতএব যদি একটা বৃত্ত ৫ ফুট সূত্র দিয়া আর একটা ১০ ফুট দিয়া আঁকা যায় তবে বৃহৎ বৃত্তের ক্ষেত্র ফল ক্ষুদ্রের চারি গুণ অধিক হইবে কেননা দশের বর্গ ১০০ পঞ্চের বর্গ ২৫ হইতে চারি গুণ অতিরিক্ত কিন্তু দুই বৃত্তের পরিধি কেবল সূত্রানুসারে পরস্পর নিষ্পন্ন হইবে অতএব এস্থলে বৃহৎ বৃত্তের পরিধি ক্ষুদ্র বৃত্তের দ্বিগুণ হইবে কেননা ১০ ফুট সূত্র ৫ ফুট সূত্রের দ্বিগুণ।

বৃত্তের ন্যায় অন্যান্য অনেক বক্র রেখা আছে তাহাদেরও লক্ষণ আকৃতি এবং গুণ নিয়মিত হইয়াছে। বৃত্তাভাস অর্থাৎ অণ্ডাকৃতি রেখা বৃত্তের পর সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধ কিন্তু আমরা মুহুর্মুহুঃ আর এক বক্র রেখা দেখিয়া থাকি তাহা নিক্ষিপ্ত বস্তুর গতি দ্বারা উৎপন্ন হয়,—যদি কোন প্রস্তর হাত হইতে অবক্ষিপ্ত কিম্বা ঊর্দ্ধে ঋজুভাবে উৎক্ষিপ্ত হয় তবে সরল রেখার

line till it reaches the ground; as you may see by the figure in which water runs when forced out of a pump, or from a fire-pipe, or from the spout of a kettle or tea-pot. The line it moves in is called a *parabola;* every point of which bears a certain fixed relation to a certain point within it, as the circle does to its centre. Geometry teaches various properties of this curve: for example, if the direction in which the stone is thrown, or the bullet fired, or the water spouted, be half the perpendicular to the ground, that is, half way between being level with the ground and being upright, the curve will come to the ground at a greater distance than if any other direction whatever were given, with the same force. So that to make the gun carry farthest, or the fire-pipe play to the greatest distance, they must be pointed, not, as you might suppose, level or point blank, but about half way between that direction and the perpendicular. If the air did not resist, and so somewhat disturb the calculation, the direction to give the longest range ought to be exactly half perpendicular,

The *oval* or *ellipse,* is drawn by taking a string of any certain length, and fixing, not one end as in drawing the circle, but both ends to different points, and then carrying a point round inside the string, always keeping it stretched as far as possible. It is plain, that this figure is as regularly drawn as the circle, though it is very different from it; and you perceive that every point of its curve must be so placed, that the straight lines, drawn from it to the two points where the string

ন্যায় গমন করে কিন্তু যদি সম্মুখে নিক্ষিপ্ত হয় তবে বক্র রেখার স্বরূপ যাইয়া পরে ভূমিতে পড়ে, তাহার উদাহরণ— কোন পিচ্‌কিরি কিম্বা দমকল অথবা গাড়ুর মুখ হইতে জল যে রূপে নিক্ষিপ্ত হয় তাহা এই রেখার আকৃতি, এ রেখার নাম পেরাবেলা অর্থাৎ ক্ষেপণীরেখা, বৃত্তের যেমত কেন্দ্রের সহিত সম্বন্ধ তদ্রূপ এ রেখার সর্ব্বাংশে অন্তরস্থ এক বিন্দুর সহিত বিশেষ সম্বন্ধ আছে, ক্ষেত্র বিদ্যাতে এ রেখার অনেক গুণ জানা যায়। তাহার দৃষ্টান্ত। ভূমির উপর অর্দ্ধ লম্ব ভাবে অর্থাৎ সরল এবং ঊর্দ্ধ লম্ব ইহাদের মধ্যস্থল দিয়া কোন প্রস্তর অথবা গুলি কিম্বা জল প্রক্ষেপ করিলে সর্ব্বতোভাবে অধিক দূরে পড়িবে ইহা ক্ষেত্র বিদ্যাতে জানা যায়, অন্য কোন দিকে ইহার তুল্য শক্তিতে নিক্ষেপ করিলে তাদৃক্ দূরে যাইবে না অতএব তোপের গুলি কিম্বা দমকলের জল অতি দূরে নিক্ষেপ করিতে হইলে সাধারণ লোকের অনুভবানুসারে ঠিক সমান ভাবে লক্ষ্য করিয়া ত্যাগ করিতে হয় না কিন্তু সরল ভূমি ও ঊর্দ্ধ লম্ব ইহাদের মধ্যস্থল দিয়া নিক্ষেপ করিতে হয় বায়ুর ব্যাঘাতে গণনার ব্যভিচার না জন্মিলে ঠিক মধ্য দিক দিয়া নিক্ষেপ করিলে সর্ব্বতোভাবে অধিক দূরে যাইবে।

বৃত্তাভাস অর্থাৎ অণ্ডাকৃতি রেখা টানিবার ধারা এই, এক সূত্র লইয়া বৃত্ত অঙ্কনের ন্যায় কেবল একাগ্র স্থির না করিয়া উভয় প্রান্ত দুই বিন্দুতে স্থির কর, পরে সূত্রের মধ্যে এক লেখনী দিয়া টান্ রাখিয়া রেখার অঙ্ক কর, তাহাতে যে আকৃতি উৎপন্ন হইবে সেই বৃত্তাভাস এবং তাহা বৃত্তের ন্যায় নিয়মানু- সারে অঙ্কিত হয় কিন্তু বৃত্তের সহিত ইহার অনেক বৈলক্ষণ্য আছে। বিবেচনা করিয়া দেখ এ রেখার সর্ব্বাংশ এমত প্রকারে স্থাপিত যে তাহার যেখান হইতে সূত্রের দুই অগ্রস্থ বিন্দু দ্বয় পর্য্যন্ত যত সরল রেখাদ্বয় টানিবা সে সকলের যোগ

was fixed, are, when added together, always the same; for they make together the length of the string.

Among various properties belonging to this curve, in relation to the straight lines drawn within it, is one which gives rise to the construction of the *trammels*, or elliptic compasses, used for making figures and ornaments of this form; and also to the construction of lathes for turning oval frames, and the like.

If you wish at once to see these three curves, take a pointed sugar-loaf, and cut it any where clean through in a direction parallel to its base or bottom; the outline or edge of the loaf where it is cut will be a *circle*. If the cut is made so as to slant, and not be parallel to the base of the loaf, the outline is an *ellipse*, provided that the cut goes quite through the sides of the loaf all round, or is in such a direction that it would pass through the sides of the loaf were they extended; but if it goes slanting and parallel to the line of the loaf's side, the outline is a *parabola*; and if you cut in any direction, not through the sides all round, but through the sides and base, and not parallel to the line of the side, being nearer the perpendicular, the outline will be another curve, of which we have not yet spoken, but which is called an *hyperbola*. You will see another instance of it, if you take two plates of glass, and lay them on one another; then put their edge in water, holding them upright and pressing them together; the water, which, to make it more plain, you may colour with a few drops of ink or strong tea, rises to a certain height, and its outline is this curve;

সমান হইবে কেননা এমত প্রত্যেক রেখাদ্বয়ের যোগে সূত্র পরিমাণ হইবে।

এই বক্র রেখার অন্তরস্থ সরল রেখা সম্বন্ধীয় যে২ গুণ আছে তন্মধ্যে একটা অতি প্রসিদ্ধ, তদ্দ্বারা অণ্ডাকার মূর্ত্তি ও অলঙ্কার করিবার কোম্পাস প্রস্তুত হয় এবং তাহাতে অণ্ডাকার কাষ্ঠাদি কাটিবার কুঁদ হয়।

এই২ বক্র রেখার উৎপত্তি যদি এক দৃষ্টিতে দেখিতে চাহ তবে অধিবাসের স্বস্তিক অর্থাৎ আগ নামক দ্রব্য গ্রহণ করিয়া কোন স্থানে তাহার তলের সমানান্তরাল দিকে সম্পূর্ণ ছেদ কর তাহাতে ঐ ছিন্ন আগের ধার বৃত্তাকৃতি হইবে যদি তলের সমানান্তরাল দিকে না কাটিয়া কিঞ্চিৎ বক্র করিয়া ছেদ কর তবে আগের সমস্ত পার্শ্ব ব্যাপিয়া ছেদ করিলে তাহাতে বৃত্তাভাস অর্থাৎ অণ্ডাকৃতি রেখা উৎপন্ন হইবে কিন্তু যদি পার্শ্বের সমানান্তরাল ভাবে ছেদ কর তবে তাহাতে পেরাবলা অর্থাৎ ক্ষেপণী রেখা জন্মিবে অপর সকল পার্শ্ব না ব্যাপিয়া কেবল কিয়দংশ তল পর্য্যন্ত যদি ছেদ কর তাহাতে ছেদন যদি লম্বের নিকটতর হইয়া পার্শ্বের সমানান্তরাল না হয় তবে আর এক বক্র রেখার উৎপত্তি হইবে তাহার বর্ণনা এখনও হয় নাই তাহার নাম হাইপর্বলা। ইহার আর এক উদাহরণ এই যথা যদি দুই কাচের থাল একত্র দৃঢ় রূপে লম্বভাবে ধরিয়া জলের উপর রাখ এবং রেখা স্পষ্ট করিবার নিমিত্তে কিঞ্চিৎ মসী দিয়া ঐজল কৃষ্ণবর্ণ কর তবে দেখিবা যে ঐ কাচদ্বয়ের মধ্যে জল কিয়দ্দূর পর্য্যন্ত উঠিবে এবং উঠিয়া যে আকার ধারণ করিবে তাহা এই বক্র রেখাস্বরূপ, এই রেখা যদিও বৃত্ত ও

which, however much it may seem to differ in form from a circle or ellipse, is found by mathematicians to resemble them very closely in many of its most remarkable properties.

These are the curve lines best known and most frequently discussed; but there are an infinite number of others all related to straight lines and other curve lines by certain fixed rules: for example, the course which any point in the circumference of a circle, as a nail in the felly of a wheel rolling along, takes through the air, is a curve called the *cycloid*, which has many remarkable properties; and among others, this, that it is, of all lines possible, the one in which any body, not falling perpendicularly, will descend from one point to another the most quickly. Another curve often seen is that in which a rope or chain hangs when supported at both ends: it is called the *Catenary*, from the Latin for chain; and in this form some arches are built. The form of a sail filled with the wind is the same curve.

ALGEBRA.—*To define and explain Algebraical Signs.* —ART. 1. THE method of representing the relation of abstract quantities by letters and characters, which are made the signs of such quantities and their relations, is called ALGEBRA.

Known or determined quantities are usually represented by the first letters of the alphabet, a, b, c, d, &c. and unknown or undetermined quantities by the last y, x, w, &c.

বৃত্তাভাস হইতে ভিন্ন বোধ হয় তথাপি মাথেমেটিক বিদ্যাতে পারদর্শি পণ্ডিতেরা নির্ণয় করিয়াছেন যে এ রেখা বৃত্ত ও বৃত্তাভাসের সহিত অনেক আশ্চর্য্য বিষয়ে তুল্য।

এই২ বক্র রেখা অতি প্রসিদ্ধ ও সর্ব্বদা বর্ণিত হইয়া থাকে কিন্তু এতদ্ভিন্ন অন্যান্য অনেক বক্র রেখা আছে যাহার সহিত সরল রেখার ও অপর কুটিল রেখার নিয়মিত রূপে বহু সম্বন্ধ আছে তাহার উদাহরণ—গমনশীল চক্র নেমির মধ্যস্থ প্রেকের ন্যায় কোন জঙ্গম বৃত্ত পরিধিস্থ বিন্দু ভ্রমণ করত শূন্যে যে রেখা অঙ্কিত করে তাহাকে সাইক্লৈড অর্থাৎ স্যন্দন রেখা কহে ইহার অনেক আশ্চর্য্য গুণ আছে তাহার মধ্যে এক গুণ এই যে কোন পতনশীল বস্তু ঋজুভাব বর্জ্জিয়া এই রেখার ন্যায় অবক্ষিপ্ত হইলে সর্ব্বাপেক্ষা শীঘ্র পতিত হয়। অন্য এক বক্র রেখা এই যাহা কোন রজ্জু কিম্বা শৃঙ্খল দুই প্রান্তভাগে বদ্ধ থাকিয়া ঝুলিলে উৎপন্ন হয় ইহাকে কেটিনেরি অর্থাৎ শৃঙ্খল রেখা কহে, কোন২ খিলানের নির্ম্মাণ এই রেখার ধারাতে হয় নৌকার পালি বায়ুতে স্ফীত হইলেও এই রেখা স্বরূপ হয়।

বীজ গণিত।—অথ বীজ গণিতের চিহ্ন নিরূপণ।

১। কোন২ অক্ষর এবং অঙ্ককে সামান্য রাশির স্বরূপ কল্পনা করিয়া তদ্দ্বারা ঐ রাশির সম্বন্ধ প্রকাশ করিবার ধারাকে বীজ গণিত কহা যায়।

দৃষ্ট অর্থাৎ নিশ্চিত রাশি এস্থলে হলবর্ণে উক্ত হইবে যথা ক খ গ ঘ ইত্যাদি, অদৃশ্য অর্থাৎ অনিশ্চিত রাশি স্বর বর্ণে উক্ত হইবে—যথা অ ই উ ইত্যাদি।

The following signs are made use of to express the relations which the quantities bear to each other:

2. $+$ *Plus*, signifies that the quantity to which it is prefixed must be added. Thus $a + b$ signifies that the quantity represented by b is to be added to the quantity represented by a; if a represent 5, and b, 7, then $a + b$ represents 12.

If no sign be placed before a quantity, the sign $+$ is understood. Thus a signifies $+ a$.

3. — *Minus*, signifies that the quantity to which it is prefixed must be subtracted. Thus $a - b$ signifies that b must be taken from a; if a be 7, and b, 5, $a - b$ expresses 7 diminished by 5, or 2.

4. $\times$ *Into*, signifies that the quantities between which it stands are to be multiplied together. Thus $a \times b$ signifies that the quantity represented by a is to be multiplied by the quantity represented by b, if a represent 5, and b 6, then $a \times b$ is 5×6 and amounts to 30.

This sign is frequently omitted; thus abc signifies $a \times b \times c$, or a full point is used instead of it; thus $1 \times 2 \times 3$, and $1 . 2 . 3$ signify the same thing.

5. If in multiplication the same quantity be repeated any number of times, the product is usually expressed by placing above the quantity the number which represents how often it is repeated; thus a, $a \times a$, $a \times a \times a$, $a \times a \times a \times a$, and a^1, a^2, a^3, a^4, have respectively the same signification. These quantities are called *powers*; thus a^1, is called the *first power*

বিবিধ রাশির মধ্যে পরস্পর যে সম্বন্ধ থাকে তাহা সামান্য রীত্যনুসারে পশ্চাৎ লিখিত চিহ্ন দ্বারা উক্ত হয়।

২। + ইহার নাম ধন। এ চিহ্ন যে রাশির পূর্ব্বে থাকিবে তাহাকে অন্য কোন রাশির সহিত যোগ করিতে হইবে যথা ক + খ ইহার অর্থ এই যে খ লক্ষিত রাশি ক লক্ষিত রাশির সহিত যোগ হইবে, ক যদি ৫ ও খ যদি ৭ হয় তবে ক + খ ১২ হইবে।

যে রাশির পূর্ব্বে কোন চিহ্ন থাকিবে না সেখানে + অর্থাৎ ঠিক দিবার চিহ্ন উহ্য করিতে হইবে।

৩। — ইহার নাম ঋণ। এ চিহ্ন যে রাশির পূর্ব্বে থাকিবে তাহাকে অন্য কোন রাশি হইতে ব্যবকলন করিতে অর্থাৎ বাকি কাটিতে হইবে যথা ক — খ এস্থলে ক লক্ষিত রাশি হইতে খ লক্ষিত রাশিকে বাকি কাটিতে হইবে। যদি ক ৭ ও খ ৫ হয় তবে ক—খ ২ হইবে অর্থাৎ ৭ হইতে ৫ বাকি কাটিলে যাহা থাকে তাহা হইবে।

৪। × ইহার নাম গুণ। যে২ রাশির মধ্যে এ চিহ্ন থাকিবেক তাহাদের পরস্পর গুণ করিতে হইবে যথা ক × খ ইহার অর্থ এই যে ক লক্ষিত রাশি খ লক্ষিত রাশির দ্বারা গুণিত হইবে, যদি ক ৫ এবং খ ৬ হয় তবে ক × খ অর্থাৎ ৫ × ৬ গুণ দ্বারা ৩০ হইবে।

এই গুণ চিহ্ন কখন২ উক্ত থাকে না উহ্য করিতে হয় যথা কখগ একত্র থাকিলে ক × খ × গ বুঝায়—আর কখন এ চিহ্নের পরিবর্ত্তে এক বিন্দু মাত্র লেখা যায় যথা ১.২.৩ ইহার অর্থ ১ × ২ × ৩।

৫। গুণ করণে যদি এক রাশি অনেক বার উক্ত হয় তবে যত বার উক্ত হয় তত সংখ্যক অঙ্ককে ঐ রাশির উপর চিহ্নিত করিলে ফল ব্যক্ত হইবে যথা ক, ক × ক, ক × ক × ক, ক × ক ×

of a; a^2, the *second power*, or *square* of a; a^3, the *third power*, or *cube* of a; a^4, the *fourth power*, or *biquadrate* of a.

The numbers 1, 2, 3, 4, &c. are called the *indices* of a; or *exponents* of the powers of a.

6. $\div$ *Divided by*, signifies that the former of the quantities between which it is placed is to be divided by the latter. Thus, $a \div b$ signifies that the quantity a is to be divided by b.

7. A line drawn over several quantities signifies that they are to be taken collectively, and it is called a *vinculum*. Thus $\overline{a - b + c} \times \overline{d - e}$ signifies that the quantity represented by $a - b + c$ is to be multiplied by the quantity represented by $d - e$. Let a stand for 6; b, 5; c, 4; d, 3; and e, 1; then $\overline{a - b + c}$ is $6 - 5 + 4$, or 5; and $\overline{d - e}$ is $3 - 1$, or 2; therefore $\overline{a - b + c} \times \overline{d - e}$ is 5×2, or 10. $\overline{ab - cd} \times \overline{ab - cd}$ or $\overline{ab - cd}|^2$ signifies that the quantity represented by $ab - cd$ is to be multiplied by itself.

Instead of a line, brackets are sometimes used, as $(ab - cd)^2$, $\{a - b + c\}.\ \{d - e\}$.

8. $=$ *Equal to*, signifies that the quantities between which it is placed are equal to each other, thus $ax - by = cd + ad$, signifies that the quantity $ax - by$ is equal to the quantity $cd + ad$.

9. The *square root* of any proposed quantity is that quantity whose square, or second power, gives the proposed quantity.

ক × ক এই কএক রাশি প্রকারান্তরে ক^{১}, ক^{২}, ক^{৩}, ক^{৪}, এই রূপে লিখা যায়। এইং অঙ্ককে ঘাত কহে, যথা ক^{১} ক রাশির এক ঘাত, ক^{২} ক রাশির দ্বি ঘাত অর্থাৎ বর্গ, ক^{৩} ক রাশির ত্রি ঘাত অর্থাৎ ঘন, ক^{৪} ক রাশির চতুর্ঘাত, এস্থলে ১,২,৩,৪ এইং অঙ্ককে ক রাশির ঘাত মাপক কহে।

৬। ÷ ইহার নাম হরণ। যেং রাশির মধ্যে এ চিহ্ন থাকে তাহার প্রথমকে দ্বিতীয় দ্বারা হরণ করিতে হয় যথা ক ÷ খ ইহার অর্থ খ দ্বারা ক রাশির হরণ।

৭ যদি কোনং রাশির উপর রেখা অঙ্কিত থাকে তবে ঐ রাশির সমুচ্চয় লইয়া বিহিত কার্য্য করিতে হইবে আর সে রেখার নাম শৃখল যথা $\overline{\text{ক — খ + গ}} \times \overline{\text{ঘ — ঙ}}$ ইহার অর্থ যে ক — খ + গ এ বর্ণ সমূহে লক্ষিত রাশিকে ঘ — ঙ এইং বর্ণ লক্ষিত রাশির দ্বারা গুণ করিতে হইবে, যদি ক ৬ হয় এবং খ ৫, গ ৪, ঘ ৩, ঙ ১ হয় তবে $\overline{\text{ক — খ + গ}}$ $\overline{\text{৬ — ৫ + ৪}}$ অর্থাৎ ৫ এবং $\overline{\text{ঘ — ঙ}}$ $\overline{\text{৩ — ১}}$ অর্থাৎ ২। অতএব $\overline{\text{ক — খ + গ}}$ × $\overline{\text{ঘ — ঙ}}$ ৫ × ২ অর্থাৎ ১০। $\overline{\text{কখ — গঘ}} \times \overline{\text{কখ — গঘ}}$ অথবা $\overline{\text{কখ — গঘ}}|^{২}$ ইহার অর্থ যে কখ — গঘ এই রাশি আপনার দ্বারা গুণ হইবে।

কখনং পূর্ব্বোক্ত রেখা না লিখিয়া এইং চিহ্ন ( ) { } লিখা যায় তাহারও ঐ অর্থ যথা (কখ — গঘ)^{২}, {ক — খ + গ}· {ঘ — ঙ}·

৮। = সমান। যেং রাশির মধ্যে এ চিহ্ন থাকে তাহারা পরস্পর সমান জানিবা যথা কঅ — খই = গঘ + কঘ অর্থাৎ কঅ — খই, গঘ + কঘ সহিত সমান।

৯। বর্গ মূলের অর্থ এই যে যে রাশির দ্বিঘাত অর্থাৎ বর্গ করিলে নির্দ্দিষ্ট রাশি উৎপন্ন হয় সেই রাশি ইহার বর্গমূল।

10. If the root cannot be exactly determined, the quantity is called *irrational* or *surd*.

11. Points are made use of to denote *proportion*, thus $a : b :: c : d$, signifies that a bears the same proportion to b that c bears to d.

12. The number prefixed to any quantity, and which shows how often it is to be taken, is called its *co-efficient*. Thus, in the quantities $7ax$; $6by$, and $3dz$, 7, 6, and 3 are called the co-efficients of ax, by and dz respectively.

When no number is prefixed, the quantity is to be taken once, or the co-efficient 1 is understood.

These numbers are sometimes represented by letters, which are called co-efficients.

13. Similar, or *like* algebraical quantities are such as differ only in their co-efficients; $4a$, $6ab$, $9a^2$, $3a^2\,bc$, are respectively similar to $15a$, $3ab$, $12a^2$, $15a^2bc$, &c.

Unlike quantities are different combinations of letters; thus, ab, a^2b, ab^2, abc, &c. are unlike.

14. A quantity is said to be a *multiple* of another, when it contains it a certain number of times exactly; thus $16a$ is a multiple of $4a$, as it contains it exactly four times.

15. A quantity is called a *measure* of another, when the former is contained in the latter a certain number of times exactly; thus, $4a$ is a measure of $16a$.

16. *To add and subtract simple Algebraical Quantities.*—The addition of algebraical quantities is performed by connecting those that are *unlike* with their proper

১০। যদি মূল শুদ্ধরূপে নির্ণয় না হয় তবে তাহাকে করণী কহে।

১১। অনুপাত প্রকাশার্থে কএক বিন্দুর ব্যবহার হয় যথা ক : খ :: গ : ঘ ইহার অর্থ যাদৃশ খর সহিত কর অনুপাত তাদৃশ ঘর সহিত গর অনুপাত।

১২। যে অঙ্ক কোন রাশির অগ্রে সংলগ্ন থাকিয়া কত গুণ হইবে তাহা প্রকাশ করে তাহাকে ঐ রাশির প্রকৃতি কহে যথা ৭কঅ, ৬খই, ৩গউ, এস্থলে ৭, ৬, ৩ ইহারা কঅ, খই, গউ এই২ রাশির প্রকৃতি অর্থাৎ গুণ্য বোধক।

যখন রাশির অগ্রে কোন অঙ্ক সংলগ্ন না থাকে তখন সে রাশিকে এক গুণ করিতে হইবে অর্থাৎ তাহার প্রকৃতি ১ উহ্য হইবে। কখন২ পূর্ব্ব অক্ষরকেও প্রকৃতি কহে।

১৩। বীজ গণিতে যে২ রাশির বৈলক্ষণ্য কেবল প্রকৃতি বশতঃ হয় তাহাদিগকে সজাতীয় কহে যথা ৪ক, ৬কখ, ৯ক^{২}, ৩ক^{২}খগ এবং ১৫ক, ৩কখ, ১২ক^{২}, ১৫ক^{২}খগ ইহারা ক্রমে২ পরস্পর সজাতীয়।

যাহাদের বৈলক্ষণ্য ভিন্ন২ বর্ণের সংযোগে হয় তাহাদিগকে বিজাতীয় রাশি কহে। যথা কখ, ক^{২}খ, কখ^{২}, কখগ, ইহারা সকলেই বিজাতীয় রাশি।

১৪। এক রাশি অন্য রাশির দ্বারা শুদ্ধ ভাজ্য হইলে সেই ভাজ্য রাশিকে ঐ অন্য রাশির অপবর্ত্ত্য কহে যথা ১৬ক, ৪ কর অপবর্ত্ত্য, কেননা ১৬ক, ৪ কর ঠিক চতুর্গুণ, সুতরাং শুদ্ধ ভাজ্য।

১৫। এক রাশি অন্য রাশির শুদ্ধ ভাজক হইলে তাহাকে ঐ রাশির অপবর্ত্তক কহে যথা ৪ক, ১৬ কর অপবর্ত্তক।

১৬। অথ বীজগণিতে সঙ্কলন ব্যবকলনের ধারা। বিজাতীয় বর্ণকে আপন২ চিহ্নের সহিত সংযুক্ত কর ও সজাতীয় রাশিকে একত্র যোগ কর তাহাতে সঙ্কলন হইবে। যদি সজাতীয়

signs, and collecting those that are *similar* into one sum. If *like* quantities have different signs, subtract the less from the greater and prefix the sign of the greater to the difference which will be their sum.

Examples:

Add	Add
$4x$	$5ax$
$3x$	$-ax$
$7a$	by
$-2a$	$-cy$
Sum $7x + 5a$	Sum $4ax + by - cy$

$a + 2bx - y^2$	$a + 3b$
$b - bx + 3y^2$	$a + n - 4b$
Sum $a + b + bx + 2y^2$	Sum $2a + n - b$

17. Subtraction, or the taking away of one quantity from another, is performed by changing the sign of the quantity to be subtracted, and then adding it to the other by the rules laid down in Art. 16.

From	$7x$	From	$7x + 5a$
Subtract	x	Subtract	$3a - x$
Diff.	$7x - x$ or $6x$	Diff	$7x + x + 5a - 3a$ or $8x + 2a$

From	$4x^2 + 5ax - y^2$
Subtract	$3x^2 - 3ax + y^2$
Diff.	$x^2 + 8ax - 2y^2$

রাশির ভিন্ন২ চিহ্ন থাকে তবে লঘুতরকে গুরুতর হইতে বাকি কাটিয়া অবশিষ্টের পূর্ব্বে গুরুতরের চিহ্ন লিখ তাহাতে উহাদের যোগ হইবে।

উদাহরণ।

৪অ	৫কঅ
৩অ	— কঅ
৭ক	কই
— ২ক	— গই
যোগ ৭অ + ৫ক	যোগ ৪কঅ + কই — গই

ক + ২খঅ — খ^২	ক + ৩খ
খ — খঅ + ৩ খ^২	ক + ট — ৪খ
যোগ ক + খ + খঅ + ২খ^২	যোগ ২ক + ট — খ

১৭। ব্যবকলন অর্থাৎ এক রাশি হইতে অন্য রাশির বিয়োগ করিবার ধারা এই। যাহার বিয়োগ করিতে হইবে তাহার চিহ্নের বিপর্য্যয় করিয়া সঙ্কলনের পূর্ব্বোক্ত ধারানুসারে অন্য রাশির সহিত যোগ কর যথা।

৭অ হইতে
অ বিয়োগ কর

অবশিষ্ট ৭অ — অ অর্থাৎ ৬অ

৭অ + ৫ক হইতে
৩ক — অ বিয়োগ কর

অবশিষ্ট ৭অ + অ + ৫ক — ৩ক
অর্থাৎ ৮অ + ২ক

৪অ^২ + ৫কঅ — ই^২ হইতে
৩অ^২ — ৩কঅ + ই^২ বিয়োগ কর

অবশিষ্ট অ^২ + ৮কঅ — ২ ই^২

18. *To multiply simple Algebraical Quantities.*—The multiplication of simple algebraical quantities must be represented according to the notation pointed out in Art. 4 and 5. Thus, $a \times b$, or ab, represents the product of a multiplied by b; abc, the product of the three quantities a, b, and c.

It is also indifferent in what order they are placed, $a \times b$ and $b \times a$ being equal.

19. If the quantities to be multiplied have co-efficients, these must be multiplied together as in common arithmetic; the literal product being determined by the preceding rules.

Thus, $3a \times 5b = 15ab$; because

$$3 \times a \times 5 \times b = 3 \times 5 \times a \times b = 15ab.$$

20. If the multiplier or multiplicand consist of several terms, each term of the latter must be multiplied by every term of the former, and the sum of all the products taken for the whole product of the two quantities. For example,

$$(a + b) \times (c + d) = ac + bc + ad + bd.$$

21. If the quantities to be multiplied have both the same signs, the product shall have + before it; if they have different signs the product shall have *minus*. Thus $a \times b = ab$; $-a \times -b = ab$; $a \times -b = -ab$.

The following signs are also used as symbols in Geometry:—

$\neq$ *unequal to*
$\urcorner$ *greater than*
$\angle$ *less than*
$\not\urcorner$ *not greater than*
$\not\angle$ *not less than*
$\perp$ *is perpendicular to*
$\parallel$ *is parallel to*
$\nparallel$ *is not parallel to*
$\because$ *Because*
$\therefore$ *therefore*
$\angle$ *angle*
$\triangle$ *triangle*

১৮। অথ গুণন। ৪ এবং ৫ সূত্রে যে প্রকার উক্তি আছে তদনুসারে বীজ গণিতে গুণন করিতে হয় যথা ক × খ অথবা কখ ইহাতে ক, খ দ্বারা গুণ হইলে যে ফল হয় তাহা উক্ত হইতেছে। কখগ ইহাতে ক এবং খ এবং গ ইহাদের পরস্পর গুণনের ফল ব্যক্ত হয়।

ফলের বর্ণ সমূহ যে অনুক্রমে থাকুক তাহাতে হানি নাই কেননা ক × খ এবং খ × ক উভয়ই সমান।

১৯। যদি গুণ্য রাশিদের কোন প্রকৃতি থাকে তবে গণিতানুসারে সে প্রকৃতির গুণ করিতে হইবে এবং অক্ষরের ফল পূর্ব্ব ধারানুযায়ি হইবে। যথা ৩ক × ৫খ = ১৫কখ কেননা ৩ × ক × ৫ × খ = ৩ × ৫ × ক × খ = ১৫কখ।

২০। যদি গুণক কিম্বা গুণ্য রাশির অনেক অঙ্গ থাকে তবে প্রত্যেক অঙ্গকে পরস্পর গুণ করিতে হইবে এবং সে ফল সমূহের যোগে ঐ দুই রাশির ফল হইবে। উদাহরণ। (ক + খ) × (গ + ঘ) = কগ + খগ + কঘ + খঘ।

২১ যদি গুণ্য গুণকের চিহ্ন সমান হয় তবে তাহাদের ফলের চিহ্ন + হইবে, যদি চিহ্ন সমান না হয় তবে ফলের চিহ্ন — হইবে। যথা ক × খ = কখ; — ক × — খ = কখ; ক × — খ = — কখ

এই২ চিহ্নও ক্ষেত্র ব্যবহারে প্রয়োগ হয়।

≠	অর্থাৎ	অসমান	‖	অর্থাৎ	সমানান্তরাল
7	,,	বৃহত্তর	∦	,,	সমানান্তরাল নহে
∠	,,	লঘুতর	∵	,,	কেননা
≯	,,	বৃহত্তর নহে	∴	,,	অতএব
≮	,,	লঘুতর নহে	∠	,,	কোণ
⊥	,,	লম্ব	△	,,	ত্রিভুজ

ELEMENTS OF GEOMETRY.

BOOK I.

DEFINITIONS.

I. "A *point* is that which has position, but not magnitude."

II. A *line* is length without breadth.

"COROLLARY. The extremities of a line are points; "and the intersections of one line with another are "also points."

III. "If two lines are such that they cannot coincide "in any two points, without coinciding altogether, "each of them is called a *straight* line."

"COR. Hence, two straight lines cannot enclose a "space. Neither can two straight lines have a com-"mon segment; for they cannot coincide in part, "without coinciding altogether."

IV. A *superficies* is that which has only length and breadth.

"COR. The extremities of a superficies are lines; "and the intersections of one superficies with another "are also lines."

V. A *plane superficies* is that in which any two points being taken, the straight line between them lies wholly in that superficies.

VI. A *plane rectilineal angle* is the inclination of two straight lines to one another, which meet together but are not in the same straight line.

N. B. "When several angles are at one point, B. "any one of them is expressed by three letters, of "which the letter that is at the vertex of the angle, "that is, at the point in which the straight lines that "contain the angle meet one another, is put between

ক্ষেত্র তত্ত্ব।

---

১ অধ্যায়।

সংজ্ঞা।।

১ যাহার অবস্থিতি আছে কিন্তু মহত্ত্ব অর্থাৎ রাশি নাই তাহাকে বিন্দু বলা যায়।

২ যাহার দৈর্ঘ্য আছে কিন্তু বিস্তার নাই তাহাকে রেখা কহা যায়।

অনুমান। রেখার সীমা বিন্দু, দুই রেখার পরস্পর অবচ্ছেদনেও বিন্দু উৎপন্ন হয়।

৩ দুই রেখা পরস্পর সমুদয় সংলগ্ন না হইলে এক বিন্দু ব্যতীত অন্য কোন বিন্দুতে যদি সংলগ্ন হইতে না পারে তবে তাহাদের প্রত্যেককে সরল রেখা কহা যায়।

অনুমান। অতএব দুই সরল রেখাতে কোন ক্ষেত্র পরিবেষ্টিত হইতে পারে না এবং দুই সরল রেখার এক সাধারণ খণ্ডও থাকিতে পারে না কেননা তাহারা সর্ব্বাংশে না মিলিয়া একাংশে মিলিতে পারে না।

৪ যাহার কেবল দৈর্ঘ্য ও বিস্তার আছে তাহাকে ধরাতল কহে।


অনুমান। ধরাতলের সীমা রেখা, এবং এক ধরাতল অন্য ধরাতলকে অবচ্ছিন্ন করিলে সে অবচ্ছেদনেতেও রেখার উৎপত্তি হয়।


৫ যে ধরাতলে দুই বিন্দু লইলে তাহাদের যোজক সরল রেখা সর্ব্বাংশে ঐ ধরাতলে সংলগ্ন থাকে তাহাকে সমধরাতল কহা যায়।

৬ দুই সরল রেখা ভিন্ন২ দিকে আসিয়া সংস্পর্শ করিলে তাহাদের পরস্পর অবনতিকে সরল রৈখিক কোণ কহা যায়।


যদি এক বিন্দুতে (যথা খ চিহ্ন) অনেক কোণ থাকে তবে তাহাদের মধ্যে কোন বিশেষ কোণকে উক্ত করিতে হইলে

" the other two letters, and one of these two is some-" where upon one of those straight lines, and the other" upon the other line; Thus the angle which is con-" tained by the straight lines AB, CB, is named the" angle ABC, or CBA; that which is contained by" AB, BD is named the angle ABD, or DBA; and that" which is contained by DB, CB is called the angle" DBC, or CBD; but if there be only one angle at" a point, it may be expressed by a letter placed at" that point; as the angle at E."







VII. When a straight line standing on another straight line makes the adjacent angles equal to one another, each of the angles is called a *right angle*; and the straight line which stands on the other is called a *perpendicular* to it.




VIII. An *obtuse angle* is that which is greater than a right angle.







তিন অক্ষরের দ্বারা করিতে হয়—কোণাগ্রে অর্থাৎ যেখানে সরল রেখাদ্বয়ের সংস্পর্শ সেই স্থলের অঙ্কিত অক্ষরকে মধ্যাক্ষর করিতে হয় আর যে রেখাদ্বয়ের সংস্পর্শে কোণের উৎপত্তি হইয়াছে তাহাদের এক রেখার কোন অংশে লিখিত এক অক্ষর এবং অন্য রেখার কোন স্থলে লিখিত আর এক অক্ষর লইতে হয়—যথা নিম্নস্থ ক্ষেত্রে কখ এবং গখ রেখাদ্বয়ের মধ্যবর্ত্তি কোণকে কখগ কিম্বা গখক কহিতে হয় এবং কখ ও খঘ দ্বারা উৎপন্ন কোণকে কখঘ কিম্বা ঘখক কহিতে হয়, ও ঘখ এবং গখ দ্বারা উৎপন্ন কোণকে ঘখগ কিম্বা গখঘ কহিতে হয়, কিন্তু এক চিহ্নে কেবল এক কোণ থাকিলে সেই চিহ্নস্থ অক্ষর দ্বারা তাহা উক্ত হইতে পারে যথা ঙ কোণ।



৭ এক সরল রেখা অন্য সরল রেখার উপর দণ্ডায়মান হইলে যদি উভয় পার্শ্বের কোণ পরস্পর সমান হয় তবে ঐ প্রত্যেক কোণকে সমকোণ কহা যায়—আর এমত দণ্ডায়মান সরল রেখাকে লম্ব কহা যায়।




৮ সমকোণ হইতে অতিরিক্ত হইলে অধিক কোণ কহে।



IX. An *acute angle* is that which is less than a right angle.

X. A *figure* is that which is enclosed by one or more boundaries.—"The space contained within a figure "is called the *Area* of the Figure."

XI. A *circle* is a plane figure contained by one line, which is called the *circumference*, and is such that all straight lines drawn from a certain point within the figure to the circumference, are equal to one another.



XII. This point is called the *centre* of the circle.

XIII. A *diameter* of a circle is a straight line drawn through the centre, and terminated both ways by the circumference.

XIV. A *semicircle* is the figure contained by a diameter and the part of the circumference cut off by the diameter.

XV. *Rectilineal* figures, are those which are contained by straight lines.

XVI. *Trilateral* figures or *triangles*, by *three* straight lines.

XVII. *Quadrilateral*, by *four* straight lines.


XVIII. *Multilateral* figures, or *polygons*, by more than four straight lines.

XIX. Of three-sided figures, an *equilateral* triangle is that which has three equal sides.

৯ সমকোণ হইতে অল্প হইলে লঘু কোণ কহে।

১০ যাহা এক কিম্বা অনেক সীমাতে আবৃত তাহাকে আকৃতি কহে, আকৃতির আবৃত স্থলকে ক্ষেত্র ফল কহে।

১১ যাহার সীমা এক রেখাতে বদ্ধ এবং অন্তরে এমত এক বিন্দু আছে যে তথা হইতে যত সরল রেখা সীমা পর্য্যন্ত টানা যায় সকলি পরস্পর সমান, এমত সরল আকৃতিকে বৃত্ত কহা যায় আর ঐ সীমার নাম পরিধি।



১২ উক্ত অন্তরস্থ বিন্দুর নাম কেন্দ্র।

১৩ বৃত্তের অন্তরে কেন্দ্রের মধ্য দিয়া দুই দিকে পরিধি পর্য্যন্ত কোন সরল রেখা টানিলে তাহাকে ঐ বৃত্তের ব্যাস কহা যায়।

১৪ ব্যাস এবং পরিধির যে অংশ ব্যাস দ্বারা ছিন্ন এই দুই সীমার মধ্যে যে আকৃতি থাকে তাহাকে অর্দ্ধবৃত্ত কহে।

১৫ সরল রেখার অন্তর্গত আকৃতিকে সরল রৈখিক ক্ষেত্র কহে।


১৬ তিন সরল রেখাবৃত ক্ষেত্রের নাম ত্রিভুজ।

১৭ চারি সরল রেখাবৃত ক্ষেত্রের নাম চতুর্ভুজ।

১৮ চারির অধিক সরল রেখাবৃত ক্ষেত্রের নাম বহুকোণ ক্ষেত্র।

১৯ তিন বাহু বিশিষ্ট আকৃতির মধ্যে যাহার তিন বাহুই সমান তাহাকে সমবাহু ত্রিভুজ কহে।


XX. An *isosceles* triangle is that which has only two sides equal.



XXI. A *scalene* triangle is that which has three unequal sides.


XXII. A *right-angled* triangle is that which has a right angle.

XXIII. An *obtuse-angled* triangle is that which has an obtuse angle.




XXIV. An *acute-angled* triangle is that which has three acute angles.

XXV. Of four-sided figures, a *square* is that which has all its sides equal, and all its angles right angles.



XXVI. An *oblong* is that which has all its angles right angles, but has not all its sides equal.


২০ যাহার দুই বাহু সমান তাহাকে সমদ্বিবাহু ত্রিভুজ কহে।



২১ যাহার তিন বাহু বিষম তাহাকে বিষমবাহু ত্রিভুজ কহে।


২২ যে ত্রিভুজের মধ্যে সম কোণ থাকে তাহাকে সমকোণি অথবা জাত্য ত্রিভুজ কহে।

২৩ যে ত্রিভুজের মধ্যে এক অধিক কোণ থাকে তাহাকে অধিক কোণি ত্রিভুজ কহে।



২৪ যে ত্রিভুজের মধ্যেসকল কোণ লঘু, তাহাকে লঘু কোণি ত্রিভুজ কহে।

২৫ চতুর্ভুজের মধ্যে যাহার চারি বাহু সমান ও চারি কোণ সমকোণ তাহাকে সমচতুর্ভুজ বা সমচতুষ্কোণ অথবা বর্গ ক্ষেত্র কহে।



২৬ যে চতুর্ভুজের কোণ সকল সমকোণ কিন্তু সকল বাহু পরস্পর সমান নহে তাহাকে আয়ত কহে।

XXVII. A *rhombus* is that which has all its sides equal, but its angles are not right angles.



XXVIII. A *rhomboid* is that which has its opposite sides equal to one another, but all its sides are not equal, nor its angles right angles.

XXIX. All other four-sided figures besides these are called *Trapeziums.*

XXX. Straight lines which are in the same plane, and, being produced ever so far both ways, do not meet, are called *Parallel* Lines.

POSTULATES.

I. Let it be granted that a straight line may be drawn from any one point to any other point.

II. That a terminated straight line may be produced to any length in a straight line.

III. And that a circle may be described from any centre, at any distance from that centre.

AXIOMS.


I. Things which are equal to the same thing are equal to one another.

II. If equals be added to equals, the wholes are equal.

III. If equals be taken from equals, the remainders are equal.

IV. If equals be added to unequals, the wholes are unequal.

২৭ যে চতুর্ভুজের সমস্ত বাহু পরস্পর সমান কিন্তু সকল কোণ সমকোণ নহে তাহাকে রম্বস কহে।



২৮ যে চতুর্ভুজের সম্মুখস্থ বাহু দ্বয় সমান কিন্তু সকল কোণ সমান নহে ও সমকোণও নহে তাহাকে রম্বৈড কহে।

২৯ এতদ্ব্যতিরিক্ত অন্য প্রকার চতুর্ভুজকে বিষম চতুর্ভুজ কহে।

৩০ যে২ সরল রেখা এক সম ধরাতলে থাকিয়া উভয় পার্শ্বে অবিশ্রান্ত বৃদ্ধি পাইলেও পরস্পর সংস্পর্শ করে না তাহাদিগকে সমানান্তরাল সরল রেখা কহে।

স্বীকার্য্য কথা।

১ এক বিন্দু হইতে অন্য কোন বিন্দু পর্য্যন্ত সরল রেখা টানা যায় ইহা স্বীকার্য্য।

২ সীমা বিশিষ্ট সরল রেখা যথেচ্ছ দৈর্ঘ্যে সরল ভাবে বৃদ্ধি পাইতে পারে ইহা স্বীকার্য্য।

৩ কোন কেন্দ্র হইতে যথেচ্ছ দূরে যত্র তত্র বৃত্ত আঁকা যায় ইহা স্বীকার্য্য।

স্বতঃ সাধ্য।

১ যে২ বস্তু প্রত্যেকে কোন এক বস্তুর সমান তাহারা পরস্পর সমান।

২ সমান বস্তুতে সমান বস্তুর যোগ করিলে সমুদয় সমান হয়।

৩ সমান বস্তু হইতে সমান বস্তুর বিয়োগ করিলে অবশিষ্ট সমান হয়।

৪ সমান বস্তু বিষম বস্তুতে যোগ করিলে সমুদয় বিষম হয়।

V. If equals be taken from unequals, the remainders are unequal.

VI. Things which are doubles of the same thing, are equal to one another.

VII. Things which are halves of the same thing, are equal to one another.

VIII. Magnitudes which coincide with one another, that is, which exactly fill the same space, are equal to one another.

IX. The whole is greater than its part.


X. All right angles are equal to one another.

XI. "Two straight lines which intersect one another, cannot be both parallel to the same straight line."

PROPOSITION I. PROBLEM.

To describe an equilateral triangle upon a given finite straight line.

Let AB be the given straight line; it is required to describe an equilateral triangle upon it.



From the centre A, at the distance AB describe (3 Post.) the circle BCD, and from the centre B, at the distance BA, describe the circle ACE; and from the point C, in which the circles cut one another, draw the straight lines (1. Post.) CA, CB, to the points A, B; ABC is an equilateral triangle.

Because the point A is the centre of the circle BCD, AC is equal (11 Definition) to AB; and because the point B is the centre of the circle ACE, BC is equal to AB: But it has been proved, that CA is equal to AB; therefore CA, CB are each of them equal

৫ বিষম বস্তু হইতে সমান বস্তুর বিয়োগ করিলে অবশিষ্ট বিষম হয়।

৬ যে২ বস্তু প্রত্যেকে কোন এক বস্তুর দ্বিগুণ তাহারা পরস্পর সমান।

৭ যে২ বস্তু প্রত্যেকে কোন এক বস্তুর অৰ্দ্ধ তাহারা পরস্পর সমান।

৮ যে২ রাশি পরস্পর মিলে অর্থাৎ যাহারা এক স্থানকে ঠিক আবরণ করে তাহারা পরস্পর সমান।

৯ অংশ হইতে সমুদয় বৃহৎ।


১০ সকল সমকোণ পরস্পর সমান।

১১ দুই সরল রেখা পরস্পরকে অবচ্ছিন্ন করিলে উভয়ে কোন এক সরল রেখার সমানান্তরাল হইতে পারে না।

১ প্রতিজ্ঞা—সম্পাদ্য।

এক নির্দ্দিষ্ট সীমাবিশিষ্ট সরল রেখার উপর এক সমবাহু ত্রিভুজ অঙ্কিত করিতে হইবেক।

কখ এক নির্দ্দিষ্ট সরল রেখা ইহার উপর এক সমবাহু ত্রিভুজ অঙ্কিত করিতে হইবে।



ক কেন্দ্র হইতে কখ দূর পর্য্যন্ত এক বৃত্ত অঙ্কিত কর তাহার নাম খগঘ হউক এবং খ কেন্দ্র হইতে খক দূর পর্য্যন্ত আর এক বৃত্ত অঙ্কিত কর তাহার নাম কগঙ—যে বিন্দুতে এই দুই বৃত্ত পরস্পর অবচ্ছিন্ন হয় অর্থাৎ গ চিহ্ন, তথা হইতে ক এবং খ পর্য্যন্ত দুই সরল রেখা টান অর্থাৎ কগ এবং খগ রেখাকর—তাহাতে কখগ এক সমবাহু ত্রিভুজ হইবে।

উপপত্তি। খগঘ এক বৃত্ত ইহার কেন্দ্র ক অতএব (১১ সংজ্ঞানুসারে) কখ ও কগ এই দুই সরল রেখা পরস্পর


to AB; now, *things which are equal to the same thing are equal to one another* (1 Axiom); therefore CA is equal to CB; wherefore CA, AB, CB are equal to one another; and the triangle ABC is therefore equilateral, and it is described upon the given straight line AB. which was required to be done.

Symbolical demonstration. AC = AB (11 Def.) CB = AB (11 Def.) ∴ AC = CB = AB (1 Ax.)

PROP. II. PROB.

From a given point to draw a straight line equal to a given straight line.

Let A be the given point, and BC the given straight line; it is required to draw, from the point A, a straight line equal to BC.



From the point A to B draw (1 Post.) the straight line AB; and upon it describe (I. 1.) the equilateral triangle DAB, and produce (2 Post.) the straight lines DA, DB, to E and F; from the centre B, at the distance BC, describe (3 Post.) the circle CGH, and from the centre D, at the distance DG, describe the circle GKL. The straight line AL is equal to BC.


Because the point B is the centre of the circle CGH, BC is equal (11 Def.) to BG; and because D is the centre of the circle GKL, DL is equal to DG, and DA, DB, parts of them, are equal; therefore the re-

সমান এবং কগঙ এক বৃত্ত তাহার কেন্দ্র খ অতএব (১১ সংজ্ঞানুসারে) কখ ও খগ এই দুই সরল রেখা পরস্পর সমান, সুতরাং কগ ও খগ প্রত্যেকে কখ রেখার সহিত সমান হওয়াতে (১ স্বতঃসাধ্যানুসারে) কখ কগ খগ এতিন সরল রেখা পরস্পর সমান এবং তন্নিমিত্তে কখগ এক সমবাহু ত্রিভুজ।

সঙ্কেতে উপপত্তি। কগ = কখ (১১ সংজ্ঞা)। খগ = কখ (ঐ) ∴ কগ = খগ = কখ (১ স্বতঃসাধ্য)।

২ প্রতিজ্ঞা—সম্পাদ্য।

এক নির্দ্দিষ্ট বিন্দু হইতে এক নির্দ্দিষ্ট সরল রেখার সমান আর এক সরল রেখা টানিতে হইবে।



ক এক নির্দ্দিষ্ট বিন্দু—খগ এক নির্দ্দিষ্ট সরল রেখা—ক বিন্দু হইতে খগ সরল রেখার সমান এক সরল রেখা টানিতে হইবেক.

ক এবং খ এক সরল রেখাতে সংযুক্ত কর—কখ সরল রেখার উপর (১ প্রতিজ্ঞানুসারে) কখঘ এক সমবাহু ত্রিভুজ অঙ্কিত কর—ঘখ এবং ঘক এই দুই সরল রেখাকে চ এবং ঙ বিন্দু পর্য্যন্ত টান—খ বিন্দুকে কেন্দ্র করিয়া খগ দূর পর্য্যন্ত এক বৃত্ত অঙ্কিত কর—অর্থাৎ গছজ, এবং ঘ বিন্দু হইতে ঘছ দূর পর্য্যন্ত এক বৃত্ত অঙ্কিত কর অর্থাৎ ছঠট —কঠ এই সরল রেখা খগ সরল রেখার সহিত সমান.

উপপত্তি। গছজ এই বৃত্তের কেন্দ্র খ অতএব খগ এবং খছ পরস্পর সমান—এবং ছঠট এক বৃত্ত, ইহার কেন্দ্র ঘ. অতএব ঘছ ঘঠ পরস্পর সমান—এবং কখঘ সমবাহু ত্রিভুজ এজন্য ঘখ এবং ঘক পরস্পর সমান—অতএব সমুদয় ঘছ এবং সমুদয় ঘঠ পরস্পর সমান সত্ত্বে তাহাদের অংশ ঘখ এবং ঘক পরস্পর সমান হওয়াতে অবশিষ্ট খছ এবং কঠ পরস্পর


mainder AL is equal to the remainder (3 Ax.) BG: But it has been shown, that BC is equal to BG; wherefore, AL and BC are each of them equal to BG; and *things that are equal to the same thing are equal to one another*; therefore the straight line AL is equal to BC. Wherefore, *from the given point* A, *a straight line* AL *has been drawn equal to the given straight line* BC. Which was to be done.

Sym. dem.—BC = BG (11 Def.) DL = DG (11 Def.) DA = DB (by construction) ∴ DL—DA (or AL) = DG—DB (or BG) (3 Ax.) but BG = BC ∴ AL= BC (1 Ax.)

PROP. III. PROB.

From the greater of two given straight lines to cut off a part equal to the less.

Let AB and C be the two given straight lines whereof AB is the greater. It is required to cut off from AB, the greater, a part equal to C, the less.



From the point A draw (2 I.) the straight line AD equal to C; and from the centre A, and at the distance AD, describe (3 Post.) the circle DEF; and because A is the centre of the circle DEF, AE is equal to AD; but the straight line C is likewise equal to AD; whence AE and C are each of them equal to AD; wherefore, the straight line AE is equal to (1 Ax.) C, and *from* AB *the greater of two straight lines, a part* AE *has been cut off equal to* C *the less.* Which was to be done.

C = AD (by construction) AE = AD (11 Def.) ∴ C = AE (1. Ax.)


সমান নিশ্চয় হইল, আর পূর্ব্বে দর্শিত হইয়াছে যে খছ এবং খগ পরস্পর সমান সুতরাং খগ এবং কঠ প্রত্যেকে খছ সহিত সমান, অতএব কঠ রেখা খগ রেখার সহিত সমান। এইরূপে ক বিন্দু হইতে খগ দৃষ্ট রেখা তুল্য অন্য এক রেখা অঙ্কিত হইল।

সঙ্কেতে উপপত্তি। খগ = খছ (১১ সংজ্ঞা) ঘছ = ঘঠ (১১ সংজ্ঞা) ঘখ = ঘক ∴ ঘছ — ঘখ (অর্থাৎ খছ) = ঘঠ— ঘক (অর্থাৎ কঠ) ∴ কঠ = খছ = খগ (১ স্বতঃ সাধ্য)।

৩ প্রতিজ্ঞা—সম্পাদ্য।

দুই সরল রেখার মধ্যে বৃহত্তর হইতে লঘুতরের সমান এক অংশ ছেদ করিতে হইবে।

কখ এবং গ দুই সরল রেখা তাহার মধ্যে কখ বৃহত্তর, কখ হইতে গ সমান এক অংশ ছেদ করিতে হইবে।



ক বিন্দু হইতে গ সমান এক সরল রেখা (২ প্রতিজ্ঞানুসারে) টান অর্থাৎ কঘ রেখা কর এবং ক কেন্দ্র হইতে কঘ দূর পর্য্যন্ত ঘঙচ এক বৃত্ত অঙ্কিত কর। কঙ সরল রেখা গ সমান হইয়া কখ হইতে ছিন্ন হইল।


উপপত্তি: ক কেন্দ্র হইতে কঘ পর্য্যন্ত ঘঙচ এক বৃত্ত অঙ্কিত হইয়াছে অতএব কঘ এবং কঙ পরস্পর সমান, অপর কঘ এবং গ পরস্পর সমান, অতএব কঙ এবং গ প্রত্যেকে কঘ সমান, সুতরাং কঙ এবং গ পরস্পর সমান। এইরূপে কখ বৃহত্তর রেখা হইতে গ সমান এক অংশ ছিন্ন হইল।

সঙ্কেতে উপপত্তি। গ = কঘ। কঘ = কঙ (১১ সংজ্ঞা) গ = কঘ = কঙ (১ স্বতঃসাধ্য)।

PROP. IV. THEOREM.

If two triangles have two sides of the one equal to two sides of the other, each to each; and have likewise the angles contained by those sides equal to one another, their bases or third sides *are equal; and the areas of the triangles are equal; and their other angles are equal, each to each, viz. those to which the equal sides are opposite*.*

Let ABC, DEF be two triangles which have the two sides AB, AC equal to the two sides DE, DF, each to each, viz. AB to DE, and AC to DF; and let the angle BAC be also equal to the angle EDF: then shall the base BC be equal to the base EF; and




the triangle ABC to the triangle DEF; and the other angles, to which the equal sides are opposite, shall be equal, each to each, viz. the angle ABC to the angle DEF, and the angle ACB to DFE.

For, if the triangle ABC be applied to the triangle DEF, so that the point A may be on D, and the straight line AB upon DE; the point B must coincide with the point E, because AB is equal to DE; and AB coinciding with DE, AC must coincide with DF, because the angle BAC is equal to the angle EDF; wherefore also the point C must coincide with the

* The three conclusions in this enunciation are more briefly expressed by saying, *that the triangles are in every way equal.*

৪ প্রতিজ্ঞা—উপপাদ্য।

দুই ত্রিভুজের মধ্যে যদি একটীর দুই বাহু অন্যের দুই বাহুর সহিত প্রত্যেকে সমান হয় এবং ঐ বাহুদ্বয়ের মধ্যবর্ত্তি কোণ দ্বয়ও যদি পরস্পর সমান হয় তবে ঐ ত্রিভুজ দ্বয়ের ভূমি অর্থাৎ অবশিষ্ট বাহুও পরস্পর সমান হইবে এবং ঐ ত্রিভুজ ক্ষেত্রদ্বয়ও পরস্পর সমান হইবে এবং সমান বাহুর সম্মুখস্থ অবশিষ্ট কোণও পরস্পর সমান হইবে*।



কখগ এবং ঘঙচ দুই ত্রিভুজ, তাহার মধ্যে কখ এবং কগ, ঘঙ এবং ঘচ পরস্পর ক্রমশ সমান অর্থাৎ কখ, ঘঙ সহিত, ও কগ, ঘচ সহিত সমান, এবং খকগ এই কোণ ঙঘচ কোণের সহিত সমান, অতএব খগ এই ভূমি ঙচ ভূমির সহিত সমান এবং কখগ এই ত্রিভুজ ঘঙচ ত্রিভুজের সহিত সমান এবং তাহাদের সমান২ বাহুর সম্মুখস্থ কোণও পরস্পর সমান অর্থাৎ কখগ এই কোণ ঘঙচ কোণের সহিত সমান ও কগখ এই কোণ ঘচঙ কোণের সহিত সমান।

উপপত্তি। যদি কখগ এই ত্রিভুজ ঘঙচ ত্রিভুজের উপর এমত প্রকারে রাখ যে ক বিন্দু ঘ বিন্দুর উপর পড়ে এবং কখ এই সরল রেখা ঘঙ এই সরল রেখার উপর পড়ে, তবে খ বিন্দুও ঙ বিন্দুর উপর অবশ্য পড়িবে কেননা কখ এবং ঘঙ পরস্পর সমান, এবং কখ ও ঘঙ মিলিত হইলে কগ রেখা ঘচ সহিত মিলিবে কেননা খকগ এই মধ্যবর্ত্তি কোণ ঙঘচ মধ্যবর্ত্তি কোণের সহিত সমান, এবং কগ, ঘচ সহিত মিলিলে গও তদ্রূপ চ

---

* এই প্রতিজ্ঞার তিন সাধ্য একেবারে নির্দ্দেশ হইতে পারে যথা দুই ত্রিভুজ সর্ব্বতোভাবে সমান।

point F, because AC is equal to DF: But the point B coincides with the point E; wherefore the base BC must coincide with the base EF (Cor. Def. 3.), and be equal to it. Therefore also, the whole triangle ABC must coincide with the whole triangle DEF, so that the spaces which they contain, or their *areas* (3. Ax.) are equal; and the remaining angles of the one must coincide with the remaining angles of the other, and be equal to them viz. the angle ABC to the angle DEF, and the angle ACB to the angle DFE. Therefore, *if two triangles have two sides of the one equal to two sides of the other, each to each, and have likewise the angles contained by those sides equal to one another; their bases are equal, and their areas are equal, and their other angles, to which the equal sides are opposite, are equal, each to each. Which was to be demonstrated.*

Sym. dem.—B coincides with E ∵ AB = DE; AC coincides with DF ∵ ∠ BAC = ∠ EDF; C coincides with F ∵ AC = DF ∴ BC coincides with EF (cor. 3 def.) ∴ BC = EF (8 Ax.) △ ABC = △ DEF; ∠ ABC = ∠ DEF; ∠ ACB = ∠ DFE (8 Ax.)

PROP. V. THEOR.

The angles at the base of an isosceles triangle are equal to one another; and if the equal sides be produced, the angles upon the other side of the base shall also be equal.

Let ABC be an isosceles triangle, of which the side AB is equal to AC, and let the straight lines, AB, AC be produced to D and E: the angle ABC shall be equal to the angle ACB, and the angle CBD to the angle BCE.

In BD take any point F, and from AE the greater cut off AG equal (3. 1.) to AF the less, and join FC, GB.

Because AF is equal to AG, and AB to AC, the two sides FA, AC are equal to the two GA, AB, each t

উপর পড়িবে কেননা কগ, ঘচ সহিত সমান অতএব খ বিন্দু ঙ সহিত এবং গ বিন্দু চ সহিত মিলিলে (৩ সংজ্ঞার অনুমানানুসারে) খগ ভূমিও ঙচ ভূমির সহিত মিলিয়া সমান হইবে সুতরাং কখগ এই সমস্ত ত্রিভুজ ঘঙচ ত্রিভুজের সহিত সম্যক্ মিলিয়া পরস্পর সমান হইবে, এবং একটীর অবশিষ্ট কোণ দ্বয় অন্যটীর অবশিষ্ট কোণ দ্বয়ের সহিত মিলিবে ও সমান হইবে অর্থাৎ কখগ এবং ঘঙচ পরস্পর সমান হইবে এবং কগখ ও ঘচঙ পরস্পর সমান হইবে। অতএব দুই ত্রিভুজের মধ্যে যদি একটীর দুই বাহু অন্যের দুই বাহুর সহিত প্রত্যেকে সমান হয় এবং ঐ বাহু দ্বয়ের মধ্যবর্ত্তি কোণ দ্বয়ও যদি পরস্পর সমান হয় তবে ঐ ত্রিভুজ দ্বয়ের ভূমি অর্থাৎ অবশিষ্ট বাহুও পরস্পর সমান হইবে এবং ঐ দুই ত্রিভুজও পরস্পর সমান হইবে এবং সমান বাহুর সম্মুখস্থ অবশিষ্ট কোণও পরস্পর সমান হইবে।


সঙ্কেতে উপপত্তি। খ, ঙ সহিত মিলিবে ∵ কখ = ঘঙ। কগ, ঘচ সহিত মিলিবে ∵ ∠ খকগ = ∠ ঙঘচ। গ, চ সহিত মিলিবে ∵ কগ = ঘচ ∴ খগ, ঙচ সহিত মিলিবে (৩ সংজ্ঞার অনুমান) ∴ খগ = ঙচ (৮ স্বতঃ সাধ্য) △ কখগ = △ ঙঘচ, এবং ∠ কখগ = ∠ ঘঙচ, এবং ∠ কগখ = ∠ ঘচঙ।

৫ প্রতিজ্ঞা—উপপাদ্য।

সমদ্বিবাহু ত্রিভুজের ভূমিতে সংলগ্ন কোণদ্বয় পরস্পর সমান এবং যদি সমান বাহুদ্বয়ের বৃদ্ধি করা যায় তবে ভূমির অপর পার্শ্বস্থ কোণদ্বয়ও সমান হইবে।


কখগ এক সমদ্বিবাহু ত্রিভুজ যাহার কখ বাহু কগ বাহুর সহিত সমান। এই বাহুদ্বয় ঘ এবং ঙ পর্য্যন্ত বৃদ্ধি পাউক কখগ কোণ কগখ কোণের সহিত সমান এবং গখঘ কোণ খগঙ কোণের সহিত সমান হইবে।

খঘ সরল রেখার মধ্যে কোন এক বিন্দুর নির্দ্দেশ কর যথা চ এবং (৩ প্রতিজ্ঞানুসারে) কঙ বৃহত্তর হইতে কচ লঘুতরের



each; and they contain the angle FAG common to the two triangles, AFC, AGB: therefore the base FC is equal (4. 1.) to the base GB, and the triangle AFC to the triangle AGB; and the remaining angles of the one are equal (4. 1.) to the remaining angles of the other, each to each, to which the equal sides are opposite, viz. the angle ACF to the angle ABG, and the angle AFC to the angle AGB: And because the whole AF is equal to the whole AG and the part AB to the part AC; the remainder BF is equal (3 Ax.) to the remainder CG; and FC was proved to be equal to GB: therefore the two sides BF, FC are equal to the two CG, GB, each to each; but the angle BFC is equal to the angle CGB; wherefore, the triangles BFC, CGB are equal, (4. 1.) and their remaining angles are equal, to which the equal sides are opposite; therefore the angle FBC is equal to the angle GCB, and the angle BCF to the angle CBG. Now, since it has been demonstrated, that the whole angle ABG is equal to the whole ACF, and the part CBG to the part BCF, the remaining angle ABC is therefore equal to the remaining angle ACB, which are the angles at the base of the triangle ABC: And it has also been proved, that the angle FBC is equal to the angle GCB, which are the angles upon the other side of the base. Therefore, *the angles at the base, &c.* Q. E. D.

Corollary. Hence, *every equilateral triangle is also equiangular.*



সমান এক অংশ ছেদ কর যথা কছ। এবং চ, গ ও ছ, খ, সরল রেখাতে সংযুক্ত কর।

কখ এবং কগ পরস্পর সমান এবং কছ ও কচ পরস্পর সমান অতএব কচগ ও কছখ এই দুই ত্রিভুজের মধ্যে চক ও কগ দুই বাহু, ছক ও কখ দুই বাহুর সহিত একে২ সমান এবং চকছ এই কোণ কচগ ও কছখ এ উভয় ত্রিভুজের মধ্যে সামান্য ভাবে আছে অতএব (৪ প্রতিজ্ঞানুসারে) ঐ ত্রিভুজ দ্বয়ের ভূমিও পরস্পর সমান অর্থাৎ চগ, ছখ সহিত সমান, এবং ঐ ত্রিভুজ দ্বয়ও পরস্পর সমান ও তাহাদের অবশিষ্ট কোণ দ্বয় যাহা সমান২ বাহুর সম্মুখস্থ তাহারাও একে২ পরস্পর সমান অর্থাৎ কখছ, কগচ সহিত, ও কছখ, কচগ সহিত সমান। এবং কচ, কছ সহিত সমান ও কখ, কগ সহিত সমান অতএব এই শেষোক্ত সরল রেখাদ্বয় পূর্ব্বোক্ত রেখাদ্বয় হইতে অবচ্ছিন্ন হইলে (৩ স্বতঃসাধ্যানুসারে) অবশিষ্ট খচ ও গছ পরস্পর সমান হইবে এবং চগ ও খছ পরস্পর সমান উপপন্ন হইয়াছে অতএব এই অপর ত্রিভুজ দ্বয়ের মধ্যে খচ ও চগ, গছ ও ছখ সহিত একে২ পরস্পর সমান এবং ইহাদের মধ্যবর্ত্তি কোণ দ্বয়ও অর্থাৎ খচগ ও গছখ পরস্পর সমান সপ্রমাণ হইয়াছে অতএব (৪ প্রতিজ্ঞানুসারে) এই ত্রিভুজ দ্বয় পরস্পর সমান এবং ইহাদের অবশিষ্ট কোণ যাহা সমান২ বাহুর সম্মুখস্থ তাহারাও একে২ পরস্পর সমান অর্থাৎ খগচ, গখছ সহিত, এবং গখচ, খগছ সহিত পরস্পর সমান। সম্প্রতি কখছ এই কোণ কগচ সহিত সমান সপ্রমাণ হইয়াছে এবং গখছ (যাহা কখছ কোণের এক অংশ) তাহা খগচ (যাহা কগচ কোণের এক অংশ) তাহার সহিত সমান অতএব এই সমুদয় সমান কোণ


Sym. dem.—AB = AC ; AG = AF ; ∠ FAG common to △s AFC, AGB ∴ BG = FC, ∠ ABG = ∠ ACF, ∠ AFC = AGB (4. of 1.) Again AF—AB (i. e. BF) = AG—AC (i. e. CG) by 3 Ax. And ∠ BFC = ∠ CGB ∴ △ BFC = △ CGB, ∠ BCF = CBG, ∠ BCG, = ∠ CBF (4 of 1) ∴ ∠ ABG—∠ CBG (i. e. ∠ ABC) = ∠ ACF—BCF (i. e. ∠ ACB.)

PROP. VI. THEOR.

If two angles of a triangle be equal to one another, the sides which subtend, or are opposite to them, are also equal to one another.

Let ABC be a triangle having the angle ABC qual to the angle ACB ; the side AB is also equal to the side AC.

For, if AB be not equal to AC, one of them must be greater than the other. Let AB be the greater, and from it (3. 1.) cut off BD equal to AC the less, and join DC ; therefore, because in the triangles DBC, ACB, DB is equal to AC, and BC common to both, the two sides DB, BC are equal to the two AC, CB, each to each ; but the angle DBC is also equal to the angle ACB ; therefore the base DC is equal to the base AB, and the area of the triangle DBC is equal to that of the triangle ACB (4. 1.) the less to the greater ; which is absurd. Therefore, AB *is not unequal to* AC, that is, *it is equal to it.* Wherefore, *if two angles, &c.* Q. E. D.



Cor. Hence, *every equiangular triangle is also equilateral.*

Sym. dem.—BD = AC (by construction) BC is common to △s DBC and ACB, ∠ DBC = ∠ ACB


দ্বয় হইতে সমান২ অংশ বিয়োগ করিলে অবশিষ্ট ভাগদ্বয় (৩ স্বতঃ সাধ্যানুসারে) অবশ্য সমান হইবে সুতরাং কখগ কোণ কগখ সহিত সমান। আর ইহারাই ভূমিতে সংলগ্ন কোণ। এবং ভূমির অপর পার্শ্বের কোণ দ্বয় অর্থাৎ গখঘ এবং খগঙ যে সমান তাহা পূর্ব্বে উপপন্ন হইয়াছে। অতএব সমদ্বিবাহু ত্রিভুজের ভূমিতে সংলগ্ন কোণ দ্বয়, ইত্যাদি।

অনুমান। অতএব সমবাহু ত্রিভুজ সমান কোণিও হইবে।

সঙ্কেতে উপপত্তি। কখ = কগ। কছ = কচ। ∠ চকছ, △ কচগ ও কছখ উভয় পক্ষে সামান্য ∴ (৪ প্রতিজ্ঞা) চগ = খছ, ∠ কখছ = ∠ কগচ, ∠ কচগ = ∠ কছখ। (৩ স্বতঃ সাধ্যানুসারে) কচ—কখ (অর্থাৎ খচ) = কছ — কগ (অর্থাৎ গছ)। (পূর্ব্বোক্ত) চগ = ছখ। ∠ খচগ = ∠ গছখ ∴ (৪ প্রতিজ্ঞানুসারে) △ খচগ = △ গছখ, ∠ খগচ = ∠ গখছ, ∠ গখচ = খগছ ∴ ∠ কখছ— ∠ গখছ (অর্থাং ∠ কখগ) = ∠ কগচ— ∠ খগচ (অর্থাৎ ∠ কগখ.)

৬ প্রতিজ্ঞা—উপপাদ্য।

যদি কোন ত্রিভুজের দুই কোণ পরস্পর সমান হয় তবে ঐ সমান কোণের সম্মুখস্থ বাহুদ্বয়ও পরস্পর সমান হইবে।



কখগ এক ত্রিভুজ তাহার মধ্যে কখগ এবং কগখ এই দুই কোণ পরস্পর সমান। অপর কখ এবং কগ দুই বাহুও সমান হইবে।


কেননা যদি বল কখ এবং কগ পরস্পর সমান নহে তবে ইহাদের একটী অন্যটী হইতে বৃহত্তর হইবে, কখ যেন বৃহত্তর জ্ঞান কর এবং (৩ প্রতিজ্ঞানুসারে) তাহা হইতে কগ লঘুতরের সমান এক অংশ ছেদ কর যথা খঘ, এবং ঘ, গ এক সরল রেখাতে সংযুক্ত কর অতএব ঘখগ এবং কখগ এই ত্রিভুজ দ্বয়ের মধ্যে

$\therefore \triangle$ DBC = $\triangle$ ACB (4. of 1) which is absurd (9 Ax.) $\therefore$ AB is not $\neq$ AC i. e. AB = AC.

PROP. VII. THEOR.

Upon the same base, and on the same side of it, there cannot be two triangles, that have their sides which are terminated in one extremity of the base equal to one another, and likewise those which are terminated in the other extremity, equal to one another.

Let there be two triangles ABC, ADB, upon the same base AB, and upon the same side of it, which have their sides CA, DA, terminated in A equal to one another; then their sides CB, DB, terminated in B, cannot be equal to one another.



Join CD, and if possible let CB be equal to DB; then, in the case in which the vertex of each of the triangles is *without* the other triangle, because AC is equal to AD, the angle ACD is equal (5. 1.) to the angle ADC: But the angle ACD is greater than the angle BCD (Ax. 9.); therefore also, the angle ADC is greater than BCD; much more then is the angle BDC greater than the angle BCD. Again, because CB is equal to DB, the angle BDC is equal (5. 1.) to the angle BCD; but it has been demonstrated to be greater than it; which is impossible.

But if one of the vertices, as D, be *within* the other triangle ACB; produce AC, AD to E, F; therefore, because AC is equal to AD in the triangle ACD, the angles ECD, FDC upon the other side of the base CD are equal (5. 1.) to one another, but the angle ECD


ঘখ এবং কগ পরস্পর সমান এবং খগ উভয়েরি এক বাহু সুতরাং ঘখ এবং খগ, কগ এবং খগ ইহারা একেং পরস্পর সমান এবং ইহাদের মধ্যবর্ত্তি কোণ দ্বয় অর্থাৎ ঘখগ এবং কগখ ইহারাও পরস্পর সমান অতএব (৪ প্রতিজ্ঞা) ঘগ এবং কখ ও পরস্পর সমান এবং ঘখগ ত্রিভুজ কগখ ত্রিভুজের সহিত সমান কিন্তু ঘখগ, কগখ ত্রিভুজের অংশ মাত্র হইয়া লঘুতর হইবে তবে পূর্ব্বোক্ত কল্পনাতে লঘুতর বৃহত্তরের সহিত সমান হইল তাহা অসাধ্য অতএব কখ, কগ হইতে বিষম নয় অর্থাৎ সমান। অতএব যদি কোন ত্রিভুজের, ইত্যাদি।

অনুমান। সুতরাং সমানকোণ ত্রিভুজ সমবাহুক ও হইবে।

সঙ্কেতে উপপত্তি। যদি ঘখ = কগ,। খগ, কখগ ও ঘখগ ত্রিভুজের সামান্য বাহু, ∠ ঘখগ = ∠ কগখ ∴ (৪ প্রতিজ্ঞানুসারে) △ ঘখগ = △ কখগ, তাহা অসাধ্য (৯স্বতঃ সাধ্য) ∴ কখ ≠ কগ নহে অর্থাৎ কখ = কগ।


৭ প্রতিজ্ঞা—উপপাদ্য।

এক ভূমির উপরে এক পার্শ্বে এমত দুই ত্রিভুজ হইতে পারে না যে তাহাদের ভূমির একাগ্রে সংলগ্ন বাহুদ্বয় পরস্পর সমান সত্ত্বে ভূমির অন্যাগ্রে সংলগ্ন বাহুদ্বয়ও তদ্রূপ সমান হইবে।



কখগ এবং কখঘ দুই ত্রিভুজ কখ ভূমির উপর একি পার্শ্বে কল্পনা কর তবে কগ এবং কঘ একাগ্রে অর্থাৎ খ বিন্দুতে সংলগ্ন হইয়া পরস্পর সমান থাকিলে খগ এবং খঘ অন্যাগ্রে অর্থাৎ গ বিন্দুতে সংলগ্ন হইয়া তদ্রূপ পরস্পর সমান হইতে পারে না।

যদি বল হইতে পারে তবে গ এবং ঘ সরল রেখাতে সংযুক্ত কর, এবং প্রথমতঃ যদি উক্ত ত্রিভুজের শৃঙ্গদ্বয় পরস্পরের ক্ষেত্রের বহিস্থ হয় তবে কগ এবং কঘ সমান হওয়াতে কগঘ এক সমদ্বিবাহু ত্রিভুজ হইল সুতরাং কগঘ এবং কঘগ এই কোণ দ্বয় (৫ প্রতিজ্ঞানুসারে) পরস্পর সমান, কিন্তু খগঘ, কগঘ কোণের অংশ মাত্র হওয়াতে তাহা হইতে লঘুতর অতএব




is greater than the angle BCD (Ax. 9); wherefore, the angle FDC is likewise greater than BCD; much more then is the angle BDC greater than the angle BCD. Again, because CB is equal to DB, the angle BDC is equal (5. 1.) to the angle BCD; but BDC has been proved to be greater than the same BCD; which is impossible. The case in which the vertex of one triangle is upon a side of the other, needs no demonstration.

Therefore, *upon the same base, and on the same side of it, there cannot be two triangles that have their sides which are terminated in one extremity of the base equal to one another, and likewise those which are terminated in the other extremity equal to one another.* Q. E. D.

Sym. dem.—First case. $\angle$ ACD $=$ $\angle$ ADC $\because$ AC $=$ AD (5. of 1.) $\angle$ ACD $>$ $\angle$ BCD (9. Ax.) $\therefore$ ADC $>$ $\angle$ BCD; $\angle$ BDC $>$ $\angle$ ADC (9. Ax.) $\therefore$ $\angle$ BDC $>$ $\angle$ BCD. But if BC $=$ BD, then $\angle$ BDC $=$ $\angle$ BCD (5. of 1.) which is absurd $\therefore$ BC $\neq$ BD.

Sym dem.—Second case. If AC $=$ AD, $\angle$ ECD $=$ $\angle$ CDF (5 of 1.) $\angle$ ECD $>$ BCD (9 Ax.) $\therefore$ $\angle$ CDF $>$ $\angle$ BDC; $\angle$ BDC $>$ CDF (9 Ax.) $\therefore$ $\angle$ BDC $>$ BCD. But if BD $=$ BC, $\angle$ BDC $=$ $\angle$ BCD which is absurd $\therefore$ BD $\neq$ BC.

খগঘ, কঘগ হইতেও লঘুতর এবং কঘগ হইতে খঘগ বৃহত্তর হওয়াতে খগঘ, খঘগ হইতে আরো অধিক লঘুতর কিন্তু খগ এবং খঘ পরস্পর সমান অতএব খগঘ এবং খঘগ (৫ প্রতিজ্ঞা) পরস্পর সমান হইবে। ইহা অসাধ্য। সুতরাং কগ, কঘ সমান সত্ত্বে খগ, খঘ সমান হইবে না।



দ্বিতীয়তঃ। উক্ত ত্রিভুজ দ্বয়ের মধ্যে যদি একটীর শৃঙ্গ অন্যের মধ্যবর্ত্তি হয় যেমত এই আকৃতিতে আছে তবে গ এবং ঘ সরল রেখাতে সংযুক্ত কর এবং কগ ও কঘ, ঙ এবং চ পর্য্যন্ত বৃদ্ধি কর। যদি কগ, কঘ সমান তবে কগঘ সমদ্বিবাহু ত্রিভুজ সুতরাং ভূমির অপর পার্শ্বস্থ কোণদ্বয় অর্থাৎ ঘগঙ এবং গঘচ পরস্পর সমান কিন্তু ঘগঙ, খগঘ হইতে বৃহত্তর সুতরাং গঘচ কোণও খগঘ হইতে বৃহত্তর তবে গঘখ, খগঘ হইতে আরো বৃহত্তর. কিন্তু খঘ এবং খগ যদি পরস্পর সমান হয় তবে খগঘ এবং খঘগ পরস্পর সমান, ইহা অসাধ্য, অতএব খঘ এবং খগ পরস্পর সমান নহে। যদি একটী ত্রিভুজের শৃঙ্গ অন্যটীর পার্শ্বের উপর থাকে তবে প্রতিজ্ঞার উপপত্তি অতি স্পষ্ট। অতএব এক ভূমির উপরে, ইত্যাদি।


সঙ্কেতে উপপত্তি। ১ প্রকরণ। ∠কগঘ = ∠কঘগ ∵ কগ = কঘ। ∠কগঘ ⁊ ∠খগঘ (৯ স্বতঃসাধ্য) ∴ কঘগ ⁊ খগঘ। ∠খঘগ ⁊ ∠কঘগ ∴ ∠খঘগ ⁊ ∠খগঘ। কিন্তু যদি খগ = খঘ, তবে ∠খঘগ = ∠খগঘ। ইহা অসাধ্য, ∴ খগ ≠ খঘ।

২ প্রকরণ। কগ = কঘ ∴ ∠ঙগঘ = ∠গঘচ (৫ প্রতিজ্ঞা) ∠ঙগঘ ⁊ খগঘ ∴ ∠গঘচ ⁊ খগঘ। ∴ ∠গঘখ ⁊ ∠খগঘ। কিন্তু খঘ = খগ হইলে ∠খঘগ = খগঘ। ইহা অসাধ্য, খঘ ≠ খগ।

PROP. VIII. THEOR.

If two triangles have two sides of the one equal to two sides of the other, each to each, and have likewise their bases equal; the angle which is contained by the two sides of the one is equal to the angle contained by the two sides of the other.


Let ABC, DEF, be two triangles having the two sides AB, AC, equal to the two sides DE, DF, each to each, viz. AB to DE, and AC to DF; and also the base BC equal to the base EF. The angle BAC is equal to the angle DEF.



For, if the triangle ABC be applied to the triangle DEF, so that the point B be on E, and the straight line BC upon EF : the point C must also coincide with the point F, because BC is equal to EF; therefore BC coinciding with EF, BA and AC must coincide with ED, and DF; for, if BA and CA do not coincide with ED, and FD, but have a different situation as EG and FG; then, upon the same base EF, and upon the same side of it, there can be two triangles EDF, EGF, that have their sides which are terminated in one extremity of the base equal to one another, and likewise their sides terminated in the other extremity; but this is impossible (7. 1.); therefore, if the base BC coincide with the base EF, the sides BA, AC cannot but

৮ প্রতিজ্ঞা—উপপাদ্য।

দুই ত্রিভুজের মধ্যে যদি একটীর দুই বাহু অন্যের দুইবাহুর সহিত পরস্পর সমান হয় এবং তাহাদের ভূমিও যদি পরস্পর সমান হয় তবে উভয় ত্রিভুজে ঐ বাহু দ্বয়ের মধ্যগত কোণও পরস্পর সমান হইবে।



কখগ ও ঘঙচ দুই ত্রিভুজ, তাহার মধ্যে একটীর কখ ও কগ এই দুই বাহু অন্যের ঘঙ ও ঘচ এই দুই বাহুর সহিত পরস্পর প্রত্যেকে সমান, অর্থাৎ কখ ও ঘঙ পরস্পর সমান এবং কগ ও ঘচ পরস্পর সমান এবং ইহাদের খগ ও ঙচ দুই ভূমিও পরস্পর সমান অতএব খকগ এই কোণ ঙঘচ এই কোণের সহিত সমান হইবে।

উপপত্তি। যদি কখগ ত্রিভুজ ঘঙচ ত্রিভুজের উপর এমত করিয়া রাখ যে খ বিন্দু ঠিক ঙ বিন্দুর উপরে পড়ে এবং খগ রেখা ঠিক ঙচ রেখার উপরে পড়ে তবে গ বিন্দুও চ বিন্দুর উপর পড়িবে কেননা কগ, ঘচ সহিত সমান, অতএব খগ ভূমি ঙচ ভূমির সহিত মিলিলে কখ, ঘঙ সহিত এবং কগ, ঘচ সহিত অবশ্য মিলিবে, কেননা খগ ভূমি ঙচ ভূমির সহিত মিলিলে যদি কখ, ঘঙ সহিত এবং কগ, ঘচ সহিত না মিলিয়া ছঙ ও ছচ ন্যায় অন্য প্রকারে অবস্থিতি করে তবে এক ভূমি যে ঙচ তাহার উপরে এবং এক দিকে এমত দুই ত্রিভুজ হইতে পারে যাহাদের একাগ্রে সংলগ্ন বাহুদ্বয় পরস্পর সমান সত্ত্বে অন্যাগ্রে সংলগ্ন বাহুদ্বয়ও তদ্রূপ সমান হইবে কিন্তু তাহা (৭ প্রতিজ্ঞানুসারে) অসাধ্য, অতএব খগ ভূমি ঙচ ভূমির সহিত মিলিলে কখ এবং কগ প্রত্যেকে ঘঙ ও ঘচ সহিত

coincide with the sides ED, DF; wherefore likewise, the angle BAC coincides with the angle EDF, and is equal (8. Ax.) to it. Therefore, *if two triangles, &c.* Q. E. D.


Sym. dem. ∵ B coincides with E and BC with EF ∴ C coincides with F ∵ BC = EF; AB and AC shall coincide with DE and DF for (by 7 of 1.) it cannot be otherwise ∴ ∠ BAC = ∠ EDF.

PROP. IX. PROB.

To bisect a given rectilineal angle, that is, to divide it into two equal angles.

Let BAC be the given rectilineal angle, it is required to bisect it.

Take any point D in AB, and from AC cut (3. 1.) off AE equal to AD; join DE, and upon it describe (1. 1.) an equilateral triangle DEF; then join AF; the straight line AF bisects the angle BAC.



Because AD is equal to AE, and AF is common to the two triangles DAF, EAF; the two sides DA AF, are equal to the two sides EA AF, each to each; but the base DF is also equal to the base EF; therefore the angle DAF is equal (8. 1.) to the angle EAF: wherefore, *the given rectilineal angle* BAC *is bisected by the straight line* AF. Which was to be done.


Sym. dem. AD = AE (by constr.) AF common to △s ADF, AEF and DF = EF ∴ ∠ DAF = ∠ FAE (8 of 1.)

অবশ্য পরস্পর মিলিবে এবং তন্নিমিত্তে খকগ কোণ ঙঘচ কোণের সহিত মিলিয়া সমান হইবে। অতএব দুই ত্রিভুজের মধ্যে, ইত্যাদি।

সঙ্কেতে উপপত্তি। ∵ খ, ঙ সহিত মিলে এবং খগ, ঙচ সহিত মিলে ∴ গ, চ সহিত মিলিবে, ∵ খগ = ঙচ। কখ ও কগ, ঘঙ ও ঘচ সহিত মিলিবে কেননা (৭ প্রতিজ্ঞা) তাহার অন্যথা হইতে পারে না। ∴ ∠ খকগ = ∠ ঙঘচ।

৯ প্রতিজ্ঞা—সম্পাদ্য।

এক নির্দ্দিষ্ট সরল রৈখিক কোণকে দ্বিখণ্ড অর্থাৎ দুই সমান ভাগে বিভক্ত করিতে হইবে।



খকগ এক নির্দ্দিষ্ট সরল রৈখিক কোণ ইহাকে দ্বিখণ্ড করিতে হইবে। কখ সরল রেখার মধ্যে কোন এক বিন্দু লও অর্থাৎ ঘ, এবং কগ হইতে কঘ সমান এক অংশ (৩ প্রতিজ্ঞানুসারে) ছেদন কর যথা কঙ, পরে ঘ এবং ঙ সরল রেখার দ্বারা সংযুক্ত কর এবং ঘঙ রেখার উপর (১ প্রতিজ্ঞানুসারে) এক সমবাহু ত্রিভুজ অঙ্কিত কর যথা ঘঙচ, পরে ক, চ সরল রেখার দ্বারা সংযুক্ত কর। খকগ কোণ কচ সরল রেখা দ্বারা দ্বিখণ্ড অর্থাৎ দুই সমান ভাগে বিভক্ত হইল।

উপপত্তি। কঘ, কঙ সহিত সমান যে হেতুক তাহারা সমান ভাবে ছিন্ন হইয়াছে এবং কচ সরল রেখা ঘকচ ও ঙকচ এই দুই ত্রিভুজের সামান্য বাহু অতএব ঘক ও কচ ইহারা উভয়ে পরস্পর প্রত্যেকে ঙক ও কচ সহিত সমান এবং ঘচ ভূমি ঙচ ভূমির সহিত সমান অতএব (৮ প্রতিজ্ঞানুসারে) ঘকচ কোণ ঙকচ কোণের সহিত সমান, সুতরাং কচ সরল রেখা দ্বারা খকগ কোণ দ্বিখণ্ড হইয়াছে।


PROP. X. PROB.

To bisect a given finite straight line, that is, to divide it into two equal parts.

Let AB be the given straight line; it is required to divide it into two equal parts.

Describe (1. 1.) upon it an equilateral triangle ABC, and bisect (9. 1.) the angle ACB by the straight line CD. AB is cut into two equal parts in the point D.

Because AC is equal to CB, and CD common to the two triangles ACD, BCD; the two sides AC, CD, are equal to the two BC, CD, each to each; but the angle ACD is also equal to the angle BCD; therefore the base AD is equal to the base (4. 1.) DB, and *the straight line* AB, *is divided into two equal parts in the point* D. Which was to be done.



Sym. dem. AC = CB, CD common to △s ADC, BDC, ∠ ACD = ∠ BCD (by constr.) ∴ AD = DB (4 of 1.)

PROP. XI. PROB.

To draw a straight line at right angles to a given straight line, from a given point in that line.


Let AB be a given straight line, and C a point given in it; it is required to draw a straight line from the point C at right angles to AB.

Take any point D in AC, and (3. 1.) make CE equal to CD and upon DE describe (1. 1.) the equilateral triangle DFE, and join FC; the straight line FC, drawn from the given point C, is at right angles to the given straight line AB.

সঙ্কেতে উপপত্তি। কঘ = কঙ। কচ, △ কঘচ ও কঙচ উভয়ের সামান্য বাহু। ঘচ = ঙচ ∴ ∠ ঘকচ = ∠ চকঙ (৮ প্রতিজ্ঞা)।

১০ প্রতিজ্ঞা—সম্পাদ্য।

এক নির্দ্দিষ্ট সীমা বিশিষ্ট সরল রেখাকে দ্বিখণ্ড অর্থাৎ দুই সমান ভাগে বিভক্ত করিতে হইবে।



কখ এক নির্দ্দিষ্ট সরল রেখা ইহাকে দুই সমান ভাগে বিভক্ত করিতে হইবে।

উক্ত সরল রেখার উপর (১ প্রতিজ্ঞা) এক সমবাহু ত্রিভুজ অঙ্কিত কর এবং (৯ প্রতিজ্ঞা) কগখ কোণকে গঘ সরল রেখার দ্বারা দ্বিখণ্ড কর, ঘ বিন্দুতে কখ দুই সমান ভাগে বিভক্ত হইল।


উপপত্তি। কগ ও গখ পরস্পর সমান, যেহেতুক ইহারা সমবাহু ত্রিভুজের বাহু, এবং গঘ সরল রেখা কগঘ ও খগঘ ত্রিভুজ দ্বয়ের সামান্য বাহু অতএব কগ ও গঘ দুই বাহু খগ ও গঘ দুই বাহুর সহিত পরস্পর প্রত্যেকে সমান এবং কগঘ ও খগঘ এই দুই কোণ পরস্পর সমান অতএব (৪ প্রতিজ্ঞা) কঘ ভূমি ঘখ ভূমির সহিত সমান সুতরাং ঘ বিন্দুতে কখ রেখা দুই সমান ভাগে বিভক্ত হইয়াছে।

সঙ্কেতে উপপত্তি। কগ = গখ। গঘ, △ কগঘ ও খগঘর সামান্য বাহু। ∠ কগঘ = ∠ খগঘ (অঙ্কপাত) ∴ কঘ = ঘখ।

১১ প্রতিজ্ঞা—সম্পাদ্য।

নির্দ্দিষ্ট সরল রেখার উপর তাহার অন্তরস্থ কোন বিন্দু হইতে লম্ব টানিতে হইবে।

কখ এক সরল রেখা এবং গ তাহার অন্তরস্থ এক বিন্দু, গ হইতে কখ রেখার উপর এক লম্ব টানিতে হইবে।




Because DC is equal to CE, and FC is common to the two triangles DCF, ECF, the two sides DC, CF are equal to the two EC, CF, each to each; but the base DF is also equal to the base EF; therefore the angle DCF is equal (8. 1.) to the angle ECF; and they are adjacent angles. But, when the adjacent angles which one straight line makes with another straight line are equal to one another, each of them is called a right (7 Def.) angle; therefore each of the angles DCF, ECF is a right angle. Wherefore, *from the given point* C, *in the given straight line* AB, FC *has been drawn at right angles to* AB. Which was to be done.

Sym. dem. DC = CE; FC common to △s FCD, FCE; DF = FE (by constr.) ∴ ∠ FCD = ∠ FCE (8 of 1.) ∴ FC ⊥ to AB (7 Def.)


PROP. XII. PROB.

To draw a straight line perpendicular to a given straight line, of an unlimited length, from a given point without it.

Let AB be a given straight line, which may be produced to any length both ways, and let C be a point without it. It is required to draw a straight line perpendicular to AB from the point C.



Take any point D upon the other side of AB, and from the centre C, at the distance CD, describe (3 Post.) the circle EGF meeting AB in F,




কগ মধ্যে কোন এক বিন্দু লও যথা ঘ, এবং গখ হইতে গঘ সমান এক অংশ (৩ প্রতিজ্ঞা) ছেদ কর যথা গঙ এবং ঘঙ রেখার উপর এক সমবাহু ত্রিভুজ (১ প্রতিজ্ঞা) অঙ্কিত কর যথা ঘচঙ পরে চ ও গ এক সরল রেখা দ্বারা সংযুক্ত কর। চগ সরল রেখা গ বিন্দু হইতে উঠিয়া কখ উপর লম্ব ভাবে আছে।

উপপত্তি। ঘগ ও গঙ পরস্পর সমান এবং চগ, ঘচগ ও ঙচগ এই দুই ত্রিভুজের সামান্য বাহু অতএব ঘগ ও গচ, ঙগ ও গচ সহিত পরস্পর প্রত্যেকে সমান এবং ঘচ ভূমিও ঙচ ভূমির সহিত সমান অতএব (৮ প্রতিজ্ঞা) ঘগচ এবং ঙগচ কোণ দ্বয় পরস্পর সমান, ইহারাই চগ সরল রেখার দুই পার্শ্বস্থ কোণ, অপর এক সরল রেখার উপর অন্য সরল রেখা যোগে উভয় পার্শ্বস্থ কোণ সমান হইলে প্রত্যেককে সমকোণ কহে অতএব ঘগচ এবং ঙগচ প্রত্যেকে সমকোণ সুতরাং গ বিন্দু হইতে কখ রেখার উপর গচ, লম্বভাবে অঙ্কিত হইয়াছে।

সঙ্কেতে উপপত্তি। ঘগ = গঙ। চগ, △ ঘগচ ও ঙগচ উভয়ের সামান্য। ঘচ = ঙচ ∴ ∠চগঘ = ∠চগঙ, ∴ গচ, কখ উপর ⊥ (৭ সংজ্ঞা)।

১২ প্রতিজ্ঞা—সম্পাদ্য।

এক নির্দ্দিষ্ট অসীমা সরল রেখার উপর তদ্বহিঃস্থ কোন নির্দ্দিষ্ট বিন্দু হইতে লম্ব টানিতে হইবে।



কখ এক নির্দ্দিষ্ট অসীমা সরল রেখা অর্থাৎ ইহাকে উভয় পার্শ্বে যত ইচ্ছা বৃদ্ধি করা যাইতে পারে এবং গ ইহার

G; and bisect (10. 1.) FG in H, and join CF, CH, CG; the straight line CH, drawn from the given point C, is perpendicular to the given straight line AB.


Because FH is equal to HG, and HC is common to the two triangles FHC, GHC, the two sides FH, HC are equal to the two GH, HC, each to each; but the base CF is also equal (11. Def. 1.) to the base CG; therefore the angle CHF is equal (8. 1.) to the angle CHG; and they are adjacent angles; now, when a straight line standing on a straight line makes the adjacent angles equal to one another, each of them is a right angle, and the straight line which stands upon the other is called a perpendicular to it; therefore *from the given point* C, *a perpendicular* CH *has been drawn to the given straight line* AB. Which was to be done.


Sym. dem. FH = HG (by constr.) CH common to △s FCH, GCH; FC = CG (11. Def.) ∴ ∠ CHF = ∠ CHG ∴ CH ⊥ to AB (7 Def.)

PROP. XIII. THEOR.

The angles which one straight line makes with another, upon one side of it, are either two right angles, or are together equal to two right angles.

Let the straight line AB make with CD, upon one side of it, the angles CBA, ABD; these are either two right angles, or are together equal to two right angles.





বহিঃস্থ এক বিন্দু,গ হইতে কখ রেখার উপর লম্ব টানিতে হইবে।


কখ সরল রেখার অপর পার্শ্বে এক বিন্দু লও যথা ঘ, এবং গ বিন্দুকে কেন্দ্র করিয়া গঘ পর্য্যন্ত বৃত্ত অঙ্কিত কর যথা চছঙ, ইহা কখ সরল রেখার সহিত চ এবং ছ বিন্দুতে সংলগ্ন হইতেছে পরে চছ সরল রেখাকে জ বিন্দুতে দ্বিখণ্ড কর ও গছ, গজ, এবং গচ এই২ রেখা টান। গজ, গ বিন্দু হইতে কখ রেখার উপর লম্বভাবে অঙ্কিত হইল।

উপপত্তি। চজ, জছ সহিত সমান এবং জগ, চজগ ও ছজগ দুই ত্রিভুজের সামান্য বাহু সুতরাং চজ ও জগ, ছজ ও জগ ইহারা ক্রমশ সমান এবং (১১ সংজ্ঞা) চগ ভূমিও ছগ ভূমির তুল্য অতএব (৮ প্রতিজ্ঞা) চজগ কোণ ছজগ কোণের সহিত সমান, ইহারাই গজ রেখার দুই পার্শ্বস্থ কোণ এবং এক সরল রেখা অন্য সরল রেখার উপর দণ্ডায়মান হইয়া উভয় পর্শ্বস্থ কোণ সমান করিলে প্রত্যেক কোণকে সমকোণ কহে ও দণ্ডায়মান রেখাকে লম্ব কহে অতএব নির্দ্দিষ্ট কখ রেখার উপর গ বিন্দু হইতে গজ লম্ব ভাবে টানা গিয়াছে।

সঙ্কেতে উপপত্তি। চজ = জছ। জগ, $\triangle$ গজচ, গজছ উভয়ের সামান্য। চগ = ছগ। $\therefore$ $\angle$চজগ = $\angle$ছজগ $\therefore$ গজ, কখ উপর $\perp$ (৭ সংজ্ঞা)।

১৩ প্রতিজ্ঞা—উপপাদ্য।

এক সরল রেখা অন্য সরল রেখার সহিত সংলগ্ন হইয়া এক দিকে যে২ কোণ বিস্তার করে তাহা দুই সম কোণ অথবা একত্র সমুচ্চয়ে দুই সম কোণের সমান হয়।



For, if the angle CBA be equal to ABD, each of them is a right angle (Def. 7.); but, if not, from the point. B draw BE at right angles (11. 1.) to CD; therefore the angles CBE, EBD are two right angles. Now, the angle CBE is equal to the two angles CBA, ABE together; add the angle EBD to each of these equals, and the two angles CBE, EBD, will be equal (2 Ax.) to the three angles CBA, ABE, EBD. Again, the angle DBA is equal to the two angles DBE, EBA; add to each of these equals the angle ABC; then will the two angles DBA, ABC be equal to the three angles DBE, EBA, ABC; but the angles CBE, EBD have been demonstrated to be equal to the same three angles; and things that are equal to the same thing are equal (1 Ax.) to one another; therefore the angles CBE, EBD, are equal to the angles DBA, ABC; but CBE, EBD, are two right angles; therefore DBA, ABC are together equal to two right angles. Wherefore, *when a straight line, &c* Q. E. D.

Sym dem. $\angle$ CBE = $\angle$ CBA + $\angle$ ABE $\because$ $\angle$ CBE + $\angle$EBD = $\angle$ CBA + $\angle$ ABE + $\angle$ EBD (2. Ax.) $\angle$ DBA = $\angle$ ABE + $\angle$ EBD $\therefore$ $\angle$ DBA + $\angle$ ABC = $\angle$ ABC + $\angle$ ABE + $\angle$ EBD = $\angle$ CBE + $\angle$ EBD = 2 Rt. $\angle$s.

PROP. XIV. THEOR.

If, at a point in a straight line, two other straight lines, upon the opposite sides of it make the adjacent angles together equal to two right angles, these two straight lines are one and the same straight line.

At the point B in the straight line AB, let the two straight lines BC, BD upon the opposite sides of AB, make the adjacent angles ABC, ABD together equal to two right angles. BD is in the same straight line with CB.

For, if BD be not in the same straight line with CB, let BE be in the same straight line with it;

কখ সরল রেখা গঘ সরল রেখার সহিত এক দিকে দুই কোণ বিস্তার করুক যথা কখগ এবং কখঘ, ইহারা দুই সম কোণ অথবা একত্র যোগে দুই সম কোণের সমান।


উপপত্তি। যদি কখগ কোণ কখঘ কোণের সমান হয় তবে (৭ সং) ইহারা প্রত্যেকে সম কোণ, আর যদি তাহা না হয় তবে খ বিন্দু হইতে গঘ সরল রেখার উপর (১১ প্র.) এক লম্ব টান যথা খঙ, অতএব ঙখঘ ও ঙখগ ইহারা দুই সমকোণ, অপর ঙখগ কোণ কখগ এবং কখঙ এ উভয়ের সমান, তবে এই দুই তুল্য পদার্থে ঙখঘ যোগ করিলে ঙখগ এবং ঙখঘ এই দুই কোণ (২ স্ব. সা.) কখগ কখঙ এবং ঙখঘ এই তিন কোণের সমান, এবং ঘখক কোণ, ঘখঙ এবং ঙখক এই দুই কোণের সমান অতএব এই তুল্য পদার্থে কখগ যোগ করিলে ঘখক এবং কখগ এই দুই কোণ ঘখঙ ঙখক এবং কখগ এই তিন কোণের সমান হইবে, কিন্তু পূর্ব্বে উপপন্ন হইয়াছে যে ঙখগ এবং ঙখঘ এই দুই কোণ উক্ত তিন কোণের সমান, অতএব (১ স্ব. সা.) যে২ বস্তু প্রত্যেকে কোন এক বস্তুর সমান তাহারা পরস্পর সমান সুতরাং ঙখগ এবং ঙখঘ এই কোণ দ্বয় ঘখক এবং কখগ এ কোণ দ্বয়ের সহিত সমান, কিন্তু ঙখগ এবং ঙখঘ ইহারা দুই সম কোণ অতএব ঘখক এবং কখগ ইহারা একত্র দুই সম কোণের সমান। অতএব এক সরল রেখা, ইত্যাদি।

সং উ.। ∠গখঙ = ∠গখক + ∠কখঙ। ∴ ∠গখঙ + ∠ঙখঘ = ∠গখক + ∠কখঙ + ∠ঙখঘ (২ স্ব. সা.) ∠ঘখক = ∠কখঙ + ∠ঙখঘ ∴ ∠ঘখক + ∠কখগ = ∠কখগ + ∠কখঙ + ∠ঙখঘ = ∠গখঙ + ∠ঙখঘ = ২ সমকোণ।

১৪ প্রতিজ্ঞা—উপপাদ্য।

যদি এক সরল রেখার কোন বিন্দুতে অন্য দুই সরল রেখা ভিন্ন২ পার্শ্ব হইতে আসিয়া সমীপস্থ কোণ দ্বয়কে একত্র দুই সম কোণের সমান করে তবে এই দুই সরল রেখা একি সরল রেখাতে থাকিবে।

therefore, because the straight line AB makes angles with the straight line CBE, upon one side of it, the angles ABC, ABE are together equal (13. 1.) to two right angles; but the angles ABC ABD are likewise together equal to two right angles; therefore the



Let ABC be a triangle, of which the side BC is bisected in D, and DA drawn to the opposite angle: the squares of BA and AC are together double of the squares of BD and DA.

From A draw AE perpendicular to BC, and because BEA is a right angle, $AB^2 =$ (47. 1.) $BE^2 + AE^2$ and $AC^2 = CE^2 + AE^2$: wherefore $AB^2 + AC^2 = BE^2 + CE^2 + 2AE^2$. But because the line BC is cut equally in D, and unequally in E, $BE^2 + CE^2 =$ (9. 2.) $2BD^2 + 2DE^2$: therefore $AB^2 + AC^2 = 2BD^2 + 2DE^2 + 2AE^2$.



Now, $DE^2 + AE^2 =$ (47. 1.) AD^2, and $2DE^2 + 2AE^2 = 2AD^2$; wherefore $AB^2 + AC^2 = 2BD^2 + 2AD^2$. Therefore, &c. Q. E. D.

PROP. B. THEOR.


The sum of the squares of the diagonals of any parallelogram is equal to the sum of the squares of the sides of the parallelogram.

Let ABCD be a parallelogram, of which the diagonals are AC and BD; the sum of the squares of AC and BD is equal to the sum of the squares of AB, BC, CD, DA.

ক প্রতিজ্ঞা—উপপাদ্য।

কোন ত্রিভুজের এক বাহু দ্বিখণ্ড হইলে অন্য দুই বাহুর সমচতুর্ভুজের যোগে, দ্বিখণ্ডিত বাহুর অর্দ্ধের সমচতুর্ভুজের এবং দ্বিখণ্ড চিহ্ন হইতে সম্মুখস্থ কোণ পর্য্যন্ত অঙ্কিত রেখার সমচতুর্ভুজের দ্বিগুণ হইবে।

কখগ এক ত্রিভুজ, তাহার খগ বাহু ঘ বিন্দুতে দ্বিখণ্ড হইয়াছে, এবং ঘক সম্মুখস্থ কোণ পর্য্যন্ত টানা গিয়াছে। কখ এবং কগ দুএর সমচতুর্ভুজ একত্র যোগে খঘ ও কঘ দুএর সমচতুর্ভুজের দ্বিগুণ হইবে।



ক হইতে খগ উপর কঙ লম্বভাবে টান। কঙখ সমকোণ হওয়াতে (১। ৪৭) কখ^২ = খঙ^২ + কঙ^২ এবং কগ^২ = গঙ^২ + কঙ^২ সুতরাং কখ^২ + কগ^২ = খঙ^২ + গঙ^২ + ২কঙ^২। অপর খগ রেখা ঘ বিন্দুতে দুই সমান ভাগে ও ঙ বিন্দুতে দুই অসমান ভাগে বিভক্ত হওয়াতে (২। ৯) খঙ^২ + গঙ^২ = ২খঘ^২ + ২ঘঙ^২ সুতরাং কখ^২ + কগ^২ = ২খঘ^২ + ২ঘঙ^২ + ২কঙ^২।


অপর ঘঙ^২ + কঙ^২ + = কঘ^২ এবং ২ঘঙ^২ + ২কঙ^২ = ২কঘ^২ সুতরাং কখ^২ + কগ^২ = ২খঘ^২ + ২কঘ^২। অতএব কোন ত্রিভুজের, ইত্যাদি।

খ প্রতিজ্ঞা—উপপাদ্য।

কোন সমানান্তরাল ক্ষেত্রের দুই কর্ণের দুই সমচতুর্ভুজ একত্র যোগে ঐ সমানান্তরাল ক্ষেত্রের বাহু সমূহের সমচতুর্ভুজের যোগ সমান হইবে।

কখগঘ এক সমানান্তরাল ক্ষেত্র, কগ,খঘ ইহার দুই কর্ণ, কগ, খঘ এ দুএর সমচতুর্ভুজ কখ, খগ, গঘ, ঘক, এ সকলের সমচতুর্ভুজ সমান হইবে।

Let AC and BD intersect one another in E: and because the vertical angles AED, CEB are equal (15. 1.), and also the alternate angles EAD, ECB (29. 1.), the triangles ADE, ECB have two angles in the one equal to two angles in the other, each to each: but the sides AD and BC, which are opposite to equal angles, in these triangles are also equal (34. 1.); therefore the other sides which are opposite to the equal angles are also equal (26. 1.) viz. AE to EC, and ED to EB.




Since, therefore, BD is bisected in E, $AB^2 + AD^2 = $ (A. 2) $2BE^2 + 2AE^2$; and for the same reason, $CD^2 + BC^2 = 2BE^2 + 2EC^2 = 2BE^2 + 2AE^2$, because EC=AE. Therefore $AB^2 + AD^2 + DC^2 + BC^2 = 4BE^2 + 4AE^2$. But $4BE^2 = BD^2$; and $4AE^2 = AC^2$ (2. cor. 8. 2.) because BD and AC are both bisected in E; therefore $AB^2 + AD^2 + CD^2 + BC^2 = BD^2 + AC^2$. Therefore, "*the sum of the squares*," &c. Q. E. D.

Cor. From this demonstration, it is manifest that *the diagonals of every parallelogram bisect one another.*

PROP. C. THEOR.

'*If a straight line be drawn from any point in the base 'of an isosceles triangle, or the base produced, to the 'opposite angle; the rectangle contained by the seg-'ments between the point and the extremities of the 'base is equal to the difference between the square of 'the line drawn to the opposite angle, and the square 'of one of the equal sides.*

'Let ABC be an isosceles triangle, and let a straight 'line be drawn from any point D in the base, (fig. 1.)



কগ ও খঘ ঙ বিন্দুতে পরস্পর ছেদ করুক। কঙঘ ও গঙখ সম্মুখস্থ কোণ (১। ১৫) পরস্পর সমান, এবং ঙকঘ ও ঙগখ ভিন্ন২ পার্শ্বস্থ কোণও সমান (১। ২৯) একারণ কঘঙ ও ঙগখ ত্রিভুজের মধ্যে একটীর দুই কোণ ক্রমশ অন্যের দুই কোণের সমান এবং কঘ ও খগ সমান২ কোণের সম্মুখস্থ বাহুও পরস্পর সমান, অতএব সমান২ কোণের সম্মুখস্থ অবশিষ্ট বাহুও সমান (১। ২৬) অর্থাৎ কঙ ও ঙগ সমান এবং ঙঘ ও ঙখ সমান।

অপর খঘ ঙ বিন্দুতে দ্বিখণ্ড হইয়াছে একারণ কখ^২ + কঘ^২ = ২খঙ^২ + ২কঙ^২ (২। ক) ঐ কারণ গঘ^২ + খগ^২ = ২খঙ^২ + ২ঙগ^২ = ২খঙ^২ + ২কঙ^২ কেননা ঙগ = কঙ, সুতরাং কখ^২ + কঘ^২ + ঘগ^২ + খগ^২ = ৪খঙ^২ + ৪কঙ^২ কিন্তু ৪খঙ^২ = খঘ^২ এবং ৪কঙ^২ = কগ^২ (২। ৮. অনু.) কেননা খঘ ও কগ উভয়ে ঙ বিন্দুতে দ্বিখণ্ডিত, তন্নিমিত্তে কখ^২ + কঘ^২ + গঘ^২ + খগ^২ = খঘ^২ + কগ^২। অতএব কোন সমানান্তরাল ক্ষেত্রের, ইত্যাদি।

অনুমান। এই উপপত্তিতে নিশ্চয় বোধ হইতেছে যে প্রত্যেক সমানান্তরাল ক্ষেত্রের দুই কর্ণ পরস্পরকে দ্বিখণ্ডিত করে।

গ প্রতিজ্ঞা—উপপাদ্য।

সমদ্বিবাহু ত্রিভুজের ভূমির কোন বিন্দু হইতে অথবা ভূমি বর্দ্ধিত হইলে তথা হইতে সম্মুখস্থ কোণ পর্য্যন্ত এক সরল রেখা যদি টানা যায় তবে ঐ বিন্দু হইতে ভূমির দুই প্রান্ত পর্য্যন্ত যে দুই রেখা খণ্ড থাকিবে তাহাদের অন্তর্গত আয়ত সম্মুখস্থ কোণ পর্য্যন্ত অঙ্কিত ঐ রেখা এবং এক সমান বাহু ইহাদের সমচতুর্ভুজের অন্তর তুল্য হইবে।

কখগ এক সমদ্বিবাহু ত্রিভুজ, ইহার ভূমির এক বিন্দু (১ ক্ষেত্রে দৃষ্টি কর), অথবা ভূমি বর্দ্ধিত হইলে তথা হইতে

'or in the base produced, (fig. 2.) to the opposite 'angle A; the rectangle BD.DC is equal to the difference between the squares of AD and AB.

Fig. 1.





Fig. 2.



'Bisect the base BC in E (10. 1.) and join EA; 'then, because BE is equal to CE, and EA common 'to the two triangles BEA, CEA, there are two sides 'in the one equal to two sides in the other, also the 'base BA is equal to the base CA, therefore the angle 'BEA is equal to the angle CEA (8. 1.), and each is a 'right angle (7. Def. 1.)


'And, *first*, Let D be between E, the middle of the 'base, and one of its extremities; then BD.DC + 'DE^2 = (5. 2.) BE^2: and, adding AE^2 to these equals, 'BD.DC + DE^2 + EA^2=BE^2 + EA^2; but DE^2 '+ EA^2 = DA^2 (47. 1.) and BE^2 + EA^2 = BA^2; 'therefore BD.DC + DA^2 = BA^2, and hence, the 'rectangle BD.DC is equal to the excess of BA^2, 'above DA^2.

'*Secondly*. Let D be in BC produced, then BD.DC '+ BE^2 = DE^2 (6. 2.), and adding AE^2 to these 'equals, BD.DC + BE^2 + EA^2 = DE^2 + EA^2: but 'BE^2 + EA^2 = BA^2 (47. 1.) and DE^2 + EA^2 = 'DA^2; therefore BD.DC + BA^2 = DA^2, and the 'rectangle BD.DC is the excess of DA^2 above BA^2.


'*Thirdly*, when the D is in the middle of the base, 'the truth of the proposition is manifest (47. 1.).'

(২ ক্ষেত্রে দৃষ্টি কর) অর্থাৎ ঘ বিন্দু হইতে সম্মুখস্থ ক কোণ পর্য্যন্ত এক সরল রেখা অঙ্কিত হউক। খঘ.গঘ আয়ত কঘ ও কখ এ দুএর সমচতুর্ভুজের অন্তর তুল্য।

১ ক্ষেত্র



২ ক্ষেত্র



খগ ভূমি ঙ বিন্দুতে দ্বিখণ্ড করিয়া ক ঙ সংযুক্ত কর। খঙ গঙ সমান, এবং ঙক খঙক ও গঙক ত্রিভুজের সামান্য বাহু হওয়াতে একটীর দুই বাহু ক্রমশ অন্যের দুই বাহু সমান, এবং কখ ভূমিও গক সমান, অতএব খঙক কোণ গঙক কোণের সমান (১। ৮) আর ইহারা প্রত্যেকে সমকোণ (১। ৭ সংজ্ঞা)।

অপর প্রথমতঃ যেন ঘ বিন্দু ভূমির মধ্যস্থ ঙ এবং প্রান্তের মধ্যে আছে তাহাতে খঘ.গঘ + ঘঙ^{২} = খঙ^{২} (২। ৫) উভয় পক্ষে কঙ^{২} যোগ করিলে খঘ.গঘ + ঘঙ^{২} + কঙ^{২} খঙ^{২} + কঙ^{২}, কিন্তু ঘঙ^{২} + কঙ^{২} ঘক^{২} এবং খঙ^{২} + কঙ^{২} = কখ^{২} (১। ৪৭) সুতরাং খঘ.গঘ + ঘক^{২} = খক^{২}, অতএব খঘ.গঘ আয়ত কখ^{২} এবং কঘ^{২} ইহাদের অন্তর তুল্য।


দ্বিতীয়তঃ যেন ঘ বিন্দু খগ ভূমি বৰ্দ্ধিত হইলে তাহাতে আছে। অতএব খঘ.গঘ + খঙ^{২} = ঘঙ^{২} (২। ৬) উভয় পক্ষে কঙ^{২} যোগ করিলে খঘ.গঘ + খঙ^{২} + কঙ^{২} = ঘঙ^{২} + কঙ^{২} কিন্তু খঙ^{২} + কঙ^{২} = কখ^{২} এবং ঘঙ^{২} + কঙ^{২} = ঘক^{২} (১। ৪৭) সুতরাং খঘ.গঘ + কখ^{২} = ঘক^{২}, এবং খঘ.গঘ আয়ত কঘ^{২} এবং কখ^{২} ইহাদের অন্তর তুল্য।

যদি ঘ বিন্দু ভূমির মধ্যভাগে থাকে তবে প্রতিজ্ঞাই স্পষ্ট দেখা যায়, উপপত্তির অপেক্ষা থাকে না, (১। ৪৭)।

BOOK III.*


DEFINITIONS.

A. The *radius* of a circle is the straight line drawn from the centre to the circumference.



I. A straight line is said to *touch* a circle, when it meets the circle, and being produced, does not cut it.

II. Circles are said to *touch* one another, which *meet*, but do not cut one another.



III. Straight lines are said to be *equally distant* from the centre of a circle, when the perpendiculars drawn to them from the centre are equal.

IV. And the straight line, on which the *greater* perpendicular falls, is said to be *farther* from the centre.

B. An *arch* of a circle is any part of the circumference.

---

* ⊙ signifies a *circle*, —◯ the *circumference*, ½⊙ or ⌓ *semicircle.*


৩ অধ্যায়।

সংজ্ঞা

ক.। বৃত্তের কেন্দ্র হইতে পরিধি পর্য্যন্ত কোন সরল রেখা টানিলে তাহাকে কর্কট কহে।


১। যদি কোন সরল রেখা বৃত্তেতে সংলগ্ন হইয়া বৃদ্ধি পাইলেও বৃত্তকে ছেদ না করে তবে ঐ রেখা বৃত্তকে স্পর্শ করিতেছে এমত কহা যায়।

২। যেং বৃত্ত সংলগ্ন হইয়া পরস্পরকে ছেদ করে না তাহারা পরস্পর স্পর্শ করিতেছে এমত কহা যায়।



৩। যেং রেখার উপর বৃত্তের কেন্দ্র হইতে লম্ব টানিলে লম্ব সমানং হয় সেইং রেখাকে কেন্দ্র হইতে সমদূর কহা যায়।

৪। আর যে রেখার উপর বৃহত্তর লম্ব পড়ে তাহাকে কেন্দ্র হইতে দূর তর কহা যায়।




খ। পরিধির কোন অংশের নাম চাপ।

☞ ⊙ এই চিহ্নের অর্থ বৃত্ত, ○ পরিধি, ½⊙ কিম্বা ⌓ অর্দ্ধবৃত্ত।


V. A *segment* of a circle is the figure contained by a straight line, and the arch which it cuts off.



VI. An angle *in a segment* is the angle contained by two straight lines drawn from any point in the circumference of the segment, to the extremities of the straight line which is the base of the segment.




VII. And an angle is said to *insist* or *stand upon* the arch intercepted between the straight lines which contain the angle.



VIII. The *sector* of a circle is the figure contained by two straight lines drawn from the centre, and the arch of the circumference between them.

IX. *Similar segments* of a circle are those in which the angles are equal, or which contain equal angles.



PROP. I. PROB.

To find the centre of a given circle.


Let ABC be the given circle; it is required to find its centre.

Draw within it any straight line AB, and bisect (10. 1.) it in D; from the point D draw (11. 1.) DC at

৫। কোন সরল রেখা এবং তদবচ্ছিন্ন চাপের মধ্যে যে ক্ষেত্র থাকে তাহাকে বৃত্তখণ্ড কহে।




৬। খণ্ডের পরিধির কোন বিন্দু হইতে খণ্ডের ভূমিরেখার প্রান্ত পর্য্যন্ত দুই সরল রেখা টানিলে তাহাদের মধ্যবর্ত্তি কোণকে খণ্ডস্থ কোণ কহে।




৭। এবং কোণের দুই পার্শ্বস্থ সরল রেখার মধ্যে যে চাপ থাকে ঐ কোণকে সে চাপের উপরিস্থ কহে।

৮। কেন্দ্র হইতে অঙ্কিত দুই সরল রেখার এবং তন্মধ্যস্থ পরিধি চাপের অন্তর্গত ক্ষেত্রকে বৃত্তচ্ছেদক কহে।



৯। যেং বৃত্তখণ্ডের কোণ পরস্পর সমান তাহাদিগকে সদৃশ খণ্ড কহে।






১ প্রতিজ্ঞা—সম্পাদ্য।

এক নির্দ্দিষ্ট বৃত্তের কেন্দ্র নির্ণয় করিতে হইবে।

কখগ নির্দ্দিষ্ট বৃত্ত, ইহার কেন্দ্র নির্ণয় করিতে হইবে। বৃত্ত মধ্যে কখ সরল রেখা টানিয়া ঘ বিন্দুতে তাহা দ্বিখণ্ড কর (১। ১০), এবং কখ উপর ঘ হইতে গঘ লম্বভাবে (১। ১১) টানিয়া ঙ পর্য্যন্ত বৃদ্ধি কর, এবং গঙ চ বিন্দুতে দ্বিখণ্ড কর। চ কখগ বৃত্তের কেন্দ্র হইবে।

right angles to AB, and produce it to E, and bisect CE in F: the point F is the centre of the circle ABC.

For, if it be not, let, if possible, G be the centre, and join GA, GD, GB: Then because DA is equal to DB, and DG, common to the two triangles ADG, BDG, the two sides AD, DG are equal to the two BD, DG, each to each; but the base GA is also equal to the base GB, because they are radii of the same circle: therefore the angle ADG is equal (8. 1.) to the angle GDB: But when a straight line, standing upon another straight line, makes the adjacent angles equal to one another, each of the angles is a right angle (7. Def. 1.) Therefore the angle GDB is a right angle: But FDB is likewise a right angle; wherefore the angle FDB is equal to the angle GDB the greater to the less, which is impossible. Therefore G is not the centre of the circle ABC: In the same manner. it can be shown, that no other point than F is the centre; that is F is the centre of the circle ABC. *Which was to be found.*




COR. From this it is manifest, that *if in a circle a straight line bisect another at right angles, the centre of the circle is in the line which bisects the other.*

Sym. Dem. If F be not the centre, then suppose G to be the centre. AD = DB (by constr.) GD common to △s ADG, GDB and AG = GB (11 Def. I) ∴ ∠ADG = ∠GDB (8. 1.) ∴ ∠ADG is a rt. ∠ (7 Def. 1.) But ∠FDA is a rt. ∠ (by constr.) ∴ ∠ADG = ∠FDA which is impossible (9 Ax. 1.) ∴ G is not the centre, nor any other, but F.

PROP. II. THEOR.

If any two points be taken in the circumference of a circle, the straight line which joins them will fall within the circle.

কেননা যদি না হয় তবে বোধ কর ছ যেন কেন্দ্র। ছক, ছ ঘ, এবং ছ খ সংযুক্ত কর। কঘ খঘ সমান এবং ঘছ কঘছ ও খঘছ ত্রিভুজের সামান্য বাহু, সুতরাং কঘ ঘছ দুই বাহু ক্রমশ খঘ ঘছ দুই বাহুর সমান, এবং ছক ভূমিও ছখ ভূমি সমান কেননা তাহারা উভয়ে এক বৃত্তের কর্কট রেখা, অতএব (১। ৮) ছঘখ কোণ ছঘক কোণের সমান, অপর এক সরল রেখা অন্য রেখার উপর দাঁড়াইয়া সমীপস্থ দুই কোণকে



সমান করিলে প্রত্যেক কোণ সমকোণ হয় (১। ৭ সং.), সুতরাং ছঘখ এক সমকোণ, কিন্তু চঘখও সমকোণ তাহাতে চঘখ ও ছঘখ এ দুই কোণ সমান হয়, কিন্তু বৃহত্তর লঘুতরের সমান হইতে পারেনা অতএব ছ কখগ বৃত্তের কেন্দ্র নহে। ঐ রূপে চ ভিন্ন অন্য কোন বিন্দু কখগ বৃত্তের কেন্দ্র নহে ইহাও দর্শিত হইতে পারে, সুতরাং চ কখগ বৃত্তের কেন্দ্র, ইহাই এস্থলে নির্ণেয়।


অনুমান। অতএব স্পষ্ট দেখা যাইতেছে যে বৃত্তের মধ্যে যদি এক সরল রেখা অন্য সরল রেখাকে লম্ব ভাবে দ্বিখণ্ড করে তবে ঐ দ্বিখণ্ড কারক রেখার মধ্যে কেন্দ্র থাকিবে।

সং উ.। চ যদি কেন্দ্র না হয় তবে ছ কেন্দ্র কল্পনা কর। কঘ = খঘ (অঙ্কপাত) ছঘ, কঘছ ও ছঘখ ত্রিভুজের সামান্য, এবং কছ = খছ (১। ১১ সং), ∴ ∠কঘছ = ∠ছঘখ (১। ৮), ∴ ∠কঘছ এক সম∠(১। ৭ সং), কিন্তু চঘক এক সম∠(অঙ্ক পাত) ∴ ∠কঘছ = ∠চঘক ইহা অসাধ্য (১। ৯ স্বা. সা.) ∴ চ ভিন্ন অন্য কোন বিন্দু কেন্দ্র নহে।

২ প্রতিজ্ঞা—উপপাদ্য।

বৃত্তের পরিধিতে দুই বিন্দুর নির্দ্দেশ করিলে তাহাদের সংযোজক সরল রেখা বৃত্তের মধ্যে পড়িবে।

Let ABC be a circle, and A, B any two points in the circumference: the straight line drawn from A to B will fall within the circle.




Take any point in AB as E; find D, the centre of the circle ABC; join AD, DB and DE, and let DE meet the circumference in F. Then because DA is equal to DB, the angle DAB is equal (5. 1.) to the angle DBA; and because AE, a side of the triangle DAE, is produced to B, the angle DEB is greater (16. 1.) than the angle DAE; but DAE is equal to the angle DBE; therefore the angle DEB is greater than the angle DBE: Now to the greater angle the greater side is opposite (19. 1.); DB is therefore greater than DE: but DB is equal to DF; wherefore DF is greater than DE, and the point E is therefore within the circle. The same may be demonstrated of any other point between A and B, therefore AB is within the circle. Wherefore, "*if any two points,*" &c. Q. E. D.

Sym. Dem. $\because$ AD = DB (11 Def. 1) $\angle$DAE = $\angle$DBE (5. 1.) $\angle$DEB > $\angle$DAE (16. 1.) $\therefore$ $\angle$DEB > $\angle$DBE $\therefore$ DB > DE (19. 1.) But DB = DF (11 Def. 1.) $\therefore$ DF > DE $\therefore$ AB is within the $\odot$.

PROP. III. THEOR.

If a straight line drawn through the centre of a circle bisect a straight line in the circle, which does not pass through the centre, it will cut that line at right angles; and, if it cut it at right angles, it will bisect it.

Let ABC be a circle, and let CD, a straight line drawn through the centre, bisect any straight line AB, which does not pass through the centre, in the point F: It also cuts it at right angles.



কখগ এক বৃত্ত এবং পরিধিস্থ দুই বিন্দু কখ। ক হইতে খ পর্য্যন্ত সরল রেখা টানিলে বৃত্তের মধ্যে পড়িবে।


কখ রেখার মধ্যে কোন বিন্দু লও যথা ঙ। কখগ বৃত্তের কেন্দ্র (৩। ১) নির্ণয় কর যথা ঘ, এবং কঘ ঘখ ঘঙ এই২ রেখা টান, ও ঘঙ চ বিন্দুতে পরিধিতে সংলগ্ন হউক। অপর কঘ ঘখ সমান হওয়াতে ঘকখ কোণ ঘখক কোণের সমান (১। ৫), এবং কঙ কঙঘ ত্রিভুজের এক পার্শ্ব হইয়া খ পর্য্যন্ত বৃদ্ধি পাওয়াতে ঘঙখ কোণ ঘকঙ কোণ হইতে অধিক হইবে (১। ১৬), আর ঘকঙ ও ঘখঙ সমান একারণ ঘঙখ ঘখঙ অপেক্ষাও অধিক, সুতরাং ত্রিভুজের বৃহত্তর কোণের সম্মুখস্থ বাহুও বৃহত্তর হওয়াতে (১। ১৯) ঘখ বাহু ঘঙ হইতে বৃহত্তর। অপর ঘখ ও ঘচ সমান, সুতরাং ঘচ ঘঙ হইতে বৃহত্তর, তন্নিমিত্তে ঙ বিন্দু বৃত্তের মধ্যে আছে। কখ রেখার মধ্যে যে কোন বিন্দু লও তাহা বৃত্তের মধ্যস্থ ইহাও এই রূপে উপপন্ন হয় সুতরাং কখ বৃত্তের মধ্যে আছে। অতএব বৃত্তের পরিধিতে, ইত্যাদি।

সং উ.। ∵ কঘ = খঘ (১। ১১ সং), ∠ঘকঙ = ∠ঘখঙ (১। ৫)। ∠ঘঙখ 7 ∠ঘকঙ (১। ১৬) ∴ ∠ঘঙখ 7 ∠ঘখঙ, ∴ খঘ 7 ঘঙ (১। ১৯) কিন্তু খঘ = ঘচ (১। ১১ সং) ∴ ঘচ 7 ঘঙ ∴ কখ ⊙ মধ্যে আছে।

৩ প্রতিজ্ঞা—উপপাদ্য।

কোন সরল রেখা বৃত্তের কেন্দ্র দিয়া আসিয়া, কেন্দ্র দিয়া না যায় এমত কোন বৃত্তস্থ সরল রেখাকে যদি দ্বিখণ্ড করে তবে লম্বভাবে দ্বিখণ্ড করিবে, এবং যদি লম্বভাবে ছেদ করে তবে দ্বিখণ্ড করিবে।

Take (1.3.) E the centre of the circle, and join EA, EB. Then, because AF is equal to FB, and FE common to the two triangles AFE, BFE, there are two sides in the one equal to two sides in the other; but the base EA is equal to the base EB; therefore the angle AFE is equal (8. 1.) to the angle BFE. And when a straight line standing upon another makes the adjacent angles equal to another, each of them is a right (7. Def. 1.) angle: Therefore each of the angles AFE, BFE is a right angle; wherefore the straight line CD, drawn through the centre, bisecting AB, which does not pass through the centre, cuts AB at right angles.




Again, let CD cut AB at right angles; CD also bisects AB; that is, AF is equal to FB.

The same construction being made, because the radii EA, EB are equal to one another, the angle EAF is equal (5. 1.) to the angle EBF; and the right angle AFE is equal to the right angle BFE: Therefore, in the two triangles EAF, EBF, there are two angles in the one equal to two angles in the other; and the side EF, which is opposite to one of the equal angles in each, is common to both; therefore the other sides are equal (26. 1.); AF therefore is equal to FB. Wherefore, "*if a straight line*," &c. Q. E. D.

Sym. Dem. $\because$ AF = FB (by Hyp.), EF common to $\triangle$s AEF, EFB and AE = EB (11. Def. 1.) $\therefore$ $\angle$AFE = $\angle$EFB $\therefore$ CD is $\perp$ to AB (7. Def. 1.)

Again, $\angle$AFE = $\angle$EFB (10. Ax. 1.); $\angle$EAF = $\angle$EBF (5. 1.) $\because$ AE = EB (11. Def. 1.); and EF common to $\triangle$s AFE, EFB $\therefore$ (26. 1.) AF = FB.



কখগ এক বৃত্ত, এবং গঘ সরল রেখা কেন্দ্র দিয়া আসিয়া, কেন্দ্র দিয়া না যায় এমত কখ রেখাকে চ বিন্দুতে দ্বিখণ্ড করিতেছে। ইহা লম্বভাবেই দ্বিখণ্ড করিবে।

বৃত্তের কেন্দ্র ঙ নির্ণয় কর, ঙক ঙখ রেখা টান। তাহাতে কচ চখ সমান, ও ঙচ কঙচ ও খঙচ দুই ত্রিভুজের সামান্য বাহু, সুতরাং একটীর দুই বাহু ক্রমশ অন্যটীর দুই বাহুর সমান, এবং ঙক ভূমিও ঙখ ভূমির সমান, সুতরাং (১। ৮) কচঙ কোণ খচঙ কোণের সমান। অপর এক সরলরেখা অন্য সরল রেখার উপর দাঁড়াইয়া সমীপস্থ কোণ সমান করিলে প্রত্যেকে সমকোণ হয় অতএব কচঙ ও খচঙ প্রত্যেকে সমকোণ, সুতরাং কেন্দ্রগত গঘ কেন্দ্র দিয়া না যায় এমত কখ রেখাকে দ্বিখণ্ড করত লম্বভাবে ছেদ করিতেছে।

পুনশ্চ গঘ যেন কখ উপর লম্বভাবে পড়িতেছে। তাহাতে গঘ কখ রেখাকে দ্বিখণ্ড করিবে অর্থাৎ কচ চখ সমান।

পূর্ব্ববৎ ক্ষেত্রের অঙ্কপাত হইলে ঙক ও ঙখ দুই কর্কট রেখা সমান হওয়াতে ঙকচ কোণ ঙখচ সমান (১। ৫), এবং কচঙ ও খচঙ সমকোণ হওয়াতে পরস্পর সমান, সুতরাং ঙকচ ও ঙখচ দুই ত্রিভুজে একটীর দুই কোণ ক্রমশ অন্যটীর দুই কোণের সমান এবং সমান২ কোণের সম্মুখস্থ বাহু ঙচ উভয় ত্রিভুজের সামান্য, সুতরাং অন্যান্য বাহুও সমান (১। ২৬), অতএব কচ খচ সমান। এই রূপে কোন সরল রেখা, ইত্যাদি।


সং উ.। ∴ কচ = খচ (কল্পনা), ঙচ, কঙচ ও ঙচখ ত্রিভুজের সামান্য, এবং কঙ = ঙখ (১। ১১) ∴ ∠কচঙ = ∠ঙচখ ∴ গঘ, কখ উপর ⊥ (১। ৭ সং)। পুনশ্চ ∠কচঙ = ∠ঙচখ (১। ১০ স্ব. সা.), ∠ঙকচ = ∠ঙখচ (১। ৫) ∵ কঙ = খঙ (১। ১১ সং), এবং ঙচ, কচঙ ও ঙচখ ত্রিভুজের সামান্য ∴ (১। ২৬) কচ = চখ।

PROP. IV. THEOR.

If, in a circle, two straight lines cut one another, in a point which is not the centre, they cannot bisect each other.

Let ABCD be a circle, and AC, BD two straight lines in it, which cut one another in a point E, which is not the centre: AC, BD do not bisect one another.


For, if possible, let AE be equal to EC, and BE to ED: If one of the lines pass through the centre, it is plain that it cannot be bisected by the other, which does not pass through the centre. But if neither of them pass through the centre, take (1. 3.) F the centre of the circle, and join EF: and because FE, a straight line through the centre, bisects another AC, which does not pass through the centre, it must cut it at right (3. 3.) angles; wherefore FEA is a right angle. Again, because the straight line FE bisects the straight line BD, which does not pass through the centre, it must cut it at right (3. 3.) angles; wherefore FEB is a right angle: and FEA was shown to be a right angle; therefore FEA is equal to the angle FEB, the less to the greater, which is impossible; therefore AC, BD do not bisect one another. Wherefore, "*if in a circle*" &c. Q. E. D.



Sym. Dem. If AC, BD bisect each other then FEA is a rt.∠(3. 3.) So also FEB is a rt.∠(3. 3) ∴ ∠EFA = ∠FEB (10. Ax. 1.) which is impossible (9. Ax. 1.) ∴ AC and BD do not bisect one another.

৪ প্রতিজ্ঞা—উপপাদ্য।

বৃত্তের মধ্যে যদি দুই সরল রেখা পরস্পরকে কেন্দ্র ভিন্ন অন্য কোন বিন্দুতে ছেদ করে তবে তাহারা পরস্পরকে দ্বিখণ্ড করিতে পারে না।



কখগঘ এক বৃত্ত এবং কগ খঘ তন্মধ্যস্থ দুই সরল রেখা কেন্দ্র ভিন্ন চ বিন্দুতে পরস্পরকে ছেদ করিতেছে। কগ ও খঘ পরস্পরকে দ্বিখণ্ড করে না।

যদিস্যাৎ সাধ্য হয় তবে কঙ ঙগ সমান ও খঙ ঙঘ সমান হউক। যদি ঐ দুই রেখার কোনটী কেন্দ্র দিয়া যায় তবে স্পষ্ট দেখা যাইতেছে যে তাহা অন্য রেখাতে দ্বিখণ্ডিত হইতে পারেনা কেননা সে কেন্দ্র দিয়া যায় না, আর যদি কোনটী কেন্দ্র দিয়া না যায় তবে চ কেন্দ্র নির্ণয় করিয়া (৩। ১) চ ঙ সংযুক্ত কর। অপর ঙচ কেন্দ্র দিয়া আসিয়া কেন্দ্র দিয়া না যায় এমত কগ রেখাকে দ্বিখণ্ড করাতে (৩। ৩) তাহাকে লম্বভাবে ছেদ করিবে, সুতরাং চঙক এক সম-কোণ। এবং ঙচ সরল রেখা কেন্দ্র দিয়া না যায় এমত খঘ রেখাকে দ্বিখণ্ড করাতে তাহাকেও লম্ব ভাবে ছেদ করিবে, সুতরাং চঙখ এক সমকোণ। আর চঙক ও সমকোণ হওয়াতে চঙক ও চঙখ পরস্পর সমান কিন্তু লঘুতর বৃহত্তরের সমান হইতে পারে না সুতরাং কগ খঘ পরস্পরকে দ্বিখণ্ড করে না। অতএব বৃত্তের মধ্যে, ইত্যাদি।


সং উ.। কগ খঘ যদি পরস্পরকে দ্বিখণ্ড করে তবে চঙক এক সম ∠ (৩।৩) তদ্রূপ চঙখ ও সম ∠ (৩। ৩) ∴ ∠চঙক = ∠চঙখ (১। ১০ স্ব. সা.) ইহা অসাধ্য (১। ৯ স্ব. সা.) ∴ কগ খঘ পরস্পরকে দ্বিখণ্ড করে না।

PROP. V. THEOR.

If two circles cut one another, they cannot have the same centre.

Let the two circles ABC, CDG cut one another in the points B, C; they have not the same centre.

For, if it be possible, let E be their centre; join EC, and draw any straight line EFG meeting the circles in F and G; and because E is the centre of the circle ABC, CE is equal to EF: Again, because E is the centre of the circle CDG, CE is equal to EG: but, CE was shown to be equal to EF, therefore EF is equal to EG, the less to the greater, which is impossible: therefore E is not the centre of the circles ABC, CDG. Wherefore, "*if two circles*," &c. Q. E. D.




Sym. Dem. If possible let E be the centre of both ⊙s ∴ CE = EF (11. Def. 1.) and also to EG ∴ EF = FG which is impossible (9. Ax. 1.) ∴ E is not the centre of both.

PROP. VI. THEOR.

If two circles touch one another internally, they cannot have the same centre.


Let the two circles ABC, CDE, touch one another internally in the point C; they have not the same centre.

For, if they have, let it be F; join FC, and draw any straight line FEB meeting the circles in E and B; and because F is the centre of the circle ACB, CF is equal to FB;



৫ প্রতিজ্ঞা—উপপাদ্য।

দুই বৃত্ত পরস্পরকে ছিন্ন করিলে উভয়ের কেন্দ্র এক হইতে পারে না।




কখগ ও গঘছ দুই বৃত্ত গ ও খ বিন্দুতে পরস্পরকে ছিন্ন করুক। উভয়ের কেন্দ্র এক হইবে না।

যদিস্যাৎ হইতে পারে তবে ঙ উভয়ের কেন্দ্র হউক। ঙ গ সংযুক্ত কর এবং উভয় বৃত্তের উপর চ ও ছ বিন্দুতে পড়ে এমত কোন সরল রেখা ঙচছ টান। অপর কখগ বৃত্তের কেন্দ্র ঙ হওয়াতে ঙগ ও ঙচ পরস্পর সমান এবং গঘছ বৃত্তের কেন্দ্র ঙ হওয়াতে ঙগ ও ঙছ পরস্পর সমান। আর ঙগ ঙচ সমান উপপন্ন হইয়াছে, সুতরাং ঙচ ও ঙছ পরস্পর সমান। কিন্তু লঘুতর বৃহত্তরের সমান হইতে পারে না, অতএব ঙ কখগ ও গঘছ উভয় বৃত্তের কেন্দ্র নহে। এই রূপে দুই বৃত্ত, ইত্যাদি।

সং উ.। যদি সাধ্য হয় তবে ঙ উভয়ের কেন্দ্র কল্পনা কর ∴ গঙ = ঙচ (১। ১১ সং) এবং ঙছ = গঙ ∴ ঙচ = ঙছ ইহা অসাধ্য (১। ৯ স্ব. সা.) ∴ চ উভয় ⊙ কেন্দ্র নহে।

৬ প্রতিজ্ঞা—উপপাদ্য।

দুই বৃত্ত পরস্পরকে অন্তরে স্পর্শ করিলে উভয়ের কেন্দ্র এক হইতে পারে না।



কখগ ও গঘঙ দুই বৃত্ত গ বিন্দুতে পরস্পরকে অন্তরে স্পর্শ করুক। তাহাদের উভয়ের কেন্দ্র এক হইবে না।

কেননা যদিস্যাৎ হইতে পারে তবে চ উভয়ের কেন্দ্র হউক। চ

also, because F is the centre of the circle CDE, CF is equal to FE: but CF was shown to be equal to FB; therefore FE is equal to FB, the less to the greater, which is impossible; wherefore F is not the centre of the circles ABC, CDE. Therefore, "*if two circles,*" &c. Q. E. D.

Sym. Dem. If possible, let F be the centre of both ⊙s ∴ CF = FE (11. Def. 1.) and also to FB ∴ FE = FB which is impossible (9. Ax. 1.) ∴ F is not the centre of both ⊙s.

PROP. VII. THEOR.

If any point be taken in the diameter of a circle, which is not the centre, of all the straight lines which can be drawn from it to the circumference, the greatest is that in which the centre is, and the other part of that diameter is the least; and, of any others, that which is nearer to the line passing through the centre is always greater than one more remote from it: And from the same point there can be drawn only two straight lines that are equal to one another, one upon each side of the shortest line.

Let ABCD be a circle, and AD its diameter, in which let any point F be taken which is not the centre: let the centre be E; of all the straight lines FB, FC, FG, &c. that can be drawn from F to the circumference, FA is the greatest and FD, the other part of the diameter AD, is the least: and of the others, FB is greater than FC, and FC than FG.

Join BE, CE, GE; and because two sides of a triangle are greater (20. 1.) than the third, BE, EF are greater than BF; but AE is equal to EB; therefore AE and EF, that is, AF is greater than BF; again, because BE is equal to CE, and FE com-

গ সংযুক্ত কর এবং ঙ ও খ বিন্দুতে উভয় বৃত্তের উপর পড়ে এমত কোন সরল রেখা চঙখ টান। কখগ বৃত্তের কেন্দ্র চ হওয়াতে চগ চখ সমান, এবং গঘঙ বৃত্তের কেন্দ্র চ হওয়াতে চগ চঙ সমান, আর চগ চখ সমান হওয়াতে চঙ চখ সমান, কিন্তু লঘুতর বৃহত্তরের সমান হইতে পারে না, সুতরাং চ কখগ ও গঘঙ উভয় বৃত্তের কেন্দ্র নহে। অতএব দুই বৃত্ত, ইত্যাদি।

সং উ.। যদি সাধ্য হয় তবে চ উভয়ের কেন্দ্র হউক। গচ = ঙচ (১। ১১ সং) এবং খচ = গচ ∴ ঙচ = খচ ইহা অসাধ্য (১। ৯ স্ব. সা.) ∴ চ উভয় ⊙ কেন্দ্র নহে।


৭ প্রতিজ্ঞা—উপপাদ্য।

বৃত্তের ব্যাসেতে কেন্দ্র ভিন্ন অন্য কোন বিন্দুর নির্দ্দেশ করিলে তথা হইতে পরিধি পর্য্যন্ত যত সরল রেখা টানা যায় তাহাদের সর্ব্বাপেক্ষা যাহাতে কেন্দ্র আছে সেই রেখা বৃহত্তম হইবে, এবং ঐ ব্যাসের অন্য অংশ সর্ব্বাপেক্ষা লঘুতম হইবে, আর অন্যান্য রেখার মধ্যে যাহাতে কেন্দ্র আছে তাহার নিকটতর রেখা সর্ব্বদা দূরতর হইতে বৃহৎ হইবে, আর ঐ এক বিন্দু হইতে লঘুতম রেখার প্রত্যেক পার্শ্বে একটী করিয়া কেবল দুই সরল রেখা পরস্পর সমান হইয়া অঙ্কিত হইতে পারে।

কখগঘ এক বৃত্ত, তাহার কঘ ব্যাসে কেন্দ্র ভিন্ন অন্য এক বিন্দু চ লওয়া যাউক, এবং ঙ কেন্দ্র হউক। চখ, চগ, চছ ইত্যাদি যত সরল রেখা চ হইতে পরিধি পর্য্যন্ত টানা যায় তাহাদের মধ্যে চক বৃহত্তম হইবে, এবং কঘ ব্যাসের অন্যাংশ চঘ লঘুতম হইবে, আর অন্যান্য রেখার মধ্যে চখ চগ হইতে বৃহত্তর এবং চগ চছ হইতে বৃহত্তর হইবে।


খঙ, গঙ, ছঙ, রেখা টান। অপর (১। ২০) ত্রিভুজের দুই বাহু তৃতীয় বাহু হইতে বৃহত্তর হওয়াতে খঙ ঙচ একত্র খচ হইতে বৃহত্তর, আর কঙ ঙখ সমান হওয়াতে কঙ ও ঙচ যোগ অর্থাৎ

mon to the triangles BEF, CEF, the two sides BE, EF are equal to the two CE, EF; but the angle BEF is greater than the angle CEF; therefore the base BF is greater (24. 1.) than the base FC; for the same reason, CF is greater than GF. Again, because GF, FE are greater (20. 1.) than EG, and EG is equal to ED; GF, FE are greater than ED, take away the common part FE, and the remainder GF is greater than the remainder FD, therefore FA is the greatest, and FD the least of all the straight lines from F to the circumference; and BF is greater than CF, and CF than GF.



Also, there can be drawn only two equal straight lines from the point F to the circumference, one upon each side of the shortest line FD: at the point E in the straight line EF, make (23. 1.) the angle FEH equal to the angle GEF, and join FH: Then because GE is equal to EH, and EF common to the two triangles GEF, HEF: the two sides GE, EF are equal to the two HE, EF; and the angle GEF is equal to the angle HEF; therefore the base FG is equal (4. 1.) to the base FH: but besides FH, no straight line can be drawn from F to the circumference equal to FG; for, if there can, let it be FK; and because FK is equal to FG, and FG to FH, FK is equal to FH; that is, a line nearer to that which passes through the centre, is equal to one more remote, which is impossible. Therefore, "*if any point be taken,*" &c. Q. E. D.

Sym. Dem. BE $=$ AE $\therefore$ BE $+$ EF $=$ AE $+$ EF $=$ AF; BE $+$ EF $>$ BF (20. 1.) $\therefore$ AF $>$ BF Again BE $=$ CE, EF common to $\triangle$s BEF, CEF but $\angle$BEF $>$ $\angle$CEF $\therefore$ (24. 1.) BF $>$ CF. Similarly CF



কচ, খচ হইতে বৃহত্তর। এবং খঙ গঙ সমান, এবং ঙচ খঙচ ও গঙচ ত্রিভুজের সামান্য বাহু, আর খঙচ কোণ গঙচ হইতে অধিক হওয়াতে (১। ২৪) খচ ভূমি গচ ভূমি হইতে বৃহত্তর হইবে। ঐ কারণে গচ চছ হইতে বৃহত্তর। অপর চছ ও চঙ একত্র ঙছ হইতে বৃহত্তর (১। ২০), এবং ঙছ ঙঘ সমান, একারণ চছ ও ঙচ একত্র ঙঘ হইতে বৃহত্তর সুতরাং সামান্য অংশ ঙচ বিয়োগ করিলে অবশিষ্ট চছ চঘ হইতে বৃহত্তর হইবে। অতএব চ হইতে পরিধি পর্য্যন্ত যাবদীয় রেখার মধ্যে কচ বৃহত্তম ও চঘ লঘুতম এবং খচ, গচ হইতে, ও গচ, চছ হইতে বৃহত্তর।

পুনশ্চ চ বিন্দু হইতে চঘ লঘুতম রেখার প্রত্যেক পার্শ্বে একটী করিয়া কেবল দুই সরল রেখা পরস্পর সমান হইয়া অঙ্কিত হইতে পারে। ঙচ রেখার ঙ চিহ্নেতে চঙজ কোণ ছঙচ সমান করিয়া (১। ২৩) আঁকিয়া চ জ সংযুক্ত কর। অতএব ছঙ ঙজ সমান, এবং ঙচ ছঙচ ও জঙচ উভয় ত্রিভুজের সামান্য বাহু হওয়াতে ছঙ ঙচ দুই বাহু জঙ ঙচ দুএর সমান, এবং ছঙচ কোণ জঙচ কোণের তুল্য, সুতরাং (১। ৪) চছ ভূমি চজ ভূমির সমান। অপর চজ ভিন্ন অন্য কোন রেখা চ হইতে পরিধি পর্য্যন্ত চছ সমান টানা যায় না, যদি বল টানা যায় তবে চট তৎসমান হউক, তাহাতে চট চছ সমান, এবং চছ চজ সমান হওয়াতে চট চজ সমান হইবে, কিন্তু পূর্ব্বে দর্শিত হইয়াছে যে কেন্দ্রগত রেখার নিকটতর রেখা দূরতরের সমান হইতে পারে না সুতরাং চট চছ সমান নহে। অতএব, বৃত্তের ব্যাসেতে ইত্যাদি।

সং উ.। খঙ = কঙ ∴ খঙ + ঙচ = কঙ + ঙচ = কচ। খঙ + ঙচ 7 খচ (১। ২০) ∴ কচ 7 খচ। অপর খঙ = গঙ, ও ঙচ, খঙচ ও গঙচ ত্রিভুজের সামান্য বাহু; এবং

$>$ GF. Moreover, GF + FE $>$ GE (20. 1.) ∴ GF + FE $>$ ED or EF + FD ∴ GF $>$ FD.

Again ∵ GE = EH and EF common to △s GEF, HEF and ∠GEF = ∠FEH (by constr.) ∴ GF = FH (4. 1.) No other line can be = GF. If possible let FK = GF ∴ FK = FH. This is impossible from the above demonstration.

PROP. VIII. THEOR.

If any point be taken without a circle, and straight lines be drawn from it to the circumference, whereof one passes through the centre; of those which fall upon the concave circumference the greatest is that which passes through the centre; and of the rest, that which is nearer to that through the centre is always greater than the more remote: But of those which fall upon the convex circumference, the least is that between the point without the circle, and the diameter; and of the rest, that which is nearer to the least is always less than the more remote: And only two equal straight lines can be drawn from the point unto the circumference, one upon each side of the least.

Let ABC be a circle, and D any point without it, from which let the straight lines DA, DE, DF, DC be drawn to the circumference, whereof DA passes through the centre. Of those which fall upon the concave part of the circumference AEFC, the greatest is AD, which passes through the centre; and the line nearer to AD is always greater than the more remote, viz. DE than DF, and DF than DC: but of those which fall upon the convex circumference HLKG, the least is DG, between the point D and the diameter AG; and the nearer to it is always less than the more, remote, viz. DK than DL, and DL than DH.

Take (1. 3.) M the centre of the circle ABC, and join ME, MF, MC, MK, ML, MH: And because AM

∠খঙচ 7 ∠গঙচ ∴ (১। ২৪) খচ 7 গচ। ঐ রূপে গচ 7 চচ়। পুনশ্চ চছ + ঙচ 7 ছঙ (১। ২০) ∴ চছ + ঙচ 7 ঘঙ অর্থাৎ ঙচ + চঘ ∴ চছ 7 চঘ। আর ছঙ = ঙজ, এবং ঙচ, ছঙচ ও জঙচ ত্রিভুজের সামান্য বাহু এবং ∠ছঙচ = ∠চঙজ (অঙ্ক পাত) ∴ চছ = চজ (১। ৪), আর অন্য কোন রেখা = চছ নহে, যদি সাধ্য হয় তবে চট = চছ হউক ∴ চট = চজ, কিন্তু ইহা পূর্ব্বোক্ত উপপত্তিতে অসাধ্য।


৮ প্রতিজ্ঞা—উপপাদ্য।

বৃত্তের বাহিরে কোন বিন্দুর নির্দ্দেশ করিয়া তথা হইতে পরিধি পর্য্যন্ত কএক সরল রেখা টানিলে, এবং তাহাদের একটী কেন্দ্র দিয়া গেলে, যে২ রেখা পরিধির অন্তর্দিকে পড়িবে তাহার মধ্যে ঐ কেন্দ্রগত রেখা সর্ব্বাপেক্ষা বৃহত্তম, এবং অন্যান্যের মধ্যে কেন্দ্রগতের নিকটতর রেখা সর্ব্বত্র দূরতর হইতে বৃহৎ; কিন্তু যে২ রেখা পরিধির বহির্দিকে পড়ে তাহার মধ্যে ঐ বহিস্থবিন্দুর এবং ব্যাসের মধ্যস্থ রেখা সর্ব্বাপেক্ষা লঘুতম, এবং অন্যান্য রেখার মধ্যে এই লঘুতমের নিকটতর রেখা দূরতর হইতে ন্যূন; আর ঐ বিন্দু হইতে লঘুতমের প্রত্যেক পার্শ্বে একটী করিয়া কেবল দুই সরল রেখা পরস্পর সমান করিয়া টানা যাইতে পারে।

কখগ এক বৃত্ত, ঘ ইহার বহিস্থ চিহ্ন, তথা হইতে ঘক, ঘঙ, ঘচ, ঘগ, এই২ রেখা পরিধি পর্য্যন্ত টান, তাহার মধ্যে ঘক কেন্দ্র দিয়া যাউক। কঙচগ পরিধির অন্তর্দিকে যে২ রেখা পড়ে তাহার মধ্যে কেন্দ্রগত কঘ বৃহত্তম, এবং কঘ রেখার নিকটতর রেখা সর্ব্বত্র দূরতর হইতে বৃহৎ অর্থাৎ ঘঙ, ঘচ হইতে এবং ঘচ, ঘগ হইতে বৃহৎ; কিন্তু জঠটছ পরিধির বহির্দিকে যে২ রেখা পড়ে তাহাদের মধ্যে ঘ বিন্দু ও কছ ব্যাসের মধ্যস্থ ঘছ লঘুতম, আর ইহার নিকটতর রেখা সর্ব্বত্র দূরতর হইতে লঘু অর্থাৎ ঘট, ঘঠ হইতে, এবং ঘঠ, ঘজ হইতে লঘু।


কখগ বৃত্তের কেন্দ্র ড নির্ণয় (৩। ১) করিয়া ডঙ, ডচ, ডগ,

is equal to ME, if MD be added to each, AD is equal to EM and MD; but EM and MD are greater (20. 1.) than ED; therefore also AD is greater than ED. Again, because ME is equal to MF, and MD common to the triangles EMD, FMD; EM, MD are equal to FM, MD; but the angle EMD is greater than the angle FMD; therefore the base ED is greater (24. 1.) than the base FD. In like manner, it may be shown that FD is greater than CD. Therefore DA is the greatest; and DE greater than DF, and DF than DC.



And because MK, KD are greater (20. 1.) than MD, and MK is equal to MG, the remainder KD is greater than the remainder GD. that is GD is less than KD: And because MK, DK are drawn to the point K within the triangle MLD from M, D, the extremities of its side MD; MK KD are less (21. 1.) than ML, LD; whereof MK is equal to ML; therefore the remainder DK is less than the remainder DL: In like manner, it may be shown, that DL is less than DH: Therefore DG is the least, and DK less than DL, and DL than DH.

Also, there can be drawn only two equal straight lines from the point D to the circumference, one upon each side of the least: at the point M, in the straight line MD, make the angle DMB equal to the angle DMK; and join DB; and because in the triangles KMD, BMD, the side KM, is equal to the side BM, and MD common to both, and also the angle KMD equal to the angle BMD, the base DK is equal (4. 1.) to



ডজ, ডঠ, এই২ রেখা টান। অপর কড ডঙ সমান, তাহাদের প্রত্যেকে ডঘ যোগ করিলে কঘ, ঙড ও ডঘ দুএর তুল্য হইবে, পরন্তু ঙড ও ডঘ একত্র ঙঘ হইতে বৃহৎ (১। ২০) সুতরাং কঘ ঙঘ হইতে বৃহত্তর। পুনশ্চ, ডঙ ডচ সমান ও ডঘ ঙডঘ ও চডঘ ত্রিভুজের সামান্য বাহু হওয়াতে ঙড ও ডঘ ক্রমশ ডচ ও ডঘ সমান, কিন্তু ঙডঘ কোণ চডঘ হইতে অধিক, সুতরাং ঙঘ ভূমি চঘ ভূমি হইতে বৃহত্তর (১। ২৪), এবং ঐ রূপে ইহাও উপপন্ন হইতে পারে যে চঘ গঘ হইতে বৃহত্তর। অতএব কঘ সর্ব্বাপেক্ষা বৃহত্তম, ও ঘঙ, ঘচ হইতে, ও ঘচ, ঘগ হইতে বৃহত্তর।

অপর ডট টঘ একত্র ডঘ হইতে বৃহত্তর (১। ২৪), এবং ডট ডছ সমান, অতএব সমান২ অংশ বিয়োগে অবশিষ্ট টঘ, ছঘ হইতে বৃহত্তর, অর্থাৎ ছঘ, টঘ হইতে ন্যূন। এবং ডঠঘ ত্রিভুজের মধ্যে ডঘ বাহুর দুই প্রান্ত ড ও ঘ হইতে ট বিন্দু পর্য্যন্ত ডট ঘট টানা গিয়াছে এনিমিত্তে (১। ২১) ডট ও টঘ একত্র ডঠ ও ঠঘ হইতে ন্যূন, ইহার মধ্যে ডট ডঠ সমান, সুতরাং অবশিষ্ট ঘট অবশিষ্ট ঘঠ হইতে ন্যূন। এইরূপে ইহাও উপপন্ন হইবে যে ঘঠ ঘজ হইতে ন্যূন। অতএব ঘছ সর্ব্ব লঘুতম এবং ঘট, ঘঠ হইতে, ও ঘঠ, ঘজ হইতে লঘু।

পুনশ্চ, ঘ বিন্দু হইতে ঘছ লঘুতম রেখার প্রত্যেক পার্শ্বে একটী করিয়া পরিধি পর্য্যন্ত কেবল দুই সরল রেখা পরস্পর সমান হইয়া অঙ্কিত হইতে পারে। ডঘ সরল রেখার ড বিন্দুতে ঘডখ কোণ ঘডট কোণের সমান করিয়া ঘ খ সংযুক্ত কর। টডঘ ও খডঘ দুই ত্রিভুজে টড বাহু খড বাহুর সমান, ও


the base DB. But, besides DB, no straight line can be drawn from D to the circumference, equal to DK: for, if there can, let it be DN: then because DN is equal to DK, and DK equal to DB, DB is equal to DN; that is, the line nearer to DG, the least, equal to the more remote, which has been shown to be impossible. "*If*," therefore, "*any point*," &c. Q. E. D.

Sym. Dem. $EM = AM \therefore EM + MD = AM + MD = AD$; $EM + MD > ED$ (20. 1.) $\therefore AD > ED$. Again $EM = FM$, and MD common to $\triangle$s EMD, FMD, but $\angle EMD > \angle FMD \therefore$ (24. 1.) $ED > FD$. Similarly $FD > CD$. Moreover $MK + KD > MD$ or $MG + GD$ (20. 1.) and $MK = MG \therefore KD > GD$ or $GD < KD$. Also $MK + KD < ML + LD$ (21. 1.) and $MK = ML \therefore KD < LD$. Similarly $LD < HD$.

Again $MK = MB$ and DM common to $\triangle$s KDM, BDM, and $\angle DMK = \angle DMB$ (by constr.) $\therefore KD = BD$ (4. 1.) No other line can be $= KD$; if possible let $DN = KD \therefore DN = BD$ which from the above demonstration is impossible.

PROP. IX. THEOR.

If a point be taken within a circle, from which more than two equal straight lines fall upon the circumference, that point is the centre of the circle.



Let the point D be taken within the circle ABC, from which more than two equal straight lines, viz. DA, DB, DC, fall on the circumference, the point D is the centre of the circle.

For, if not, let E be the centre, join DE, and produce it to the circumference in F, G: then FG is a diameter of the


ডঘ উভয়ের সামান্য, এবং টডঘ কোণও খডঘ কোণের সমান হওয়াতে ঘট ভূমি ঘখ ভূমির সমান (১। ৪)। আর ঘখ ভিন্ন অন্য কোন রেখা ঘ হইতে পরিধি পর্য্যন্ত ঘট সমান টানা যায় না। যদি বল টানা যায় তবে ঘঢ তৎসমান হউক, তাহাতে ঘঢ ঘট সমান, ও ঘট ঘখ সমান হওয়াতে, ঘখ ঘঢ সমান হইবে, কিন্তু পূর্ব্বে দর্শিত হইয়াছে যে ঘছ লঘুতমের নিকটতর রেখা দূরতরের সমান হইতে পারে না, সুতরাং ঘট ঘট সমান নহে। অতএব বৃত্তের বাহিরে, ইত্যাদি।

সং উ.। ঙড = কড ∴ ঙড + ঘড = কড + ঘড = কঘ। ঙড + ঘড > ঙঘ (১। ২০) ∴ কঘ > ঙঘ। অপর ঙড = চড, এবং ঘড, ঙডঘ ও চডঘ ত্রিভুজের সামান্য বাহু এবং ∠ঙডঘ > ∠চডঘ ∴ (১। ২৪) ঙঘ > চঘ। ঐ রূপে চঘ > গঘ। পুনশ্চ ডট + টঘ > ডঘ, অর্থাৎ ডছ + ছঘ (১। ২০), এবং ডট = ডছ ∴ টঘ > ছঘ অর্থাৎ ছঘ < টঘ। আর ডট + টঘ < ডঠ + ঠঘ (১। ২১), ও ডট = ডঠ ∴ টঘ < ঠঘ। ঐ রূপে ঠঘ < জঘ। পুনশ্চ ডট = ডখ এবং ঘড, টঘড ও খঘড ত্রিভুজের সামান্য বাহু ও ∠ঘডট = ∠ঘডখ (অঙ্ক পাত) ∴ টঘ = খঘ (১। ৪), অন্য কোন রেখা = টঘ নহে, যদি সাধ্য হয় তবে ঘঢ = টঘ, ∴ ঘঢ = খঘ ইহা পূর্ব্বোক্ত উপপত্তিতে অসাধ্য।

৯ প্রতিজ্ঞা—উপপাদ্য।

বৃত্তের মধ্যে কোন বিন্দু লইলে তথা হইতে যদি দুএর অধিক সরল রেখা পরিধি পর্য্যন্ত পরস্পর সমান হইয়া পড়িতে পারে তবে সেই বিন্দুই কেন্দ্র।

কখগ বৃত্তের মধ্যে ঘ বিন্দু লও, তথা হইতে দুএর অধিক রেখা অর্থাৎ ঘক, ঘখ, ঘগ, পরস্পর সমান হইয়া পরিধির উপর পড়ুক তাহাতে ঘ বিন্দু বৃত্তের কেন্দ্র হইবে।




circle ABC: And because in FG, the diameter of the circle ABC, there is taken the point D which is not the centre, DG is the greatest line from it to the circumference, and DC greater (7 3.) than DB, and DB than DA; but they are likewise equal, which is impossible: Therefore E is not the centre of the circle ABC: In like manner, it may be demonstrated, that no other point than D is the centre. Wherefore, "*if a point be taken*," &c. Q. E. D.

Sym. Dem. If D be not the centre, let it be E $\therefore$ DG $>$ DC and DC $>$ DB and BB $>$ DA (7. 3.) But DC $=$ DB $=$ DA (by Hyp.) which is impossible. $\therefore$ E is not the centre, nor any other but D.

PROP. X. THEOR.

One circle cannot cut another in more than two points.

If it be possible, let the circumference FAB cut the circumference DEF in more than two points, viz. in B, G. F; take the centre K of the circle ABC, and join KB, KG, KF: and because within the circle DEF the point K is taken, from which more than two equal straight lines, viz KB, KG, KF, fall on the circumference, DEF, the point K is (9. 3.) the centre of the circle DEF; but K is also the centre of the circle ABC; therefore the same point is the centre of two circles that cut one another, which is impossible (5. 3.) Therefore "*one circumference of a circle cannot cut another in more than two points.*" Q. E. D.




Sym. Dem. If possible, then $\because$ K is the centre of the $\odot$ ABC, BK $=$ GK $=$ KF $\therefore$ K is also the centre of the $\odot$ DEF which is impossible (5. 3.)

কেননা যদি না হয় তবে ঙ কেন্দ্র কল্পনা করিয়া ঘ ঙ সংযুক্ত কর, এবং পরিধিস্থ চ ছ পর্য্যন্ত ঘঙ বৃদ্ধি কর, তাহাতে চছ কখগ বৃত্তের ব্যাস হইবে। অপর কখগ বৃত্তের চছ ব্যাসে কেন্দ্র ভিন্ন ঘ বিন্দু লওয়াতে ঘছ তথা হইতে পরিধি পর্য্যন্ত বৃহত্তম রেখা হইবে (৩। ৭), এবং ঘগ ঘখ হইতে বৃহত্তর ও ঘখ ঘক হইতে বৃহত্তর। কিন্তু তাহাদিগকে সমান করিয়া কল্পনা করা গিয়াছে সুতরাং ইহা অসাধ্য। অতএব বৃত্তের কেন্দ্র ঙ নহে। এই রূপে ইহাও উপপন্ন হইতে পারে যে ঘ ভিন্ন অন্য কোন বিন্দু কেন্দ্র হইতে পারে না। অতএব বৃত্তের মধ্যে, ইত্যাদি।

সং উ.। যদিস্যাৎ ঘ কেন্দ্র না হয় তবে ঙ হউক ∴ ঘছ > গঘ, গঘ > খঘ, ও খঘ > কঘ (৩। ৭) কিন্তু গঘ = খঘ = কঘ (কল্পনা) ইহা অসাধ্য ∴ ঙ কেন্দ্র নহে এবং ঘ ভিন্ন অন্য কোন বিন্দুও হইতে পারেনা।

১০ প্রতিজ্ঞা—উপপাদ্য।

এক বৃত্ত অন্য বৃত্তকে দুএর অধিক বিন্দুতে ছিন্ন করিতে পারে না।



যদিস্যাৎ করিতে পারে তবে কখগ পরিধি ঘঙচ পরিধিকে দুএর অধিক খ,ছ,চ বিন্দুতে ছিন্ন করুক। কখগ বৃত্তের কেন্দ্র ট নির্ণয় কর এবং টখ, টছ, টচ রেখা টান তাহাতে ঘঙচ বৃত্তের মধ্যে ট বিন্দু হইতে দুএর অধিক সরল রেখা অর্থাৎ টখ, টছ, টচ ঘঙচ পরিধি পর্য্যন্ত পরস্পর সমান হওয়াতে (৩। ৯) ট বিন্দু ঘঙচ বৃত্তের কেন্দ্র হইবে। কিন্তু ট কখগ বৃত্তেরও কেন্দ্র সুতরাং পরস্পর ছিন্ন করে এমত দুই বৃত্তের কেন্দ্র এক হয়, ইহা অসাধ্য (৩। ৫)। অতএব এক বৃত্ত পরিধি অন্যকে দুএর অধিক বিন্দুতে ছিন্ন করিতে পারেনা।


সং উ। যদি সাধ্য হয় তবে ট কখগ ⊙ কেন্দ্র হউক ∴ খট = ছট = টচ ∴ ট ঘঙচ ⊙ কেন্দ্র, ইহা অসাধ্য (৩। ৫)।

PROP. XI. THEOR.

If two circles touch each other internally, the straight line which joins their centres being produced, will pass through the point of contact.

Let the two circles ABC, ADE, touch each other internally in the point A, and let F be the centre of the circle ABC, and G the centre of the circle ADE: the straight line which joins the centres F, G, being produced, passes through the point A.

For, if not, let it fall otherwise, if possible, as FGDH, and join AF, AG: And because AG, GF are greater (20. 1.) than FA, that is, than FH, for FA is equal to FH, being radii of the same circle; take away the common part FG, and the remainder AG is greater than the remainder GH. But AG is equal to GD, therefore, GD is greater than GH; and it is also less, which is impossible. Therefore, the straight line which joins the points F and G cannot fall otherwise than on the point A; that is, it must pass through A. Therefore, "*if two circles,*" &c. Q. E. D.



Sym. Dem. If possible, let it fall otherwise as FGDH; then AG + GF $>$ AF (20. 1), AF = FH (11. Def. 1.) ∴ AG + GF $>$ FH or HG + GF ∴ AG $>$ GH. But AG = GD ∴ GD $>$ GH which is impossible (9. Ax. 1.)


PROP. XII. THEOR.

If two circles touch each other externally, the straight line which joins their centres will pass through the point of contact.

Let the two circles ABC, ADE touch each other externally in the point A; and let F be the centre of the circle ABC, and G the centre of ADE: The straight

১১ প্রতিজ্ঞা—উপপাদ্য।

দুই বৃত্ত পরস্পর অন্তরে স্পর্শ করিলে তাহাদের কেন্দ্র সং-যোজক রেখা বৃদ্ধি পাইলে ঐ স্পর্শ চিহ্ন দিয়া যাইবে।



কখগ ও কঘঙ দুই বৃত্ত ক বিন্দুতে পরস্পর অন্তরে স্পর্শ করুক, এবং চ কখগ বৃত্তের কেন্দ্র হউক ও ছ কঘঙ বৃত্তের কেন্দ্র হউক। চ ছ দুই কেন্দ্রের সংযোজক রেখা বৃদ্ধি পাইলে ক বিন্দু দিয়া যাইবে। যদি ঐ বিন্দু দিয়া না যায় তবে তাহা অন্য প্রকারে চছঘজ ন্যায় পড়ুক। কচ কছ টান, অপর কছ ছচ একত্র চক হইতে বৃহত্তর (১।২০), সুতরাং চজ হইতেও বৃহত্তর, কেননা চক চজ উভয়ে এক বৃত্তের কর্কট রেখা হওয়াতে পরস্পর সমান। তবে সামান্য অংশ চছ বিয়োগ করিলে অবশিষ্ট কছ ছজ হইতে বৃহত্তর হইবে। অপর কছ ছঘ সমান, সুতরাং ছঘ ছজ হইতে বৃহত্তর, কিন্তু ইহা অসাধ্য কেননা ছঘ লঘুতর (১।৯ স্ব. সা.)। সুতরাং চ ও ছ দুই চিহ্ন সংযোজক সরলরেখা ক বিন্দু ভিন্ন অন্যত্র পড়িতে পারে না অর্থাৎ ইহা অবশ্য ক দিয়া যাইবে। অতএব দুই বৃত্ত, ইত্যাদি।

সং উ। যদি সাধ্য হয় তবে প্রকারান্তরে পড়ুক যথা চছঘজ। কছ + চছ ৴ কচ (১।২০), কচ = চজ (১।১১ সং) ∴ কছ + চছ ৴ চজ ∴ কছ ৴ ছজ, কিন্তু কছ = ছঘ ∴ ছঘ ৴ ছজ, ইহা অসাধ্য (১।৯ স্ব. সা.)।


১২ প্রতিজ্ঞা—উপপাদ্য।

দুই বৃত্ত পরস্পর বাহিরে স্পর্শ করিলে তাহাদের কেন্দ্র সংযোজক রেখা বৃদ্ধি পাইলে ঐ স্পর্শ চিহ্ন দিয়া যাইবে।

কখগ কঘঙ দুই বৃত্ত ক বিন্দুতে পরস্পর বাহিরে স্পর্শ করুক, এবং চ কখগ বৃত্তের ও ছ কঘঙ বৃত্তের কেন্দ্র

line which joins the points F, G, must pass through the point of contact A.

For, if not, let it pass otherwise, if possible, as FCDG, and join FA, AG: and because F is the centre of the circle ABC, AF is equal to FC: Also, because G is the centre of the circle ADE, AG is equal to GD. Therefore FA, AG are equal to FC, DG; wherefore the whole FG is greater than FA, AG; but it is also less (20. 1.), which is impossible: Therefore the straight line which joins the points F, G, cannot pass otherwise than through the point of contact A; that is, it passes through A. Therefore, "*if two circles*" &c. Q. E. D.




Sym. Dem. If possible, let it fall otherwise as FCDG. Then F being the centre of the ⊙ ABC, AF = FC. Similarly AG = GD ∴ FA + AG = FC + DG ∴ FG + CD + DG or the whole FG > FA + AG which is impossible (20. 1.)

PROP. XIII. THEOR.

One circle cannot touch another in more points than one, whether it touch it on the inside or outside.

For, if it be possible, let the circle EBF touch the circle ABC in more points than one, and first on the inside, in the points B, D; join BD, and draw (10, 11. 1.) GH, bisecting BD at right angles: Therefore, because the points B, D, are in the circumference of each of the circles, the straight line BD falls within each (2. 3.) of them; and therefore their centres are (Cor. 1. 3.) in the straight line GH, which bisects BD



হউক। চ ছ সংযোজক সরল রেখা বৃদ্ধি পাইলে স্পর্শ চিহ্ন ক দিয়া যাইবে।

যদি এ চিহ্ন দিয়া না যায় তবে চগঘছ ন্যায় অন্য প্রকারে যাউক। চক কছ টান. অপর কখগ বৃত্তের কেন্দ্র চ হওয়াতে কচ চগ সমান এবং কঘঙ বৃত্তের কেন্দ্র ছ হওয়াতে কছ ছঘ সমান, অতএব চক ও কছ, চগ ও ঘছ সহিত সমান সুতরাং সমুদয় চছ, চক ও কছ হইতে বৃহত্তর, কিন্তু (১। ২০) তাহা লঘুতর ও বটে, অতএব ইহা অসাধ্য, সুতরাং চ ছ দুই বিন্দু সংযোজক সরল রেখা স্পর্শ চিহ্ন ক দিয়া না গিয়া অন্য প্রকারে যাইতে পারে না, অর্থাৎ তাহা অবশ্য ক দিয়া যাইবে। অতএব দুই বৃত্ত, ইত্যাদি।


সং উ। যদি সাধ্য হয় তবে প্রকারান্তরে পড়ুক যথা চগ ঘছ। চ কখগ⊙ কেন্দ্র হওয়াতে কচ = চগ। ঐ রূপে কছ = ছঘ ∴ চক + কছ = চগ + ঘছ ∴ চগ + গঘ + ঘছ অর্থাৎ সমুদয় চছ > চক + কছ, ইহা অসাধ্য (১। ২০)।


১৩ প্রতিজ্ঞা উপপাদ্য।

এক বৃত্ত অন্য বৃত্তকে একের অধিক বিন্দুতে অন্তরে কিম্বা বাহিরে স্পর্শ করিতে পারে না।

যদি বল পারে, তবে ঙখচ বৃত্ত কখগ বৃত্তকে একের অধিক বিন্দুতে স্পর্শ করুক, প্রথমত যেন খ, ঘ, বিন্দুতে অন্তরে স্পর্শ করিতেছে। খ ঘ সংযুক্ত কর এবং খঘ রেখাতে লম্বভাবে দ্বিখণ্ড কারক ছজ রেখা টান (১। ১০ এবং ১১)। খ, ঘ, দুই বিন্দু প্রত্যেক বৃত্তের পরিধিতে থাকাতে খঘ সরল রেখা প্রত্যেক বৃত্তের মধ্যে পড়িতেছে (১। ২), সুতরাং তাহাদের


at right angles: Therefore GH passes through the point of contact (11. 3.); but it does not pass through it, because the points B, D are without the straight







line GH, which is absurd: Therefore, *one circle cannot touch another on the inside in more points than one.*

Nor can two circles touch one another *on the outside* in more than one point: For, if it be possible, let the circle ACK, touch the circle ABC in the points A, C, and join AC: Therefore, because the two points A, C, are in the circumference of the circle ACK, the straight line AC which joins them falls within (2. 3.) the circle ACK: And the circle AKC is without the circle ABC; and therefore the straight line AC is also without ABC; but, because the points A, C. are in the circumference of the circle ABC, the straight line AC is within (2. 3.) the same circle, which is absurd: Therefore *a circle cannot touch another on the outside in more than one point;* and it has been shown, that *a circle cannot touch another on the inside in more than one point.* Therefore, "*one circle,*" &c. Q. E. D.




কেন্দ্র সে রেখাতে আছে (৩। ১ অনু.) কেননা ছজ, খঘ রেখাকে লম্বভাবে দ্বিখণ্ড করিতেছে, অতএব ছজ স্পর্শ চিহ্ন দিয়া যাইবে (৩। ১১), কিন্তু খ, ঘ দুই বিন্দু ছজ রেখার





বাহিরে থাকাতে তাহা স্পর্শ চিহ্ন দিয়া যাইতে পারে না সুতরাং এই ব্যভিচার দোষহেতু এক বৃত্ত অন্য বৃত্তকে একের অধিক বিন্দুতে অন্তরে স্পর্শ করিতে পারে না।

